REPORT RESUMES

ED 003 869 48
ADVANCED BENGALI READER.
BY- BHATTACHARJI, SOMDEV AND OTHERS
CHICAGO UNIV.
REPORT NUMBER NDEA-VI-157 PUB DATE 63
EDRS PRICE MF-$0.63 HC-$19.12 478P.

DESCRIPTORS- *BENGALI, *LANGUAGES, *ESSAYS, LITERATURE, *LANGUAGE INSTRUCTION, *LANGUAGE GUIDES, GRADUATE STUDY, SOCIAL SCIENCES, CHICAGO, ILLINOIS

A BENGALI READER HAS BEEN PREPARED TO MEET THE NEEDS OF THE UNIVERSITY OF CHICAGO'S TEACHING PROGRAM. THE MATERIALS PRESENTED CONSTITUTE A PART OF THE TRAINING FOR ADVANCED STUDENTS IN THE LANGUAGE, AND HAVE BEEN SELECTED FROM WRITINGS IN SEVERAL BRANCHES OF SOCIAL SCIENCES. SELECTIONS ARE AIMED AT SATISFYING THE NEEDS OF STUDENTS INTERESTED IN READING THE TEXTS IN ORIGINAL BENGALI. PARTICULAR ATTENTION WAS GIVEN TO THE LEVEL OF LINGUISTIC DIFFICULTY AND THE CULTURAL VALUE OF EACH ESSAY SELECTED. ALL SELECTIONS ARE EXCERPTED FROM LONGER ESSAYS COLLECTED IN BOOKS UNDER DIFFERENT TITLES. THE TEXTS ARE PRESENTED JUST AS THEIR AUTHORS WROTE THEM. (JC)

rcd 8/9/63

U. S. DEPARTMENT OF HEALTH, EDUCATION, AND WELFARE
Office of Education
This document has been reproduced exactly as received from the person or organization originating it. Points of view or opinions stated do not necessarily represent official Office of Education position or policy.

157

ADVANCED BENGALI READER

SOMDEV BHATTACHARJI

UNIVERSITY OF CHICAGO
1963

ED003869

PREFACE

This volume is primarily a teaching text, designed to meet the needs of the teaching program in Bengali at the University of Chicago. The materials presented in it constitute a part of training of the advanced students in that language, and have been selected from writings in the various branches of social sciences to meet the needs of students interested in reading the texts in original.

The reader is designed to follow directly upon A Bengali Prose Reader for second year students, prepared by Edward C. Dimock, Jr., Somdev Bhattacharji, and others. It is not intended to be an anthology of best Bengali essays. Although an eye has been kept upon literary values and stylistic quality, attention has been primarily focused upon the level of linguistic difficulty and cultural value of the essays. Also, in selecting some of the materials, different authors' views on similar topics have been considered important. All the selections are excerpted from longer essays collected in books under different titles - the texts are presented here just as their authors wrote them. It is our hope that the learning aids, the notes and glossary, will enable the students to read the selections with greater ease and pleasure.

The glossary has been prepared by Mr. M. Ahmed, and Mrs. Arati John of the South Asian Languages Program, and for it we are most grateful to them. Our warmest thanks are also due to Mr. John Morearty and Mrs. Arati John for the preparation of the brief biographical sketches which appear before each selection. For typing the Bengali texts and English translations, we are again grateful to Mrs. Arati John, and to Mrs. Julia Martin.

Our thanks go also to the Ford Foundation, for its support of the Bengali and other South Asian studies at the University of Chicago, and to the United States Department of Health, Education and Welfare, for material assistance in the development of Bengali teaching materials at this University. Needless to say, however, neither of these agencies is responsible for any of the materials presented herein, nor for the manner of their presentation.

Sordev Bhattacharji, with others.

Suniti Kumar Chatterjee (1890-)

Suniti Kumar Chatterjee is a distinguished Indian student in linguistics and letters. He was born at Sibpur in Howrah district on November 26, 1890. After studying at Motilal Sil's Free College, the Scottish Churches College and Presidency College in Calcutta, he completed his doctoral studies at the School of Oriental Studies in London and the Ecole Francaise des Langues Vivantes Orientales. He first taught as assistant professor of English at the University of Calcutta from 1914-1919, then spent the following year in Europe as a Government of India Linguistic Scholar. He returned to Calcutta to fill the chair of Khaira Professor of Linguistics and Phonetics at the University, a post which he held from 1922 to 1951, when he was made Emeritus Professor of Comparative Philology. In that year he came to the United States as Visiting Professor at the University of Pennsylvania, after which he returned to India to hold eminent positions as a member of the Official Languages Commission, as chairman of the Gov't of India Sanskrit Commission in 1956-57, and as a member in the Sahitta Academy.

Professor Chatterjee is the author of about twenty books and a large number of articles on literary and linguistic subjects in English, Bengali and Hindi. Among his Bengali works are *jati sahitto o samskriti* (1938), *bharat samskriti* (1945), *bharoter bhasa o bhasa samasya* (1945) and *boidesiki* (1947). His English publications include *Origin and Development of the Bengali Language* (2 vol., 1926); *A Bengali Phonetic Reader* (1927); *Indo-Aryan and Hindi* (1941); *The Languages and the Linguistic Problem*; *Kirata-Jana-Kriti* (1951); and *Assam and India* (1954). In Hindi he has written *Ritambhara* (a book of essays) and *Rajasthani Bhasha*.

Professor Chatterjee has been made honorary member of the Societé Asiatique of Paris (1947), a member of the American Oriental Society (1947) and of the Oslo Academy of Sciences (1956). In 1955 the President of India added to his other distinctions by presenting him with the Padmadhusana, the Order of the Lotus.

উত্তর-ভারতের গঙ্গা-তীরের আর্য সভ্যতার গঠন এইরূপে হইল। এই সভ্যতায় আর্য অপেক্ষা অনার্যের দানই অনেক বেশি — কেবল আর্যদের ভাষা ইহার বাহন হইল। আর্য ও অনার্যের রক্তের মিশ্রণ পাঞ্জাবে আর্যদের আগমনের সময় হইতেই হইতেছিল; গঙ্গা-তীরবর্তী দেশ-সমূহে ইহা আরও অধিক পরিমাণে হইল। কোথাও বা জাতিকে জাতি দ্বিজত্বের অর্থাৎ আর্যত্বের দাবী করিয়া বসিল, এবং বহুস্থলে ক্রমে-ক্রমে সে দাবী স্বীকৃতও হইল। বাঙ্গালা দেশে আর্য-ভাষা লইয়া যখন উত্তর-ভারতের — বিহার ও হিন্দুস্থানের — লোকেরা দেখা দিল, যখন উত্তর-ভারতের মিশ্র আর্য-অনার্য জাতির সৃষ্ট ব্রাহ্মণ্য, বৌদ্ধ ও জৈন মতবাদও বাঙ্গালা দেশে আসিল, তখন উত্তর-ভারতে মোটামুটি এক সংস্কৃতি ও এক জাতি হইয়া গিয়াছে। রক্তের বিশুদ্ধি বোধ হয় তখন আর কোনও আর্যবংশীয়ের ছিল না।

মৌর্যরাজগণ কর্তৃক বঙ্গ-বিজয়ের পূর্বে, বাঙ্গালা দেশে আর্য-ভাষার ও আনুষঙ্গিক উত্তর-ভারতের গাঙ্গ-উপত্যকার

সভ্যতার বিস্তার ঘটে নাই বলিয়া অনুমান হয়। মৌর্য-বিজয় হইতে আরম্ভ করিয়া গুপ্ত-রাজবংশের রাজত্ব পর্যন্ত — খ্রীষ্ট-পূর্ব 000 হইতে খ্রীষ্টীয় 000 পর্যন্ত, এই আট শত বৎসর ধরিয়া, তাষায় বাঙ্গালা দেশের আর্যীকরণ চলিতেছিল, এই আটশ' বছর ধরিয়া বাঙ্গালার অস্ট্রি- ও দ্রাবিড়-ভাষী জনগণ নিজ অনার্য ভাষা-সমূহকে ত্যাগ করিয়া ধীরে-ধীরে আর্য-ভাষা — অর্থাৎ মগধের প্রাকৃত — গ্রহণ করে; উত্তর-ভারতের ব্রাহ্মণ্য ধর্ম ও সভ্যতা এবং তৎসঙ্গে ব্রাহ্মণ্য ঐতিহ্য — অর্থাৎ সংস্কৃত ভাষায় গ্রথিত উত্তর-ভারতের আর্য ও অনার্যের ইতিহাস ও পুরাণ — বঙ্গদেশের অধিবাসীরাও গ্রহণ করিল; বৌদ্ধ ও জৈন মতবাদ আসিল, তাহাও বাঙ্গালায় গৃহীত হইল।

এইরূপে অস্ট্রিক, দ্রাবিড় ও উত্তর-ভারতের মিশ্র আর্য — এই তিন জাতির মিলনে বাঙ্গালী জাতির সৃষ্টি হইল। উত্তর-ভারতের গাঙ্গ সভ্যতাই যেন এই নব-সৃষ্ট আর্য-ভাষী বাঙ্গালী জাতির জন্ম-নীড় হইল। রক্তে ও ভাষায় আদিম বাঙ্গালী মুখ্যতঃ অনার্য ছিল। যেটুকু

আর্য রক্ত বাঙ্গালী জাতির গঠনে আসিয়াছিল, সেটুকু আবার উত্তর-ভারতেই অনার্য মিশ্র হইয়া গিয়াছিল,। কিন্তু আর্য-ভাষার সঙ্গে সঙ্গে সৃজ্যমান বাঙ্গালী জাতি একটা নূতন মানসিক নীতি বা বিনয়-পরিপাটী; যাহাকে ইংরেজীতে discipline বলে, তাহা পাইল, বাঙ্গালীর অস্ট্রিক ও দ্রাবিড় প্রকৃতির উপরে আর্য মনের ছাপ পড়িল। ইহা তাহার পক্ষে মঙ্গলেরই কারণ হইল। আর্য মনের — ব্রাহ্মণ্যের — এই ছাপটুকু, আদিম অপরিস্ফুট বাঙ্গালীকে একটা চরিত্র বা বৈশিষ্ট্য দিল।

খ্রীষ্টীয় সপ্তম শতকের প্রথম পাদে যখন চীনা পরিব্রাজক Hiueng Tsang হিউএন-সাঙ বাঙ্গালা দেশে আসিয়াছিলেন, তাঁহার কথার ভাবে মনে হয় যে, তখন সমস্ত বাঙ্গালা দেশটা আর্য-ভাষী হইয়া গিয়াছিল। তারপরে ৭৪০ খ্রীষ্টাব্দের দিকে বরেন্দ্র-ভূমিতে পাল-রাজ-বংশের প্রতিষ্ঠা হইল, নব-সৃষ্ট বাঙ্গালী জাতি নবীন এক গৌরবময় জীবনে প্রবেশ-লাভ করিল। প্রথমটায় বঙ্গ-দেশের পণ্ডিতেরা সমগ্র ভারতবর্ষের সাহিত্যের ভাষা সংস্কৃতেরই চর্চায় তৎপর হইলেন। তাহার পরে তাঁহারা দেশ-ভাষার দিকে দৃষ্টি দিলেন। পাল-রাজগণের

রাজ্যের প্রতিষ্ঠার দুই শতকের মধ্যেই মাগধী-প্রাকৃত এবং বঙ্গদেশে প্রচলিত মাগধী প্রাকৃতের অপভ্রংশ হইতে একটু বিশিষ্ট মূর্তি ধারণ করিয়া, বাঙ্গালা ভাষা, একটী স্বতন্ত্র ভাষা হইয়া দাঁড়াইল; এবং খ্রীষ্টীয় দশম শতকের মধ্য-ভাগ হইতে বৌদ্ধ গুরুদের হাতে এই স্বতন্ত্র ভাষায়, অর্থাৎ প্রাচীন বাঙ্গালায়, সাহিত্য-সৃষ্টি — গান-রচনা — হইতে লাগিল।

আমাদের বাঙ্গালী জাতির ও বাঙ্গালা ভাষা এবং সাহিত্যের উৎপত্তির ইতিহাসের কাঠামো বা মূল-কথা এই-রূপ বলিয়াই আমার ধারণা। আর্য-ভাষী বাঙ্গালী জাতির গঠনের সঙ্গে সঙ্গে যখন বাঙ্গালীর সংস্কৃতির সূত্রপাত হয়, তখন কেহ বাঙ্গালীর নিজস্ব অনার্য সংস্কৃতির দিকে দৃষ্টি-পাত করে নাই, তখন যে ছাঁচে বাঙ্গালীর মন, বাঙ্গালীর সমাজ, বাঙ্গালীর ঐতিহ্য — রীতি-নীতি শিল্প-সাহিত্য সবই ঢালা হইয়াছিল, তাহা ছিল উত্তর-ভারতের বা নিখিল ভারতের সর্ব-জয়ী হিন্দু (অর্থাৎ ব্রাহ্মণ্য-বৌদ্ধ-জৈন) মন, — ব্রাহ্মণ্য-বৌদ্ধ-জৈন সমাজ, ঐতিহ্য, রীতি-নীতি শিল্প ও সাহিত্য। যে ছাঁচে সৃজ্যমান বাঙ্গালী

জাতিকে ঢালা হইল, মোটের উপর সেই ছাঁচ এখনও বাঙ্গালী সমাজে বিদ্যমান। উপস্থিত কালে, অর্থনৈতিক ও মানসিক নানা বিপর্যয় এবং বিপ্লবের আগমনে, আমরা স্বেচ্ছায় ও অনিচ্ছায় আমাদের সমাজকে ভাঙ্গিয়া-চুরিয়া আবার এক নূতন ছাঁচে ঢালিতে যাইতেছি।

পাল-যুগে নূতন-সৃষ্ট বাঙ্গালী জাতির মনের সুর, তাহার আর্য-ভাষার তারকে অবলম্বন করিয়া, উত্তর-ভারতের মনের সঙ্গে যে ভাবে বাঁধা হইয়া গিয়াছে, মোটের উপর সে সুরটী এখনও প্রবল ভাবে বিদ্যমান। এই একই সুরে নানান্ ঝঙ্কার শুনা গিয়াছে; কখনও বৌদ্ধ; কখনও ব্রাহ্মণ্য; ব্রাহ্মণ্যের মধ্যে কখনও বৈদিক (বৈদিকের ঝঙ্কার বাঙ্গালা দেশের সুরে চিরকালই অতি ক্ষীণ ভাবে শুনা গিয়াছে); কখনও শৈব, কখনও শাক্ত, কখনও বৈষ্ণব; এবং কখনও মুসলমান সূফী। ব্রাহ্মণ্য ও বৌদ্ধ তন্ত্রও এই ঝঙ্কারের অন্যতম।

পাল ও সেন রাজাদের আমলে বাঙ্গালী সংস্কৃতির ভিত্তি স্থাপিত হইল, ইহার মূল সুর বাঁধা হইল।

তারপর তুর্কী আক্রমণ ও বিজয়ের ঝড় বহিয়া গেল । মনে হইল, বুঝি সে ঝড়ের মুখে বঙ্গ-বীণার বাঁধা তার ছিঁড়িয়া যাইবে, — প্রাচীন ও মধ্য যুগের ভারতের ভিত্তির উপর প্রতিষ্ঠিত বাঙ্গালী জাতীয়তার সৌধ ভাঙ্গিয়া পড়িবে ।। তখন বাঙ্গালীর মধ্যে প্রান্তিক বা প্রাদেশিক জাতীয়তার বোধ হয় নাই — তখনকার দিনের বাঙ্গালীর সাহিত্যিক গৌরব ছিল না, বাঙ্গালী নিজেকে এক অখণ্ড ভারতেরই প্রত্যন্ত- বা প্রদেশ-বাসী বলিয়া মনে করিত । যে ঝড় কাবুল হইতে বিহার পর্যন্ত সমস্ত হিন্দুস্থানে বহিয়া গিয়াছিল, বাঙ্গালী তাহার প্রতিরোধ করিতে পারিল না । তাহাকে বৈতসী বৃত্তি অবলম্বন করিতে হইল । কিন্তু এই বৈতসী বৃত্তির মধ্যেই তার জীবনী শক্তি অটুট রহিল । মুষ্টিমেয় তুর্কী বিজেতা ও তাহাদের পারসীক, পাঠান, পাঞ্জাবী-মুসলমান অনুচর যাহারা বাঙ্গালায় রহিয়া গেল, তাহারা বাঙ্গালার হিন্দুর সাহায্যেই দিল্লী হইতে স্বাধীন এক মুসলমান-শাসিত রাজ্য স্থাপন করিল । তুর্কী ও অন্য বিদেশী বিজেতৃগণ দুই-চারি পুরুষের মধ্যেই বাঙ্গালী বনিয়া গেল । তখনও উর্দু ভাষার উদ্ভব হয় নাই । উত্তর-

ভারতের সঙ্গে তুর্কী-বিজয়ের পূর্বে বাঙ্গালার যে ঘনিষ্ঠ যোগ ছিল, সে যোগ তুর্কী-বিজয়ের পরে যথেষ্ট ক্ষুণ্ণ হইয়া গিয়াছিল। বাঙ্গালায় উপনিবিষ্ট বিদেশী মুসলমানদের বাঙ্গালী স্ত্রী গ্রহণ করিতে হইত; তাহাদের সন্তানেরা ভাষায় বাঙ্গালীই হইত।

প্রথম সঙ্ঘাতের পরে, বাঙ্গালায় উপনিবিষ্ট বিদেশী ও বিদেশী-মিশ্র মুসলমান এবং দেশের হিন্দু বাঙ্গালী জন-সাধারণের মধ্যে একটা সংস্কৃতি-বিষয়ক সহযোগিতা আরম্ভ হইল। মুসলমান সূফী, দরবেশ, ফকীর ও গাজী ধর্ম-প্রচারের জন্য উত্তর-ভারত হইতে এবং ক্বচিৎ ভারতের বাহির হইতেও বাঙ্গালায় আসিতে লাগিলেন। ইঁহাদের মধ্যে বিভিন্ন প্রকৃতির লোক ছিলেন। ধর্মোন্মত্ততার ফলে হিন্দুদের অনেককে বল-পূর্বক মুসলমান করিয়া দেওয়া যে হয় নাই, তাহা নহে; তবে পীর, ফকীর, দরবেশ, আউলিয়া প্রভৃতিদের প্রচার এবং কেরামতীর ফলে, মুখ্যতঃ ব্রাহ্মণ্যের প্রতি বিদ্বেষ-পরায়ণ বৌদ্ধ ও অন্যান্য মতের বাঙ্গালী, মুসলমান ধর্ম গ্রহণ করে। বাঙ্গালা দেশে যে মতের মোহম্মদীয় ধর্ম প্রচারিত হইয়াছিল, তাহা খাঁটী

শরিয়তী অর্থাৎ কোরান-অনুসারী ইসলাম নহে। শরিয়তী মত, অন্য কোনও ধর্মের সঙ্গে সহযোগ করিতে প্রস্তুত নহে; বাঙ্গালা দেশে ইসলামের সূফী মতই বেশী প্রসার লাভ করে। সূফী মতের ইসলামের সহিত বাঙ্গালার সংস্কৃতির মূল স্বরটুকুর কোনও বিরোধ হয় নাই। সূফী মতের ইসলাম সহজেই বাঙ্গালায় প্রচলিত যোগ-মার্গ ও অন্যান্য আধ্যাত্মিক সাধন-মার্গের সঙ্গে একটা আপস করিয়া লইতে সমর্থ হইয়াছিল; মধ্য-যুগে তুর্কী-বিজয়ের পর হইতে, যে ইসলাম বাঙ্গালায় আসিয়াছিল, তাহা নিজেকে বাঙ্গালীর পক্ষে সহজ-গ্রাহ্য করিয়া লইয়াছিল। বাঙ্গালা দেশে প্রচলিত ইসলাম ধর্ম বাস্তবিকই "মজমু'অ অল্-বহরৈন" অর্থাৎ 'দুইটী সাগরের সম্মিলন' হইয়া দাঁড়াইয়াছিল। আমার ভূত-পূর্ব ছাত্র ডক্টর শ্রীযুক্ত মোহম্মদ এনামুল হক বঙ্গদেশে ইসলাম-প্রচার বিষয়ে যে মূল্যবান্ গবেষণা করিয়াছেন, তাহা পুস্তকাকারে প্রকাশিত হইলে আমরা বাঙ্গালী জাতির সংস্কৃতির একটা প্রধান দিকের ইতিহাসের উপর লক্ষণীয় আলোক-পাত দেখিতে পাইব।

(শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়-এর জাতি, সংস্কৃতি ও সাহিত্য হইতে গৃহীত)

Notes

আর্য সভ্যতার পত্তন এইরূপে হইল ।	the inauguration of Aryan civilization was thus made (or accomplished or came about)
অনেক বেশী	far greater
রক্তের মিশ্রণ .....হইতেছিল	(Lit.) the mixture of blood was taking place i.e., intermarriage was in practice
আরও অধিক পরিমাণে	to a *far* greater extent; আর means more, আরও therefore means much more. আরও also has different meanings in combination with other words, i.e., আর কোন "any other".
জাতিকে জাতি	race after race Note: similar phrases: হাতীকে হাতী elephant after elephant; ——king after king.— রাজাকে রাজা ।
দ্বিজত্ব	the status of the Brahman Note: দ্বিজ literally means one who is twice-born. The Brahman is said to be born a second time when he takes the sacred thread. ত্ব is a suffix denoting quality, condition, present, state, etc.

আর্যত্ব	the status of the Aryan
ক্রমে ক্রমে	gradually
স্বীকৃতও হইল	was even accepted Note: স্বীকৃত হওয়া to be accepted (passive); the active form is স্বীকার করা ও ও - a suffix to denote emphasis
আর্য – অনার্য জাতির সৃষ্ট	created by the Aryan and Non-Aryan races Note: সৃষ্ট is adjectival form of সৃষ্টি creation
ব্রাহ্মণ্য মতবাদ	Brahmanism, the great learned and ritual tradition
বৌদ্ধ মতবাদ	Buddhism বুদ্ধ - Buddha বৌদ্ধ - Buddhist
জৈন মতবাদ	Jainism
মোটামুটি	on the whole
হইয়া গিয়াছে	have become Note: হইয়া যাওয়া - to become. But the same form has a different usage, e.g. সে এখানে হইয়া গিয়াছে - meaning He stopped by here.

আর কোনও আর্যবংশীয়ের ছিল না	No one of the Aryans had
মৌর্যরাজগণ	the Mauryas, Kings of Magadha
আনুষঙ্গিক	associated; the word is derived from অনুষঙ্গ "association, connection".
বিস্তার ঘটে নাই	did not spread (lit., spread did not occur)
বলিয়া অনুমান হয়	it appears that
গুপ্ত – রাজবংশ	the Guptas, a dynasty of Magadha
এই আটশত বৎসর ধরিয়া	for these eight hundred years
ধীরে ধীরে	slowly
প্রাকৃত	Prakrit (language)
জন্ম – নীড়	cradle জন্ম - birth নীড় - nest
অনার্য মিশ্র হইয়া গিয়াছিল	was mixed with non-Aryan blood
সৃজ্যমান	evolving; (lit.) one who is being created
বিনয় পরিপাটি	discipline; (lit.) বিনয় = humility; in its extended sense, it may mean "education" পরিপাটি "dexterity", in an

	extended sense, "discipline"
হিউ - এন - সাঙ	Hiuen Tsang, the Chinese traveller who came to India during the reign of Harshabardhan. His account gives a good picture of India during 629-645 A.D.
বরেন্দ্র ভূমি	North Bengal, now part of E. Pakistan. The boundary is as follows: Kochbihar in the North, River Padma in the South, River Karatoa and Chalan Bil in the East, and Mithila in the West.
পাল - রাজবংশ	The Pala dynasty, which ruled Bengal (8th - 12th centuries)
কথার ভাবে	from the tone of (his) description
সঙ্গে সঙ্গে	along with
মূলকথা এইরূপে বলিয়াই আমার ধারণা	it is my impression that the outline is thus Note: বলিয়াই has no lexical meaning; it is not to be confused with বলিয়াই "saying" or "because". This use of বলিয়াই occurs with এমন, সেইরূপ etc.
ছাপ পড়িল	imprint was made
উৎপত্তির ইতিহাসের কাঠামো	the outline of the history of the origin

প্রথম পাদে	in the first decade
প্রবেশ লাভ করিল	(lit.) got entry; entered
সাহিত্য সৃষ্টি .. হইতে লাগিল	(lit.) literature began to be created
কেহ দৃষ্টিপাত করে নাই	no one took into consideration; no one paid any attention Note: কেহ - someone, anyone. দৃষ্টিপাত করা - to look at, i.e. to pay attention.
ঢালা হইয়াছিল	was cast
ভাঙ্গিয়াচুরিয়া	(lit.) breaking into small pieces; overhauling the complete set-up
যে ভাবে	the way
যে ছাঁচে	the image in which
এই একই সুরে	in this same tune
সূত্রপাত হয়	(lit.) began; (lit.) originated; started to take shape
সুফী	Sufi; Islamic mystic
পুরাণ	Purana, a type of religious text, a major source of popular Hinduism
শৈব	worshipper of শিব, Śiva

বৈদিক	Vedic, derivative adjective from বেদ
বৈষ্ণব	Vaishnava, adjective derived from the name of the god বিষ্ণু
শাক্ত	worshipper of শক্তি
সেন রাজা	the Sena kings of Bengal
সে ঝড়ের সম্মুখে	in the face of the tempest
ঝড় বহিয়া গেল	a series of (Turkish attacks and conquests) followed; (lit.) the storm swept over the place
বাঁধা হইয়া গিয়াছে	has been tied
ধর্ম-প্রচারের জন্য	for the sake of religious preaching
ধর্মোন্মত্ততার	of religious fanaticism
যে ঘনিষ্ঠ যোগ	the close relation
স্ত্রী গ্রহণ করিতে হইত	(lit.) had to take a wife; had to marry
উপনিবিষ্ট	(lit.) who has been made to settle: settlers (an adjective derived from উপনিবেশ "settlement").

দরবেশ	Darvish Note: Persian loan word, meaning literally, "for whom something is kept hanging at the door". But the extended meaning is one who has renounced his material properties, depends on others' gifts for living, and devotes his time to religious meditation.
গাজী	a Muslim hero who has dedicated his life to religious (Islamic) causes. Original word is Arabic.
আউলিয়া	saint Note: original word is Arabic. This is plural form of the word wali, meaning one who has been blessed with spiritual power and knowledge.
ফকীর	religious ascetic Note: original word is Arabic. It means one who has no or little material possessions.
কেরামতী	performance of miracles Note: the word is derived from original Arabic word keremat, which means divine power. It is sometimes used to mean tricks, etc.

মোহম্মদীয় ধর্ম	the religion preached by Hazrat Muhammad, i.e. Islam
শরিয়তী	according to Sharia Note: the word is derived from the Arabic word shariat which literally means way, but here, the rules of conduct as laid down in the holy Quran and Sunnali (i.e. the tradition laid down by the prophet). Sharia is the all-embracing legal system of the Muslims.
মজমু'অ – উল – বহরেণ	(lit.) the confluence of two seas; the phrase is Persian.
কোনও বিরোধ হয় নাই	there was no conflict
সহজ – গ্রাহ্য করিয়া লইয়াছিল	made easily acceptable; i.e. modified (itself) to be easily acceptable
সূফীমতের ইসলাম	Islam as preached and practiced by Sufis
বেশী প্রসার লাভ করে	were spread more (than any other type); got the maximum acceptance

পল্লী হইতে দক্ষিণে যেখানে গোদাবরী নদী সমুদ্রের সঙ্গে মিশিয়াছে, সেইখান পর্যন্ত নুলিয়াদের বাস। ওড়িয়া ভাষায় ইহাদের নুলিয়া বলিলেও ইহাদের প্রকৃত নাম ভিন্ন। ইহাদের মধ্যে একটি জাতির নাম ভাডা-বালিজি, অপরের নাম জালারি। আরও দক্ষিণে বেকল নুলিয়ার মত জাতি বাস করে তাহাদের নাম কালিঙ্গী। ভাডা-বালিজি এবং জালারিগণের মধ্যে ভাডা-বালিজিগণই অপেক্ষাকৃত ধনী। জালারিগণ অপেক্ষাকৃত দরিদ্র ও কৃশকায়। ভাডা-বালিজিগণ সমুদ্রে জাহাজের কাজ করিত, এখন দেশী জাহাজের ব্যবসা উঠিয়া গিয়াছে বলিয়া তাহারা অপরের মত মাছ ধরে এবং তাহাদের মেয়েরা শহরে মজুরের কাজ করে। ভাডা-বালিজিদের জাতির মধ্যে সর্বপ্রধান ব্যক্তি হইলেন মান্দাসার রাজা মাইলিপিলি নারায়ণ স্বামী। তিনিও ভাডা-বালিজি জাতির লোক, এবং তাঁহাকে মধ্যে মধ্যে সমস্ত প্রধান ভাডা-বালিজি গ্রামে গিয়া গ্রামের কয়েক বৎসরের জমা ঝগড়া-বিবাদ অথবা সামাজিক গণ্ডগোল মিটাইয়া আসিতে

হয়। ওমাডা – বালিজিদের পক্ষে মান্দাসার রাজাই সুপ্রীম কোর্ট বলা যাইতে পারে, তাঁহার উপরে আর আপীল নাই।

ওমাডা – বালিজি অথবা নুলিয়াদের বসতির মধ্যে গঞ্জাম জেলায় গোপালপুরের মত পুরীও একটি প্রধান জায়গা। এখানে প্রায় পাঁচশ' ঘর নুলিয়ার বাস; তাহা ছাড়া জালারি নুলিয়াও কিছু আছে। নুলিয়াদের মধ্যে একটি বংশের বিশেষ আদর আছে। তাহাদের নাম অক্কু। এই বংশের লোকের নাম এইরূপ হয় — অক্ক কলাম্মা, অক্কু রামাইয়া ইত্যাদি। নুলিয়াদের গ্রামে অক্ক পলাম্মা প্রধান দেবী। সেই দেবী নাকি অক্ক– বংশে জন্ম – গ্রহণ করিয়াছিলেন, সেইজন্য অক্কবংশের পুরীতে এত সম্মান আছে।

পুরীর নুলিয়া – বস্তির শাসনভার গ্রামের একজন অগ্রণীর হাতে আছে। তাঁহাকে 'উর – পেডা' বলা হয়। তাঁহার একজন কার্যাধ্যক্ষ বা 'কারিজি' আছে এবং তদুপরি একজন চাপরাসীও আছে, তাহার নাম 'সাম্মুটোডু'। অক্কুবংশের লোকেরা একটি বিশেষ পরিবার হইতে উর – পেডাকে নির্বাচন করেন। নির্বাচন সিদ্ধ হইলে উর – পেডা মান্দাসার

রাজার নিকট হইতে একটি সম্মতিপত্র পান । অক্কবংশের লোকেরা যদি কোন উর – পেডা নির্বাচন করিতে না পারে, তাহা হইলে গ্রামের জনসাধারণ নির্বাচনের সে ভার গ্রহণ করিয়া থাকে । উর – পেডা যদি নিজের কাজ ঠিকমত না করেন, তাহা হইলে গ্রামের লোক তাঁহাকে সরাইয়া সেই পদে নূতন লোক বাহাল করিতে পারে ; তবে নূতন লোকটি উর – পেডা বংশের লোক হওয়া চাই । এবার পল্লীতে হইয়াছিলও তাই । শেষে মান্দাসার রাজা পল্লীতে আসিলে তাঁহার কাছে অনেক কাকুতি – মিনতি করিয়া সাধারণের কাছে ক্ষমা চাহিবার পর তবে পুরাতন উর – পেডাকে স্বপদে প্রতিষ্ঠিত করা হইয়াছিল ।

উর – পেডার কাজ আগে হয়ত অনেক বেশি ছিল । কিন্তু অনেকাংশে এখন দণ্ডের ভার গভর্ণমেন্টের হাতে চলিয়া যাওয়ায় তাহার কাজ অনেক কমিয়া গিয়াছে । বিবাহ, সামাজিক ক্রিয়াকর্ম, যথা গ্রাম – দেবতার পূজা প্রভৃতিতে যোগ দেওয়াই এখন তাহার প্রধান কাজ হইয়া দাঁড়াইয়াছে । উর – পেডা, কারিজি এবং সাম্মুটোডুর কাজ আজীবন থাকে । তাহারা মারা গেলে লোকে পুনরায়

তাহাদের পদে লোক নির্বাচন করিয়া দেয় ।

নুলিয়াদের গ্রামে যে পাঁচ শত ঘরের কথা বলা হইয়াছে গ্রামের সাধারণ কাজে তাহাদের একত্র হইতে দেখা গেলেও বিবাহ সম্পর্কে এই পাঁচশ ঘরের মধ্যে একটি বিচিত্র ভাব দেখা যায় । নুলিয়াদের বাড়ীগুলি ছোট । সচরাচর তাহাতে দু – তিনটি ঘর থাকে । একটি ঘরে স্বামীস্ত্রী এবং ছোট ছেলেমেয়েরা শোয় , অপরটিতে সংসারের কাজকর্ম এবং রান্নাবান্না হয় । আর একটি অন্ধকার কুটুরীর মধ্যে দেবতা ও পূর্বপুরুষদের বেদী থাকে এবং তাহা ছাড়া জাল ও অন্যান্য আবশ্যক জিনিসপত্রও রাখা হয় । বড়ছেলেরা বাড়ীর বাহিরে বারান্দায় শুইয়া থাকে । একটু বড় হইলেই মেয়েদের বিবাহ হইয়া যায় , তাহারা স্বতন্ত্র ঘর করিয়া থাকে । বাপ মারা গেলে সকল ভাই বাড়ীতে অধিকার পায় বটে , কিন্তু বাড়ী এত ছোট যে , তাহাকে ত ভাগ করা চলে না । তখন বড় ভাই সেই বাড়ী অধিকার করিয়া অন্য ভাইদের অন্যত্র বাড়ী তৈয়ারী করিয়া দেয় বা যথাসাধ্য তাহার জন্য খরচ যোগাইয়া থাকে ।

যাহা হউক , গ্রামের মধ্যে বিভিন্ন ভাগের কথা

বলিতেছিলাম । পল্লীর নুলিয়া-বস্তিটি সামাজিক ক্রিয়া-কর্মের জন্য তেরটি ভাগে বিভক্ত । এই সকল বিভাগকে বিরিসি বলে । বিরিসির নিয়ম হইল যে বিরিসির মধ্যে যে-কোন ঘরে যদি একটি বিবাহ হয় তাহা হইলে বিরিসির সকলকে সেই বাড়ীতে খাটিয়া দিতে হয় । বিরিসির অধিবাসিগণ যেন একান্নবর্তী পরিবার । বিবাহের কয়দিন বিবাহ-বাড়ীতেই তাহারা খায়দায়, কাজ করে এবং আনন্দ করে ।

নুলিয়াদের মধ্যে বিবাহ সচরাচর অল্প বয়সে হয় । বরের বয়স সতর-আঠার এবং এবং কনের বার-তের ; ইহাই সাধারণ নিয়ম । তবে কদাচিৎ পাঁচ-ছয় বৎসরের ছেলের সহিত তিন-চার বৎসরের মেয়ের বিবাহ হয় । অপর পক্ষে বরের আঠার-উনিশ এবং কনের পনর-ষোলর বেশী বয়স বাড়িতে দেওয়া হয় না ।

বরের পিতাই প্রথমে কথা পাড়েন । যদি কন্যাপক্ষ রাজি হয় তখন বাগ্‌দানের অনুষ্ঠান হয় । সেই দিন কয়েকজন ভদ্রলোককে লইয়া বরের পিতা কনেকে গহনা পরাইতে যান । কনের বাড়ীতে সকলে বসিলে কনের বাপ

তাহাকে জিজ্ঞাসা করেন যে, সে বিবাহে রাজি আছে কিনা। মেয়ে যতই ছোট হউক না কেন, তাহার অনুমতি না লইয়া বাগ্‌দান কিছুতেই নিষ্পন্ন হইতে পারে না। যদি সে রাজি না হয়, তাহা হইলে কনের পিতা বরপক্ষের কাছে মাপ চান, আর একদিন আসিতে বলেন, এবং ইতিমধ্যে কনেকে যথাসাধ্য বুঝাইয়া রাজি করাইবার চেষ্টা করেন। ইহা নুলিয়া সমাজের একটি বিশিষ্ট লক্ষণ। স্ত্রীলোকদের আসন আমাদের সমাজের চেয়ে সেখানে আরও উচ্চে, সেইজন্য স্ত্রীলোকের অনুমতি বিনা বিবাহ নিষ্পন্ন হয় না। যদি অনুমতি ব্যতিক্রম করিয়া কোন পিতা বিবাহ দেন তাহা হইলেও শেষে সে বিবাহ ভাঙিয়া যাইতে পারে, এমনও দেখা গিয়াছে। কিন্তু সে কথা পরে হইবে।

যাহা হউক কন্যা রাজি হইলে সমবেত ভদ্রলোকদের সম্মুখে বরের পিতা তাহাকে সম্পূর্ণ দানের গহনা পরাইয়া দেন, এবং কনের মা সমবেত ভদ্রলোকদের হাত-পা জল দিয়া ধুইয়া দেন। ইহাই হইল বাগ্‌দানের পর্ব। বরকর্তা তখন সমবেত ভদ্রলোকদের তিন টাকা করিয়া ও কন্যাকর্তা

দুই টাকা করিয়া প্রণামী দেন । তাহার পর বরকর্তা মেয়ে লওয়ার খেসারৎ-স্বরূপ কন্যাকর্তাকে নয় টাকা দিয়া থাকেন । বাড়ীর একজন কাজের লোক চলিয়া যাইতেছে , ইহারই খেসারৎ নয় টাকা ; সে টাকাকে কন্যাবিক্রয়ের মূল্য বলিয়া ধরিবার কোন কারণ নাই ।

বাগ্‌দানের পর নায়েক অর্থাৎ জ্যোতিষির সাহায্যে তিথি , লগ্ন ইত্যাদি ঠিক করিয়া বিবাহের দিন ধার্য করা হয় । বিবাহের তিন দিন বরের বাড়ীতে বিরিসির সমস্ত লোক এবং ঊর-পেডা কারিজি ও সাম্মুটোডুর পাত পড়ে । বিবাহ বরের বাড়ীতে হয় , কনের বাড়ীতে হয় না । কনের বাড়ীতে তাহার বিরিসির লোকের জন্য পাত মাত্র একদিন পড়ে , তাহার বেশি নয় ।

যে-রাত্রে বিবাহের কাজ আরম্ভ হয় সেদিন ঊর-পেডা বরের কব্জিতে একটি হলুদ ও একটি পান সুতা দিয়া বাঁধিয়া দেন । তাহার পরদিন তত্ত্ব সঙ্গে করিয়া বিরিসির একটি মেয়ে হলুদ বাটা , হলুদে কাপড় , তিলের তেল , কুঙ্কুম , নারিকেল , দর্পণ প্রভৃতি লইয়া সাম্মুটোডু বা গ্রামের চাপরাসীকে সঙ্গে লইয়া কনেকে বাপের বাড়ী

হইতে আনিতে যায় । কন্যা শ্বশুরবাড়ির কুঙ্কুম ও কাপড় পরিয়া , গায়ে হলুদ মাখিয়া বরের বাড়ীতে পৌঁছায় । বাড়ী হইতে আসিবার সময়ে সে আঁচলে কিছু চাল এবং একটি আস্ত নারিকেল লইয়া আসে । এই অবস্থায় সে বরের বাড়ী পৌঁছিয়া সম্মুখের দরজা দিয়া না ঢুকিয়া খিড়কি দরজা দিয়া প্রবেশ করে ।

এইবার বরকন্যার কামান এবং স্নানের জন্য মেয়েরা দূরে কোন পুষ্করিণী বা কুয়া হইতে জল আনিতে যায় । জল আসিলে বর ও কনেকে নারিকেলপাতায় ছাওয়া শামিয়ানার তলায় পিঁড়িতে বসাইয়া নাপিত নখ কাটিয়া স্নান করাইয়া দেয় । বর ও কনের বিরিসির মেয়েরা উভয়ের গায়ে তেল , হলুদ এবং বিরি কলাই বাটা মাখাইয়া তাহাদের স্নান করাইয়া দেয় । বরকনের সম্মুখে ধান ও উদুখল রাখা হয় এবং ভবিষ্যতে কনেকে যে ধান ভানিয়া সংসার চালাইতে হইবে এখানে তাহারই ইঙ্গিত করা হয় ।

ইহার পর ব্রাহ্মণ আসে । নুলিয়াদের কাজেকর্মে শুধু এইখানেই ব্রাহ্মণকে দেখা যায় । মৃত্যুর পর তাহাদের

মধ্যে বৈষ্ণব আসে, ব্রাহ্মণ আসে না। কিন্তু ব্রাহ্মণ না হইলে বিবাহ নিষ্পন্ন হয় না। ব্রাহ্মণ বর কনেকে পাশাপাশি বসাইয়া একবার বরের হাত কনের হাতের উপর রাখিয়া মন্ত্র পড়ে, আবার কনের হাত বরের হাতের উপরে রাখিয়া মন্ত্র পড়ে। তাহার পর উর-পেড়া অর্থাৎ গ্রামের অগ্রণী বরের মাথায় একটি পাগড়ি বাঁধিয়া দেয় এবং ব্রাহ্মণ বর এবং কনে দুজনের গলায় দুইটি পৈতা পরাইয়া দেয়। বোধ হয় এইভাবে কিছুক্ষণের জন্য বর-কনেকে ব্রাহ্মণ্য ধর্মে অভিষিক্ত করা হয়।

পৈতার পর ব্রাহ্মণ কুশ দিয়া উভয়ের সাত বাঁধিয়া দেয়। সঙ্কল্প ও পূজাদির পর বরের কাপড় ছাড়াইয়া ঘোড়ায় চড়াইয়া উভয়কে একবার গ্রামের মধ্যে ঘুরাইয়া আনা হয়। কনে সামনে বসে, বর পিছনে। কিন্তু কনে বড় হইলে সচরাচর বরের সঙ্গে হাঁটিয়া যায়। উভয়ে ঘুরিয়া আসিলে নারিকেলমণ্ডপে উভয়কে বসাইয়া গাঁটছড়া বাঁধা হয়। গাঁঠছড়ার মধ্যে দুইটি সুপারি ও দুইটি পয়সা থাকে। তাহার পর বর ও কনে উভয়ে চাল লইয়া পরস্পরের মাথার উপরে তাহা ছড়াইয়া দেয়।

এইবার বরকনে দেখিবার পালা । উভয় পক্ষের বন্ধু-বান্ধব বরকনের মুখ দর্শন করিয়া কেহ এক টাকা , কেহ দুই টাকা , কেহ বা দশ টাকা দিয়া আশীর্বাদ করিয়া যায় । ইহাতে এত টাকা জমে যে , আগাগোড়া বিবাহের খরচ ইহা হইতেই উঠিয়া যায় । কিন্তু সমাজের নিয়ম অনুসারে কে কত দিল তাহার সঠিক হিসাব রাখিতে হয় । তাহার পর তাহার বাড়ীতে আবার বিবাহের সময় ঠিক তত টাকা দিয়া আশীর্বাদ করিয়া আসিতে হয় । এইভাবে একজন লোক হয়ত দশ বাড়ীতে দশ বৎসরের মধ্যে একশত টাকা দিয়াছে । তাহার সুবিধা হইল , সে আবার নিজের বাড়ীর কাজের সময়ে সেই টাকা এবং হয়ত কিছু বেশী টাকা ফেরৎ পায় । লৌকিকতার এই প্রথাটি কতকটা বিবাহ ইনসিওরেন্সের মত ব্যাপার । ইহার ফলে বিবাহের খরচটা নুলিয়াদের কোনদিন গায়ে লাগে না । কেবল দানের গহনাপত্রের খরচটা বরপক্ষকে অন্য ভাবে যোগাইতে হয় ।

যাহা হউক , বিবাহের পরদিন খুব ঘটা করিয়া বরকনেকে শহর ঘুরান হয় । ফিরিয়া আসিলে বরের ছোট

–তাই দাদার ও বৌদির পথ আগলাইয়া দাঁড়ায়। সে নানারকম আপত্তি করে, ঠাট্টা করে, শেষে দাদার কাছে বিবাহ দেওয়াইবার প্রতিজ্ঞা পাইলে তবে দ্বার ছাড়িয়া দেয়। ঘরে ঢুকিয়া বরকনেকে একটি ঘড়ার মধ্য হইতে সোনার ও রূপার আংটি খুঁজিতে দেওয়া হয়। যে সোনারটি পাইবে, তাহার বরাত ভাল, এবং যে রূপার পাইবে তাহার অপেক্ষাকৃত মন্দ বলিয়া নুলিয়াদের বিশ্বাস।

বিবাহের তিনদিন বাদ দিয়া একটি ভাল যোগলগ্ন দেখিয়া বর শ্বশুরবাড়ীতে যায় এবং সেখানে তাহার স্ত্রীকে রাখিয়া চলিয়া আসে। কিছুকাল পরে তাহার স্ত্রীর দ্বিতীয় বিবাহের সংস্কার হইলে তবে সে তাহাকে আনিয়া সংসার করে।

ইহাই হইল নুলিয়াদের বিবাহের সাধারণ নিয়ম। কিন্তু বিধবা অথবা ত্যক্তা স্ত্রীর সহিত যখন বিবাহ হয়, তখন এত ঘটা কোনদিনই করা হয় না। তখন শুধু কয়েকজন ভদ্রলোককে সঙ্গে করিয়া কুঙ্কুম, বস্ত্রাদি লইয়া বরকর্তা কন্যাকে তাহার পিত্রালয় হইতে লইয়া আসেন, তাহাতেই বিবাহ সিদ্ধ হয়।

নুলিয়াদের মধ্যে বিবাহবিচ্ছেদ আছে। বিচ্ছেদের জন্য খ্রীষ্টান আইনের মত কোনও দোষ দেখাইবার প্রয়োজন হয় না। পরস্পরের মনের মিল নাই, এমন কারণেও বিবাহবিচ্ছেদ ঘটিতে পারে। কিন্তু কোন পক্ষ বিচ্ছেদ চাহিলে পঞ্চায়েৎ ডাকিয়া পঞ্চায়েতের ফি পনর টাকা দিতে হয়, এবং যে পক্ষ বিচ্ছেদ চায় তাহাকে আরও পঞ্চাশ টাকা অপর পক্ষকে খেসারৎ স্বরূপ দান করিতে হয়। কিন্তু যদি পঞ্চায়েতের বিবেচনায় বিচ্ছেদের যথেষ্ট কারণ থাকে, তাহা হইলে কোনও টাকা না-ও লওয়া যাইতে পারে। ধরা যাউক, স্ত্রী স্বামীর মারধর সহিতে না পারিয়া বিচ্ছেদ চাহিতেছে। তখন হয়ত তাহার সমস্ত জরিমানা মাপ করা হয়। এমন কি তাহার পয়সা না থাকিলে পঞ্চায়েতী পাওনা পনর টাকা পর্যন্ত মকুব করিয়া দেওয়া হয়।

যে সকল ক্ষেত্রে জরিমানা হয়, সেখানেও এককালীন টাকা দিতে হইবে এমন কোনও কথা নাই। অনেক ক্ষেত্রে কিস্তিবন্দীতে টাকা দিবার ব্যবস্থা হইয়া থাকে। এই সকল সুবিধা থাকার জন্য পুরীর নুলিয়া-বস্তীতে প্রতি

বৎসর চার – পাঁচটি করিয়া বিবাহবিচ্ছেদ দেখিতে পাওয়া যায় । তাহার ফলে তাহাদের বিবাহিত জীবন যে অসুখী তাহা বলা চলে না । বরং তাহারা মোটের উপর বর্ণ – হিন্দুদের চেয়ে সুখে সংসার করে বলিয়া আমাদের বিশ্বাস ।

নুলিয়াদের মধ্যে বিধবা – বিবাহও প্রচলিত আছে । বিধবা স্বাধীন – ভাবে বিবাহ করিতে পারে , কিন্তু ক্ষেত্রে স্বামীর পুত্রকন্যা ছাড়িয়া তাহাকে চলিয়া যাইতে হয় এবং যাইবার সময়ে সে পিতৃগৃহ হইতে যে গহনা আনিয়াছিল , শুধু তাহাই লইয়া যাইতে পারে । পুত্র স্বামীর , স্ত্রীর নহে । এই জন্য স্বামী বর্তমানে যদি কোনও স্ত্রীলোক বিবাহবিচ্ছেদ ঘটায় তাহা হইলে তাহাকেও পুত্রকন্যা ছাড়িয়া চলিয়া যাইতে হয় । তবে শিশু থাকিলে সে তাহাকে সঙ্গে লইয়া যায় , এবং যতদিন না শিশু বড় হয় , তত – দিন নিজের কাছে রাখিতে পারে । বড় হইলে তাহাকে পূর্বস্বামীর গৃহে পাঠাইয়া দিতে হয় এবং তখন সে পুত্রের পিতার নিকট এতদিনের ভরণ – পোষণের ন্যায্য মূল্য গ্রহণ করিয়া থাকে ।

বিবাহবিচ্ছেদ ঘটিলে বা বিধবা অন্যত্র বিবাহ করিলে তাহার স্বামীর সম্পত্তির উপর সকল অধিকার চলিয়া যায়। বিধবা কিন্তু ইচ্ছা করিলে দেবরের সহিত স্ত্রীরূপে বাস করিতে পারে। এরূপ বিবাহ সমাজে সিদ্ধ হইলেও তাহার যে খুব প্রচলন আছে তাহা মনে হয় না। দেবরের বিধবা ভ্রাতৃবধূর উপর কোনও দাবি নাই। অপরে তাহাকে বিবাহ করিতে চাহিলে দেবর যে কিছু খেসারৎ পাইবে এমন কোনও নিয়ম নাই। যাহা হউক, এরূপ বিবাহ যে নুলিয়াসমাজে প্রচলিত আছে, ইহা দেখানই আমাদের উদ্দেশ্য।

বিধবাবিবাহের মত বহুবিবাহের নিয়মও নুলিয়াসমাজে বর্তমান আছে। প্রথম স্ত্রীর সন্তান না হইলে আইনত নুলিয়ারা দ্বিতীয় স্ত্রী গ্রহণ করিতে পারে বটে, কিন্তু তৃতীয় স্ত্রী গ্রহণ করিতে পারে না। তখন একজনের সঙ্গে বিবাহবিচ্ছেদ ঘটাইয়া তবে সে অপর স্ত্রী গ্রহণ করিতে পারে। এক সঙ্গে দুই জনের বেশী স্ত্রী থাকিতে পারে না, কিন্তু তাহাও বাস্তবক্ষেত্রে খুব বিরল বলা যাইতে পারে। কেবল একটি ক্ষেত্রে পল্লীতে এইরূপ বিবাহ হইয়াছিল, তাহারই কথা বলিতেছি। তাহা হইতে নুলিয়াসমাজের

আভ্যন্তরীণ অবস্থার অনেকটা পরিচয় পাওয়া যাইবে।

ঘটনাটি বেশী দিনের নয় এবং তাহার নায়কেরা সকলেই আমার সুপরিচিত। সেইজন্য প্রকৃত নাম গোপন রাখিয়া ঘটনাটি বিবৃত করিতেছি। পলাম্মা নাম্নী কোনও একটি বালিকা রামাইয়া নামক এক ব্যক্তিকে বিবাহ করিবার জন্য উদগ্রীব হইয়া উঠে। রামাইয়ার বিবাহ পূর্বেই হইয়া গিয়াছিল এবং সে স্ত্রী লইয়া সুখেই সংসারযাত্রা নির্বাহ করিতেছিল। উভয় পরিবারের কর্তাদের মধ্যে কিন্তু সদ্ভাব ছিল না, এমন কি যথেষ্ট মনোমালিন্য ছিল বলা যাইতে পারে। পলাম্মা সুন্দরী এবং ধনীর সন্তান, সুতরাং তাহার পাত্রের অভাব হয় নাই। কিন্তু সেই যে সে রামাইয়াকে বিবাহ করিবে বলিয়া ধরিয়া বসিল, তাহাকে আর কিছুতেই টলান গেল না। তাহার পিতা তাহাকে অনেক করিয়া বুঝাইলেন, অনেক তন্ত্রমন্ত্র করিলেন, শেষে মারধরও করিলেন, কিন্তু কিছুতেই ফল হইল না।

অবশেষে তিনি ক্রুদ্ধ হইয়া কন্যার অসম্মতি সত্ত্বেও তাহার অন্যত্র বিবাহ দিলেন। কিন্তু পলাম্মা কিছুতেই স্বামীর বাড়ী যাইত না। অবশেষে পঞ্চায়েৎ সে-বিবাহ

ভাঙ্গিয়া দিতে বাধ্য হইল, পলাম্মার পিতা বরপক্ষকে যাবতীয় দানের সামগ্রী ফিরাইয়া দিলেন।

এদিকে পলাম্মা যাহাতে রামাইয়ার সঙ্গে দেখা করিতে না পারে, তাহার জন্য তিনি সতত চেষ্টা করিতে লাগিলেন। তাহাকে অন্য গ্রামে পাঠাইয়া দিলেন, কিন্তু সে রহিল না। তখন তিনি রাত্রে, বিশেষ করিয়া আমোদ–উৎসবের রাত্রে, বাড়ীর চারিদিকে লাঠি লইয়া পাহারা দিতেন। এমনি ভাবে কিছুদিন গেল। কিন্তু পলাম্মা রামাইয়ার বাড়ীতে খবর পাঠাইল যে, যদি তাহার বিবাহ দেওয়া না হয় তবে সে জোর করিয়া সেখানে গিয়া বাস করিতে আরম্ভ করিবে, তাহাতে লোকে যাই বলুক না কেন। গ্রামের লোক অবশেষে রামাইয়ার পিতার দ্বারা বিবাহের প্রস্তাব পাঠাইল। পলাম্মার পিতা ত প্রস্তাব শুনিলেনই না, উপরন্তু ভদ্রলোকদের অপমান করিয়া তাড়াইয়া দিলেন।

ইহাতেও কিছু হইল না। ইতিমধ্যে রামাইয়ার শ্বশুর স্বীয় কন্যার দুঃখের দিন আসিতেছে ভাবিয়া তাহাকে নিজের কাছে লইয়া গেলেন, আর পাঠাইলেন না।

রামাইয়া বহু চেষ্টা সত্ত্বেও স্ত্রীকে আনিতে না পারিয়া শেষে একদিন সবান্ধবে শ্বশুরের বাড়ী পৌঁছিল । শ্বশুর তাহার নির্দোষিতা শুনিয়াও কিছুতেই কন্যাকে পাঠাইতে স্বীকৃত হইলেন না । উপরন্তু পঞ্চায়েৎ ডাকিয়া বিবাহ-বিচ্ছেদের প্রস্তাব করিলেন ।

রামাইয়ারও ইচ্ছা নাই, তাহার স্ত্রীরও সম্পূর্ণ আপত্তি, অবু কিন্তু শেষ পর্যন্ত পুরো টাকা দিয়া অনেক করিয়া রামাইয়ার মুখ দিয়া বাহির করা হইল যে সে বিবাহ ভাঙিয়া দিতে প্রস্তুত আছে । বিবাহ ভাঙিয়া গেল, রামাইয়া যথেষ্ট টাকা পাইল, কিন্তু সে-সকল কিছু না লইয়া তাহার স্ত্রীকে দান করিয়া চলিয়া গেল । পল্লী যাইতেছে বলিয়া গেল, কিন্তু শেষে তাহার এক বন্ধুর পরামর্শে পার্শ্ববর্তী গ্রামে গিয়া কয়েকদিন বাস করিল । সেইখানে থাকিতে থাকিতে অবশেষে একদিন তাহার স্ত্রীর সহিত গোপনে চরের সাহায্যে ষড়যন্ত্র করিল । তাহার স্ত্রী পিতামাতার কাছে শান্তশিষ্ট ভাবে কয়েকদিন থাকিয়া একদিন ভিন্ন গ্রামে হাটে যাইবার অনুমতি চাহিল । হাটে অবশ্য গেল, কিন্তু হাট হইতে সে স্বামীর সহিত পলায়ন

করিল এবং তাহার পর হইতে আর পিত্রালয়ের দিকে যায় নাই ।

রামাইয়ার স্ত্রী পলাম্মার প্রেমের কথা সবই জানিত, কিন্তু তাহাতেও তাহাকে বিচলিত করিতে পারে নাই । এদিকে পলাম্মার জিদ ক্রমশ বাড়িয়া যাইতে লাগিল । শেষে বাস্তবিকই যখন একদিন সে রামাইয়ার বাড়ী আসিয়া বাসা বাঁধিবে এমন ভয় দেখাইল, এবং গ্রামের লোকজনও তাঁহাকে ধরাধরি করিতে লাগিল, তখন বাধ্য হইয়া তাহার পিতা বিবাহে স্বীকৃত হইলেন । রামাইয়ার পিতা লোকজন পাঠাইয়া নূতন স্ত্রীকে গ্রহণ করিলেন এবং সেই অবধি উভয়ে একত্র বাস করিতেছে । যতদূর জানি উভয়ের মধ্যে কোন কলহ নাই এবং উভয়ে সুখে একত্র বসবাস করিতেছে ।

এরূপ ঘটনা নুলিয়াসমাজে বিরল হইলেও উহা হইতে সে সমাজে নারীর স্থান অনেকাংশে বুঝা যায় । পিতা-মাতার যেমন জোর করিয়া বিবাহ দিবার অধিকার আছে, নারীরও তেমনই সে অধিকার ভাঙিবার ক্ষমতা আছে । সমাজের মর্যাদা রক্ষার দিকে পিতামাতার যেমন দৃষ্টি আছে, সামাজিক ঠাট বজায় রাখিবার জন্য তাহাদের যেমন

চেষ্টা আছে, মানুষকে সুখী করিবার, তাহার স্বাধীনতাকে স্বীকার করিবারও তেমনি একটা ইচ্ছা সমাজের দিকেও বর্তমান রহিয়াছে। ইহাতে নারীকে যেমন মর্যাদা দিয়াছে, তেমনই তাহার চরিত্রকে স্বাভাবিক ভাবে নষ্ট হইবার আরও সুযোগ দিয়াছে।

ইহার সাক্ষাৎ কারণ আবিষ্কার করা বোধ হয় খুব কঠিন নয়। নুলিয়ারা মাছ ধরিয়া যাহা রোজগার করে তাহা মদ খাইতে, সখের জিনিসপত্র কিনিতে ও মহাজনের পাওনা মিটাইতে খরচ হইয়া যায়। বাস্তবিক সংসার চালায় মেয়েরা। তাহারা মজুরি করে, ইট বহিয়া, বালি বহিয়া ঘরে পয়সা আনে এবং সেই পয়সায় সংসারের খরচপত্র চলে। অন্নের জন্য তাহারা স্বামীর উপর নির্ভর করে না। এরূপ ক্ষেত্রে তাহাদের স্বাধীনতা সমাজেও যে স্বীকৃত হইবে ইহাতে বিচিত্র কি?

(শ্রীনির্মলকুমার বসু-র 'নবীন ও প্রাচীন' হইতে
এই অংশটি গৃহীত)

Notes

যেখানে গোদাবরী নদী সমুদ্রের সঙ্গে মিশিয়াছে	where River Godavari flows into the sea; (lit.) where River Godavari disappears (or comes together) into the sea.
ওড়িয়া ভাষা	Oria language, spoken in Orissa, a province in Eastern India
জাহাজের কাজ করিত	used to work in the ships; (lit.) used to do work of the ships
ব্যবসায় উঠিয়া গিয়াছে বলিয়া	As the business has been wound up বলিয়া - as (this is not to be confused with the verb bol-); উঠিয়া যাওয়া - to rise, to go away.
গন্ডগোল মিটাইতে আসিতে হয়	has to come to settle the disputes Note: গন্ডগোল - uproar, quarrel; গন্ডগোল মিটানো - to settle disputes. The verb আসিতে হয় has a sense of compulsion.
বস্তি	slum Note: it is derived from the word বস - to dwell, and literally means where one can live. But it now indicates the poorer section of a town or city.
অগ্রণী	one who is advanced Note: In the text it is used to mean one who is advanced in age, i.e. elderly person.

কার্য্যাধ্যক্ষ	one who is in charge of some work
চাপরাসী	orderly, peon Note: the word is derived from Persian word চাপরাস meaning a kind of badge to indicate one's work. During the British rule the orderly used to wear a brass badge
নির্বাচন সিদ্ধ হইলে	when the election is completed Note: হইলে is conditional; according to context it is translated of or when. সিদ্ধ হওয়া has various shades of meaning, e.g. ভাত সি হইলে - when the rice is properly boiled.
নূতন লোকটি উরপেডার বংশের লোক হওয়া চাই	the new person has to be from the 'Urpeda' family. Note: চাই here does not mean চাওয়া - to want.
কাকুতি মিনতি	supplication Note: কাকুতি and মিনতি separately mean the same thing. They are used together in order to intensify the meaning.
ক্রিয়াকর্ম্ম	work Note: compounds of words of the same meaning are used in the distributive sense and also to denote multitude or variety.

গভর্ণমেন্টের হাতে চলিয়া যাওয়ায়	as [it] has gone into the hands of the government, [it] has been taken over by the government
একটি বিচিত্রভাব দেখা যায়	one observes peculiar conduct Note: দেখা যায় - it is observed, one observes ভাব - conduct বিচিত্র - peculiar
কাজকর্ম	work Note: a compounding of two words of the same meaning denotes variety or multiplicity
রান্নাবান্না	cooking and such work Note: রান্না - cooking বান্না - work associated with cooking. The second element of the compound does not exist in free form. Such usage in Bengali is common, e.g. কাজটাজ "work and such things". The second part invariably rhymes with the first.
কুটুরী	a small room
বারান্দায় শুইয়া থাকে	[they] usually sleep [lie] in the verandah
খাটিয়া দিতে হয়	[they] have to work Note: infinitive plus verb denotes compulsion.

একান্নবর্তী পরিবার	joint family; in Indian social system, all members of the family. Grandparents, paternal uncles, aunts and their children, father, mother, brothers and sisters all live together. They combine their resources and spend according to needs. The oldest male member is the patriarch.
খায়দায়	[they] eat and drink; eat and other such things Note: খায় is the 3rd person present indefinite form of the verb খাওয়া - to eat. The reduplication implies that they also engage in activities connected with or similar to eating, e.g. smoking, chewing betel leaf, etc.
বয়স বাড়িতে দেওয়া হয় না	they are not allowed to grow older; (lit.) age is not allowed to increase
প্রথমে কথা পাড়েন	[he] first raises the topic কথা পাড়া - to raise a topic Note: পাড়া - (lit.) to pluck, to spread on the ground কথা - (lit.) words
প্রণামী	money offered as a token of respect
কনের বাড়ীতে তাহার বিরিসির লোকের জন্য ভাত মাত্র একদিন পড়ে	For only a day the people of her 'Birisi' eat at the bride's home. ভাত পড়া - to get a meal Note: the idiom refers to the

	fact that people used to spread a leaf to receive the food.
মন পড়ে	recite from the holy scripture
কাপড় ছাড়াইয়া	changing the clothes
বন্ধুবান্ধব	friends and relations Note: the reduplication implies "those who are like friends"
গাঁটছড়া বাঁধা	the edge of the sari of the bride and that of 'dhoti' of the groom are tied together as a symbol of their togetherness in future life
বরকনে দেখিবার পালা	the turn to see the bride and the groom Note: After the marriage ceremony, the bride and the groom sit on a mat. Friends and relations come to see them together and wish them well.
আগাগোড়া	from top to bottom, from the beginning to the end Note: আগা - top, beginning গোড়া - bottom, end This idiom is the compact form of আগা হইতে গোড়া পর্য্যন্ত
খরচ উঠিয়া যায়	expenses are covered

খরচটা নুলিয়াদের কোনদিন গায়ে লাগে না	the Nulias never feel the expenses Note: গায়ে লাগা here means to feel. The same phrase may have different meanings, e.g. জামাটা তাহার গায়ে লাগে – the shirt fits him; পড়ে গিয়ে তার গায়ে লেগেছে - falling down he hurt himself, etc.
মনের মিল	mental compatibility
বরাত	luck (a loan word from Arabic)
এমন কোন নিয়ম নাই	there is no such rule
যতদিন না শিশু বড় হয়	till the child grows up
একসঙ্গে দুইজনের বেশী স্ত্রী থাকিতে পারে না	there cannot be more than two wives at the same time
উদ্গ্রীব হইয়া উঠে	became eager
সেই যে সে রামাইয়াকে বিবাহ করিবে বলিয়া ধরিয়া বসিল, তাহাকে আর টলানো গেল না	she became insistent on marrying Ramaiya, she could not be made to change her mind. Note: ধরিয়া বসা - to insist, to become insistent টলানো - to make one change a decision
রামাইয়ার মুখ দিয়া বাহির হইল	Ramaiya was made to say
তাঁহাকে ধরাধরি করিতে লাগিল	began to press on him, began to plead to him

বাসা বাঁধা	to make a house, i.e. to live in a house
ঠাট বজায় রাখা	to maintain dignity
সংসার চালায়	runs the household
বিচিত্র কি ?	(lit.) what wonder is there?, i.e. there is no wonder

ভারতবর্ষে যাহারা গ্রামের মধ্যে বসবাস করিত, তাহাদের প্রয়োজন – সিদ্ধির জন্য উপরোক্ত উপায়ে ভারতবর্ষের সর্বত্র বংশপরম্পরায় চাকুরিয়া বা শিল্পীদের বাঁধিয়া রাখিবার নানাবিধ ব্যবস্থা করা হইয়াছিল। কিন্তু এমন কিছু কিছু জিনিস আছে যাহা নিত্যপ্রয়োজন হয় না, অথচ যাহার জন্য বিশিষ্ট কারিগরগণকে গ্রামে বাঁধিয়াও রাখা যায় না। ধরুন, পিতল কাঁসার বাসনের কাজ। তাহা তো নিত্য খরিদ বা মেরামতের দরকার নাই; আর ছোটখাটো গ্রামের পক্ষে একজন করিয়া কাঁসারি পোষাও সম্ভব নয়। এমন অবস্থায় দুই তিন প্রকার ব্যবস্থা হইতে পারে। পশ্চিম বাঙলায় বিভিন্ন জেলার কাঁসারিগণ গ্রামে গ্রামে ঘুরিয়া ভাঙা বাসনপত্র মেরামত করিয়া দেয়, অথবা একেবারে অচল হইলে ফোগুনির বদলে বাকি দাম লইয়া গৃহস্থকে নূতন বাসন বিক্রয় করে। কোন কোন ক্ষেত্রে কাঁসারি এক গ্রামে কিছুদিনের জন্য থাকিয়া যায়, এমন কি পুরানো বাসন গলাইয়া হয়তো পিতলের ধান মাপিবার জন্য কুনকের মত জিনিস ঢালাই

করিয়াও দেয় । কিন্তু ইহা অপেক্ষা ভাল আর একটি খরিদ – বিক্রির ব্যবস্থা ভারতের সর্বত্র আজও প্রচলিত রহিয়াছে ।

চাষীর দেশে সকল সময়ে ক্ষেতে তারি কাজ থাকে না । যে সময়ে ফসল কাটা শেষ হইয়া যায়, শস্য বিক্রয়ের পর চাষীর হাতে কিছু পয়সা আসে, সেই সময়ে ভিন্ন ভিন্ন গ্রামে মেলা বসে । ভারতবর্ষের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত নানা জায়গায় কোনও ঠাকুর দেবতার পূজা – পার্বণ উপলক্ষে মেলা বসার রীতি প্রচলিত আছে । কোথাও বা দুই নদীর সঙ্গমস্থলে কোনও পুণ্য দিবসে স্নানের জন্য বহু মানুষের সমাগম হয় । এই সকল মেলার মধ্যে, সকল মেলায় না হইলেও অন্তত অনেক মেলাতে, বিস্তর কেনাবেচার কাজ হয় । বিশেষ বিশেষ মেলায় বিশেষ বিশেষ জিনিস খরিদ – বিক্রয়ের প্রথা প্রাচীন – কাল হইতে চলিয়া আসিতেছে, তাহার ফলে গৃহস্থ বুঝিয়া সুঝিয়া নিজের প্রয়োজনীয় দ্রব্য মেলা হইতে সংগ্রহ করিয়া আনে । সারা বৎসর কাজের পর সে যে কেবল মেলায় একটু আনন্দ উৎসব করিতেই যায় তাহা নহে, সঙ্গে সঙ্গে বৈষয়িক ব্যাপারও কিছু সারিয়া আসে ।

বরিশাল জেলার মধ্যে বাউফল থানার অন্তর্গত কালিশুঁড়ির মেলায় শুধু যে জেলার লোকই সমবেত হয় তাহা নহে, পার্শ্ববর্তী খুলনা, যশোহর প্রভৃতি জেলা হইতেও বহু লোক আসে। মেলায় ঘোড়া গোরু মহিষ বহু আমদানি হয়; তা' ছাড়া ছোট বড় নানা আকারের প্রায় দশ হাজার নৌকা বিক্রয়ের জন্য আমদানি হয়। এইসকল নৌকার কারিগর ঢাকা জেলার সুতার; তাহারা এক একজন দুই শ পর্যন্ত নৌকা এক সঙ্গে বাঁধিয়া জলপথে লইয়া আসে। সারা বৎসর তাহারা এই মেলায় বিক্রয়ের জন্য নৌকা নির্মাণ করে, এবং কালিশুঁড়ির মেলায় আসিয়া বহু জেলার নিকটে তাহা বিক্রয় করিয়া থাকে। তেমনই দিনাজপুর জেলায় নেকমর্দের মেলায় ও ঠাকুরগাঁয় ওপারে আমগঞ্জে কালির মেলায় বহু ঘোড়া কুকুর হাতী দুম্বা গোরুবাছুর এবং উট বিক্রয়ের জন্য আসিয়া থাকে। এত বড় মেলায় ঢাকা, ময়মনসিংহ, ধুবড়ি প্রভৃতি জেলা হইতেও অসংখ্য খরিদ্দার আসিয়া উপস্থিত হয়।

হিমালয়ের মধ্যে আলমোড়া জেলায় সরযূ ও গোমতী

নদীর সঙ্গমস্থলে বাগেশ্বর মহাদেবের মন্দির । সেখানে প্রতি বৎসর মকর-সংক্রান্তি উপলক্ষে স্নানের জন্য প্রায় বিশ হাজার লোকের সমাগম হয় । কুমায়ুনী ও ভোটিয়া ভিন্ন যুক্তপ্রদেশের সমতলখন্ডের বহু লোকও সেখানে উপস্থিত হয় । পাহাড়ী ভোটিয়াগণ সারা বৎসর নিজের ক্ষুদ্র ক্ষুদ্র গ্রামে বসিয়া যে সকল কম্বল, শাল, গালচে প্রভৃতি তৈয়ারি করে তাহা বাগেশ্বরের মেলায় বেচিতে আসে । তাহাদের দেশে পাহাড়ের গায়ে ঘাস জন্মায় বলিয়া ভেড়া ছাগল এবং পাহাড়ী ঘোড়া পোষার সুবিধা হয় । এই-সকল ঘোড়া পাহাড়ী পথে মাল লইয়া যাওয়া-আসার পক্ষে খুব উপযোগী ; বাগেশ্বরের মেলায় তাই পাহাড়ী জন্তুজানোয়ারের বিক্রয়ও যথেষ্ট হয় । ভোটিয়াগণ কম্বল এবং ভেড়া ছাগল ভিন্ন তিব্বত হইতে সংগ্রহ করা কস্তুরী, নানাবিধ জন্তুর চামড়া, সোরা, মোম, তিব্বতী ঔষধপত্র বিক্রয়ের জন্য লইয়া আসে, এমন কি, তাহাদের নিকট বাসন ও তিব্বতী কাঠের কাজও কিনিতে পাওয়া যায় । দানপুর অঞ্চলের লোকে বাগেশ্বরের মেলায় নানাবিধ ঝুড়ি বাক্স, পেঁটরা ছাড়া চামড়া, লোহা, তামা ও মাটির

বাসন লইয়া আসে । এদিকে আলমোড়া জেলার ব্যবসায়িগণ আবার পাহাড়ীদের কাছে বিক্রয় করিবার জন্য নিম্নলিখিত জিনিসপত্র আমদানি করে : সুতী কাপড়, ছাতা, তৈল, নুন, চিনি, গুড়, শস্য, সাবান, আরসি, বোতাম, রুমাল, ঘড়ি, বাঁশি, তালা চাবি, তাস, রবার বা কাঁচকড়ার খেলনা, টিন ও এলুমিনিয়মের বাসন, টর্চ ইত্যাদি । পাহাড়ী স্ত্রীপুরুষ নিজেদের জিনিস বেচিয়া যে পয়সা রোজগার করে, তাহার অনেক অংশ এইসকল মনোহারী জিনিসের পিছনে নষ্ট করিয়া ফেলে ।

বাগেশ্বরের মেলা পাহাড় অঞ্চলে হয় বলিয়া তাহাতে মাত্র দশ বিশ হাজার লোক ধরে, কিন্তু ভারতের [illegible] বিভিন্ন অঞ্চলে এরূপ মেলায় ইহা অপেক্ষা বেশি লোক বহু জায়গায় সমবেত হয় । এইরূপ কয়েকটি মেলার সংক্ষিপ্ত পরিচয় দেওয়া যাইতেছে । রাজপুতানায় আজমীর হইতে সাত মাইল দূরে পুষ্কর তীর্থে শীতের প্রথমাংশে সমগ্র রাজপুতানা হইতে সে সময়ে খরিদ্দার সমবেত হয় । মহীশূর রাজ্যে কোলার জেলায় অবনী নামে এক গ্রামে ফাল্গুন মাসে রামলিঙ্গেশ্বর মন্দিরের মেলা প্রায় দশদিন ব্যাপিয়া

চলিতে থাকে ; সেখানে অন্তত বিশ হাজার গোরুবাছুর বিক্রয় হয় । মধ্যপ্রদেশে অমরাবতী জেলায় বদনেরার নিকটে কুন্ডেনপুরের মেলা শীতকালে প্রায় এক মাস ধরিয়া থাকে এবং সেখানে অন্তত ষাট হাজার লোকের সমাগম হয় । সেখানে সব রকম জিনিসের কেনাবেচা হয় । বদনেরা হইতে ছয় মাইল দূরে ভিট কে গ্রামে ও ত্রিশ মাইল দূরে উম্বংগনুয়াডাতে যে মেলা বসে সেখানেও কুন্ডেন-পুরের মত প্রধানত গোরু-বাছুর ছাড়া, লোহার সরঞ্জাম, গোরুর গাড়ি, পিতল কাঁসার বাসন, ছেলেদের খেলনা বিক্রয় হয় । আগ্রা হইতে বিশ ক্রোশ দূরে যমুনার ধারে বটেশ্বর মহাদেবের মেলা কার্তিক মাসের মাঝামাঝি আরম্ভ হইয়া প্রায় মাসখানেক থাকে, সেখানে অনুমান এক লক্ষ লোকের সমাগম হয় । মেলায় অসংখ্য ঘোড়া, উট, গোরু-বাছুর, মহিষ, হাতী, গোরুর গাড়ি বিক্রয়ের জন্য আসে । দিল্লীর কিছু উত্তর-পশ্চিমে ভদওয়ানা নামক স্থানে যে মেলা বসে তাহা হরিয়ানা জাতের গোরুবাছুর বিক্রয়ের জন্য প্রসিদ্ধ । পঞ্জাবে রোহ্‌তাক জেলায় ঐরূপ একটি মেলায় অন্তত পঞ্চাশ হাজার গোরুবাছুর বিক্রয় হয় ।

যুক্তপ্রদেশে বদাউন জেলায় কাকোরা গ্রামে কার্তিক মাসে যে মেলা বসে তাহাতে অন্তত চার পাঁচ লক্ষ লোক আসিয়া উপস্থিত হয়। মেলায় ঘরের আসবাবপত্র, বাসন-কোসন, জুতা, কাপড়চোপড় অপর্যাপ্ত পরিমাণে বিক্রয় হয়; প্রত্যেক জিনিসের জন্য মেলায় ভিন্ন ভিন্ন স্থান নির্দিষ্ট আছে। মাদ্রাজে গন্টুর জেলায় কোটাপ্পাকোন্ডা পর্বতে মাঘ মাসের মেলায় প্রায় ষাট হাজার লোক আসে। নিকটে থাল্লামালাই পর্বত; এবং মেলায় পাহাড়ী অঞ্চল হইতে বাঁশ, কাঠের গুঁড়ি অসংখ্য পরিমাণে বিক্রয়ের জন্য আমদানি হয়। যুক্তপ্রদেশে লখনৌ এবং ফৈজাবাদের মধ্যে রুদাউলিতে জোহ্‌রা বিবির দরগাতে জৈষ্ঠ মাসের মেলায় অন্তত ষাট হাজার লোক আসে এবং সেখানে কাপড়চোপড় ছাড়া নানাবিধ শস্যের যথেষ্ট বিক্রয় হয়।

তীর্থস্থান

মেলায় যখন বহুলোকের সমাগম হয় তখন তাহা একটি ক্ষুদ্র শহরে পরিণত হয়। কিন্তু শহর হইলেও ইহা অস্থায়ী। এইরূপ মেলার কেন্দ্র অনেক দিন ধরিয়া ব্যবসা-

বাণিজ্য চলিতে থাকিলে তাহা ক্রমে স্থায়ী শহরে পরিণত হয়। ভারতবর্ষের সকল প্রদেশে অসংখ্য তীর্থস্থান আছে। হিন্দুধর্মের মধ্যে বৈষ্ণব, শৈব, শাক্ত প্রভৃতি প্রতি সম্প্রদায়ের যেমন বিশেষ বিশেষ তীর্থ আছে, মুসলমানদের তীর্থের সংখ্যাও তেমনই কম নয়। বৈষ্ণবদের দ্বাদশ মহাতীর্থ, শাক্তগণের একান্ন পীঠস্থান, প্রাচীনকালে সৌর সম্প্রদায়ের সাতটি বিখ্যাত ক্ষেত্র ছিল। এবং এইসকল তীর্থের বিশেষত্ব হইল, এগুলি ভারতবর্ষের কোনো একটি বিশেষ প্রান্তে সীমাবদ্ধ নয়, সকল প্রদেশে ছড়াইয়া আছে। কেহ যদি চার ধাম দর্শন করিতে চায় তবে তাহাকে উত্তরে বদরিকাশ্রমের নিকটে যোশীমঠ, পূর্বে শ্রীক্ষেত্র, পশ্চিমে গুজরাটে সারদাপীঠ এবং দক্ষিণে মহীশূরে কাডুর জেলায় শৃঙ্গেরী মঠে যাইতে হইবে।

আর প্রায় সকল তীর্থেরই বিশেষত্ব হইল যে, সেখানে তীর্থযাত্রী ধনীই হউক অথবা দরিদ্রই হউক, তাহাকে কিছু-না-কিছু সংগ্রহ করিয়া আনিতে হয়। পুরী বা শ্রীক্ষেত্রে তীর্থযাত্রীরা জগন্নাথের পট, নরম পাথরের উপর খোদাই করা জগন্নাথ বলরাম সুভদ্রার মূর্তি, কাঁসার বাসন, দক্ষিণী

শাড়ি প্রভৃতি খরিদ করে। কাশীতে পাথরের কাজ, দামী রেশমের কাপড়, কাঠের খেলনা, পিতল-কাঁসার বাসন ইত্যাদি পাওয়া যায়। বৃন্দাবনে ছাপাকাপড়, বাসনপত্র সংগ্রহ করা যাইতে পারে। শুধু যে অবস্থাবিশেষে তীর্থযাত্রীগণ জিনিসপত্র খরিদ করে তাহা নয়, তীর্থকৃত্য হিসাবেও এ বিষয়ে কতকগুলি বিধি আছে। গরিব হিন্দুস্থানি যাত্রীরা পুরী তীর্থে আসিয়া দু চার পয়সায় লাল রং-করা বেতের ছড়ি লইয়া যায়; আবার, সেই বেতের ছড়ি বৃন্দাবনে যমুনার ধারে একটি মন্দিরে জমা দিয়া থাকে। যেসকল যাত্রী বদরিকাশ্রমে যায় তাহারাও সেখানকার মন্দিরের পতাকার ছিন্ন অংশ সংগ্রহ করিয়া বৃন্দাবনের ঐ মন্দিরেই জমা দেয়। অর্থাৎ তীর্থযাত্রা সম্পূর্ণ করিতে হইলে ভারতের নানা স্থান হইতে কিছু কিছু সংগ্রহ করিয়া আনিতে হয়। ভারতের বিভিন্ন প্রদেশের সঙ্গে যেমন পরিচয় ঘটে, তেমনই সেসকল স্থানে নানাবিধ ছোট-বড় শিল্প যাত্রীদের আশীর্বাদে বাঁচিয়া যায়।

প্রায় প্রতি তীর্থই এইরূপে কোন-না-কোন বিশেষ শিল্পের জন্য খ্যাতি অর্জন করিয়াছে। গ্রামে বসিয়া শিল্পী

যত খরিদ্দার পায়, তাহা কখনও সংখ্যায় বেশি হইতে পারে না। কিন্তু তীর্থাশ্রয়ী শিল্পী বা কারিগরের খরিদ্দার সারা ভারতবর্ষ ব্যাপিয়া ছড়াইয়া থাকে। আর তীর্থস্থানে বারো মাসে তের পার্বণ তো লাগিয়াই আছে; ফলে মেলায় বিক্রয়ার্থ কারু বা শিল্পীর সহিত যেমন বছরের ভিতর অল্পদিনের জন্য খরিদ্দারের যোগ হয়, তীর্থস্থান সেরূপ নহে। সেখানে বারো মাস মেলা লাগিয়া থাকার ফলে বহু শিল্পী, বহু কারিগরের পক্ষে একস্থানে ব্যবসায় চালানো সম্ভব হয়। কাশী বা পুরীর মত প্রাচীন ক্ষেত্রে শহরের এক এক পল্লী বিশেষ বিশেষ শিল্পের জন্য খ্যাতিলাভ করিয়াছে। কোথাও পাথরের কাজ হয়, কোথায় কাগজে রং করা বা ছাপানোর কাজ হয়, কোথায় সোনারূপা বা জরির তারের কাজ হয়, কোন পল্লীতে পটুয়া বা মাটির খেলনার কারিগরের বাস আছে। এইরূপে মেলার মধ্যে আমরা অস্থায়ী আকারে যাহা দেখিতে পাই, ভারতবর্ষের বিভিন্ন তীর্থকেন্দ্র-গুলিতে তাহাই স্থায়ী আকার ধারণ করিয়াছে।

ভারতের সংস্কৃতিগত ঐক্য

তীর্থস্থানগুলিতে নানা প্রদেশ হইতে সমবেত হইয়া যাত্রিগণ যে শুধু কিছু জিনিসপত্র সংগ্রহ করিয়া বাড়ি ফিরিয়া যায় তাহা নহে, সেখানে ব্রাহ্মণ পুরোহিতের অধীনে স্নান, তর্পণ, দান প্রভৃতি নানা ধর্মানুষ্ঠানের দ্বারা তাহারা পুণ্যার্জনেরও চেষ্টা করে। বাঙালী তীর্থযাত্রী নর্মদার কূলেই হউক, অথবা গোদাবরী, কাবেরীর তটেই হউক, কিংবা গঙ্গা-যমুনার সঙ্গম বা অলকানন্দা ভাগীরথীর সঙ্গমেই হউক, একই সংস্কৃত ভাষায় মন্ত্র, একই অনুষ্ঠানের ভিতর দিয়া ভারতের সকল ক্ষেত্রকেই আপন বলিয়া বিবেচনা করিতে শেখে। শুধু রাজার শাসনের জোরে নয়, বরং অসংখ্য যাত্রী বহু যুগ ধরিয়া তীর্থে তীর্থে ভ্রমণ করার ফলে ভারতের সর্বত্র সংস্কৃতিগত ঐক্যের একটি ভাব ধীরে ধীরে গড়িয়া উঠিয়াছে। একই রামায়ণ, মহাভারত, একই পুরাণ কাহিনী ব্রাহ্মণশাসিত ভারতবর্ষের চিত্তকে স্পর্শ করিয়া থাকে। হিন্দুধর্মের সহিত সন্ন্যাসাশ্রমের এক অঙ্গাঙ্গি যোগ বর্তমান রহিয়াছে। পূর্বে দ্বিজাতীয় গৃহস্থ সংসারযাত্রা নির্বাহ করিবার পর বানপ্রস্থ ও সন্ন্যাস

গ্রহণ করিতেন । কিন্তু বুদ্ধদেব এবং শঙ্করাচার্যের পর হইতেই বোধ হয় সম্প্রদায় হিসাবে সন্ন্যাসীর উদ্ভব হইল । সন্যাস গ্রহণ করিলে সন্ন্যাসীর সহিত পূর্বাশ্রমের সকল যোগ ছিন্ন হয় । অর্থাৎ তাঁহার নাম গোত্র গৃহাদি পরিচয় লুপ্ত হইয়া যায় এবং তিনি নিকেতনবিহীন, নামগোত্রহীন অবস্থায় উপনীত হন । হিন্দী ভাষায় একটি প্রবাদ আছে — 'বহতা পানি চলতা সাধু' শ্রেষ্ঠ ; অর্থাৎ যে জল বহিয়া যায় সেই জল ভাল, যে সাধু কোথাও বাসা বাঁধেন না, তিনি শ্রেষ্ঠ । সাধু সন্ন্যাসী তীর্থে তীর্থে, গ্রাম হইতে গ্রামান্তরে, এক রাজার অধিকার অতিক্রম করিয়া অপর রাজা -র রাজ্যে যাতায়াত করিয়া সমগ্র ভারতবর্ষে সংস্কৃতিগত ঐক্য আংশিকভাবে স্থাপনা করিয়াছিলেন, ইহা সন্দেহ করিবার কোনো কারণ নাই ।

অর্থনৈতিক আদর্শের সম্বন্ধে একটি বিচার

সমগ্র ভারতবর্ষে গ্রামের আর্থিক জীবন পরিচালনা করিবার ভার কারিগর, শিল্পী, চাষী জাতিবৃন্দের উপরে ন্যস্ত ছিল । গ্রামের প্রয়োজন অনুসারে সকলে উৎপাদন করিত ।

পরস্পরের মধ্যে প্রাপ্য, অর্থ বা শস্যের সহায়তায় মেটানো হইত। সকলেই পরস্পরের উপরে নির্ভর করিয়া চলিত। এমনও দেখা গিয়াছে, যদি কোন কারিগরের সহিত এক গৃহস্থের বিবাদ উপস্থিত হয়, তখন গ্রামের আর পাঁচজন মিলিয়া সেই বিবাদ মিটাইবার চেষ্টা করে। আর্থিক ব্যাপারের জন্য ব্যবসা পরিবর্তন করিবার স্বাধীনতা যেমন স্বীকৃত হইত না, তেমনই আবার গ্রামের কোন কারিগর অন্নাভাবে কষ্ট না পায় ইহাও গ্রামের পাঁচজন দেখিবার চেষ্টা করিত।

ভারতীয় সমাজগঠনের মধ্যে সমবায় বা সহযোগিতার এই আদর্শের প্রতি দৃষ্টিপাত করিয়া কেহ কেহ প্রাচীন ভারতবর্ষে সমাজতন্ত্রবাদ প্রচলিত ছিল, এরূপ মত প্রকাশ করিয়াছেন। ভারতবর্ষের অর্থনৈতিক আদর্শের সম্বন্ধে ধারণা স্পষ্টতর করিবার জন্য এ বিষয়ে কিছু বিচারের প্রয়োজন আছে। তদুপরি পুস্তকের পরবর্তী অধ্যায়গুলিতে যখন ভারতীয় সমাজের বিবর্তন সম্বন্ধে আলোচনা করা যাইবে, তখন বর্তমান আলোচনার ফলে আমাদের পথ আরও সুগম হওয়া সম্ভব।

কোন এক গ্রন্থকার ভারতবর্ষের প্রাচীন যৌথ পরিবারকে আদর্শ সামাজিক প্রতিষ্ঠান বলিয়া বর্ণনা করিয়াছেন । তিনি এমনও বলিয়াছেন যে, যৌথ পরিবারের আদর্শকে সমাজতন্ত্রবাদের ভারতীয় সংস্করণ বলিয়া বিবেচনা করা যাইতে পারে । হয়তো একটি পরিবারের মধ্যে প্রত্যেক ব্যক্তি স্বেচ্ছায় স্বার্থসঙ্কোচের দ্বারা আর্থিক অধিকারে সাম্যের ভাব আনিতে পারে, কিন্তু এরূপ ব্যবস্থার দ্বারা সমগ্র দেশের মধ্যে অর্থনৈতিক সাম্য কিভাবে প্রতিষ্ঠা করা যায় ? রক্ত বা বিবাহসূত্রে আবদ্ধ কয়েকজন ব্যক্তির মধ্যে যাহা সম্ভব, বহু ক্ষেত্রে তাহা সম্ভব নাও হইতে পারে, অন্তত প্রাচীন ভারতে সেরূপ সাম্যের কোন আদর্শ অর্থনৈতিক ব্যবস্থায় কখনও দেখা যায় নাই । হিন্দুসমাজের মধ্যে কোন কালে কামার, কুমোর, স্যাকরা, ব্যবসায়ী বা চাষী, শিক্ষক, অধ্যাপক সকলকে লইয়া সমতাসম্পন্ন যৌথ পরিবার সৃষ্টির চেষ্টা হইয়াছিল, ইহার প্রমাণ পাওয়া যায় না । তবে মনুসংহিতা বা মহাভারত প্রভৃতি বিভিন্ন শাস্ত্রগ্রন্থ পড়িলে একটি আশ্চর্য বিষয় পরিলক্ষিত হয় । ব্রাহ্মণকে সমাজের মধ্যে অত্যুচ্চ সম্মান এবং

অধিকার দিলেও তাঁহাদিগকে স্বেচ্ছায় দারিদ্র্যব্রত গ্রহণ করিতে বলা হইত। তদ্ভিন্ন অপরাপর ধনীও যাহাতে সাধারণের উপকারে অর্থব্যয় করে, মন্দির পথঘাট নির্মাণ করিয়া দেয় বা কূপ তড়াগাদি খনন করায়, সেইজন্য ঐরূপ কাজকে বিশেষ পুণ্যের কাজ বলিয়া গণনা করা হইত। বর্তমান সময়ে ট্যাক্সের সাহায্যে ধনীর অধিকার হইতে টাকা আদায় করিয়া রাষ্ট্র অথবা রাষ্ট্রের অধীন মিউনিসিপ্যালিটি সাধারণের প্রয়োজনীয় কাজে যেভাবে অর্থব্যয় করেন, প্রাচীন ভারতবর্ষে সেরূপ ব্যবস্থা ছিল না। তাহার পরিবর্তে স্বর্গের লোভ দেখাইয়া, অথবা সমাজে সম্মানের আকর্ষণের সাহায্যে ধনীদিগকে সৎকাজে অর্থব্যয় করিবার প্ররোচনা দেওয়া হইত। অর্থাৎ আইনের বশে না ফেলিয়া বরং পুণ্যের আকর্ষণে ধনবৈষম্যের দোষ কতকাংশে কাটানো হইত। কিন্তু কেহ স্বীয় ধনসম্পদ সৎকার্যে ব্যয় করিতে না চাহিলে রাষ্ট্র বা সমাজ তাহাকে বাধ্য করিতে পারিত না। নিজের আয়ের মালিক মানুষ নিজেই ছিল, তদুপরি ধনোৎপাদনের সরঞ্জামের উপরে ব্যক্তিগত মালিকানা স্বত্বও স্বীকৃত হইত। সেগুলিকে রাষ্ট্রের বা সর্বজনের সম্পত্তি

করিবার চেষ্টা, অথবা সকলের মধ্যে আর্থিক অধিকারে সমতা সম্পাদনের আদর্শ প্রাচীন ভারতবর্ষে ছিল না। অতএব হিন্দুসমাজ-সংগঠনের ব্যাপারে সাম্যবাদের আদর্শ বর্তমান ছিল, এরূপ অনুমান করিবার যুক্তিসঙ্গত কারণ নাই।

আর্থিক সাম্যের ভাব না থাকিলেও ভারতবর্ষে প্রাচীনকাল হইতে গ্রামে কৃষি এবং শিল্পকে কেন্দ্র করিয়া এবং সকল বৃত্তিতে যথাসম্ভব কৌলিক অধিকার প্রতিষ্ঠিত করিয়া এমন এক অর্থনীতিক ও সামাজিক শাসনতন্ত্র রচনা করা হইয়াছিল যাহা বহু শতাব্দীর ঘাতপ্রতিঘাতের মধ্যেও মানুষকে বাঁচাইয়া রাখিয়াছে এবং দুর্যোগের মধ্যেও বাঁচিয়া থাকিবার আশ্বাস দিয়াছে। বিভিন্ন জাতিবৃন্দের মধ্যে ও বিভিন্ন বর্ণের মধ্যে মর্যাদার অসমতা থাকা সত্ত্বেও খাওয়া-পরার সম্পর্কে সকলে মোটামুটি নিশ্চিন্ত থাকিত বলিয়া এবং স্বীয় লোকাচার, কুলাচার বা দেশাচার বিনা বাধায় পালন করিবার স্বাধীনতা ভোগ করিত বলিয়া সাধারণ মানুষ সমাজের উপরে ব্রাহ্মণের আধিপত্যের বিরুদ্ধে আপত্তি করিত না। ব্রাহ্মণশাসিত আর্যসমাজ লোকধর্মের স্বাধীনতা

স্বীকার করিত বলিয়া আগন্তুক জাতিবৃন্দ আনন্দচিত্তে হিন্দুসমাজের অভ্যন্তরে প্রদত্ত স্থান স্বীকার করিয়া লইত।

ব্রাহ্মণদের দ্বারা শাসিত সমাজে কোন অন্ত্যজদের সমাজ অপেক্ষা আর্থিক স্বচ্ছলতা ছিল এ বিষয়ে কোন সন্দেহ নাই। মূলত তাহার আকর্ষণে এবং স্বীয় লোকাচার সমূলে পরিহার করিতে হইবে না, এই আশ্বাসে কোন অন্ত্যজ ওঁরাও প্রভৃতি জাতিকে আমরা ধীরে ধীরে স্বীয় স্বাধীনতা পরিহার করিয়া ব্রাহ্মণ্য সমাজের দিকে আকৃষ্ট হইতে দেখি।

হিন্দুসমাজদেহের মধ্যেও মর্যাদা ও মনুষ্যত্ব বিকাশের সুযোগ — সুবিধার তারতম্য মোটের উপরে উপেক্ষা সেই একই কারণে বিভিন্ন জাতি গোষ্ঠীদের মধ্যে সহযোগিতার বন্ধন বহু শতাব্দী ধরিয়া অক্ষত অবস্থায় টিঁকাইয়া রাখিয়াছিল। রাজনৈতিক গগনে শাসকের পর শাসকের উদয় হইয়াছে, দেশে বিদ্রোহ, বিপ্লব, দুর্ভিক্ষ, মহামারী বারংবার দেখা দিয়াছে, অথচ জীবনের তারকেন্দ্র গ্রাম্য সমাজের অর্থনীতি ও সমাজনীতির উপরে প্রতিষ্ঠিত ছিল বলিয়া মানুষ গ্রামের শাসন এবং কৌলিক বা জাতিগত আইনের শৃঙ্খলার

জোরে এইসকল আগন্তুক আঘাতকে বার বার উপেক্ষা করিয়া জীবনের ভারসাম্য প্রতিষ্ঠিত করিয়াছে। হয়তো বাহিরের আঘাতের সংখ্যাধিক্যে তাহাদের উন্নতি বা অগ্রগতি প্রতিহত হইয়াছে, কিন্তু আগন্তুক আঘাত ভারতবর্ষের মানুষকে বর্বরতার পঙ্কে ঠেলিয়া নামাইতে পারে নাই। এই শক্তি ছিল বলিয়া অন্তরের বহুবিধ দুর্বলতা সত্ত্বেও ভারতীয় সমাজব্যবস্থাকে আশ্রয় করিয়া ভারতের সংস্কৃতি আজও জীবন্ত অবস্থায় বাঁচিয়া আছে, তাহার উন্নতি বা নবজন্মলাভের সম্ভাবনা ইতিহাসপ্রসিদ্ধ কোন কোন দেশের সভ্যতার মত তিরোহিত হয় নাই।

(শ্রীনির্মলকুমার বসু-র হিন্দুসমাজের গড়ন হইতে
এই অংশটি গৃহীত)

Notes

প্রয়োজনসিদ্ধির জন্য	for the fulfilment of necessity
বংশ পরম্পরায়	from generation to generation বংশ - generation পরম্পরা - one after another
নিত্যপ্রয়োজন হয় না	are not needed daily, are not in constant need নিত্য - daily প্রয়োজন - need প্রয়োজন হওয়া - to be needed প্রয়োজন হয় না - is not needed
গ্রামে বাঁধিয়াও রাখা যায় না	(lit.)(they) cannot be kept tied in a village; (they) cannot be made to live year round in a particular village বাঁধিয়া রাখা - to keep tied
ক্ষেতে ভারি কাজ থাকে না	(they) do not have heavy work in the fields কাজ থাকা - to have work to do ভারি - heavy, major
যে সময়ে ফসল কাটা শেষ হইয়া যায়	when harvesting is over ফসল কাটা - harvest শেষ হওয়া - to end, to be over যে সময়ে - (lit.) the time, when

চাষীর হাতে কিছু পয়সা আসে	the farmer gets some spendable income হাতে পয়সা আসা - to be solvent, to have income
মেলা বসে	(lit.) the fair sits; the fair is organised, the fair takes place. Note theidiomatic use of the word বসা
ঠাকুরদেবতার পূজাপার্বণ উপলক্ষ্যে	on the occasion of offering worship to gods and goddesses
ইহা অপেক্ষা ভাল	better than this
এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত	from one corner to the other
কোন কোন ক্ষেত্রে	in some cases. ক্ষেত্র has different meanings depending on the context. It generally means "field".
রীতি প্রচলিত আছে	there is a current custom, there is a custom in vogue
সমাগম হয়	there occurs the assemblage
বুঝিয়া সুঝিয়া	after considering every relevant factor
বাগেশ্বর মহাদেব	Siva is also known as Madaheva. He is one of the three principal gods of the Hindus. বাগেশ্বর is referring to one of his qualities--he who grants knowledge.

পাহাড়ের গায়ে	by the side of the hills, on the slope of the hills গা - body
বিশেষ বিশেষ মেলায়	in special fairs, in particular fairs
বিশেষ বিশেষ জিনিষ	particular article
পোষার সুবিধা হয়	it is convenient to raise পোষা - (lit.) to keep as a pet, to feed and take care of
চলিয়া আসিতেছে	the custom is being practised; the custom has come down
সংগ্রহ করিয়া আনে	(he) collects সংগ্রহ করা - to gather সংগ্রহ করিয়া আনা - (lit.) to bring after gathering
এক এক জন	some of them
মাল লইয়া যাওয়া আসার পক্ষে	for carrying goods; (lit.) for coming and going with goods
সারিয়া আসে	(he) attends to
পুষ্কর তীর্থ	the place of pilgrimage of the Hindus in the Azmir-Marwar region of India, now in Pakistan.
এক গ্রামে	at a certain village

ছাড়া	apart from
দশদিন ব্যাপিয়া চলিতে থাকে	continues for ten days
দেওয়া যাইতেছে	is being given
নষ্ট করিয়া ফেলে	waste
বিক্রয় করিবার জন্য	in order to sell
যমুনা	Yamuna, a river in India, a tributary of the Ganges, which flows into the Ganges at Allahabad. Hindus consider this confluence as holy, and come to this particular place to bathe in the holy water.
অসংখ্য পরিমাণে	in huge quantity, (lit.) in countless numbers
চলিতে থাকিলে	if (it) is continued, if (it) is taking place
বটেশ্বর মহাদেব	a name of Siva
দরগা	shrine (Persian loan)
শৈব	the Shaivites, worshippers of Shiva. c.f. শৈব in জাতি সংস্কৃতি ও সাহিত্য
শাক্তগণের একান্ন পীঠস্থান	51 holy places of the Śāktas, the worshippers of Śakti. The legend is that the dismembered body of the goddess fell in 51 places.

বৈষ্ণবদের দ্বাদশ মহাতীর্থ	the twelve holy places of the Vaishnavas
সৌর সম্প্রদায়ের সাতটি বিখ্যাত ক্ষেত্র	seven holy places of the worshippers of the sun
বার মাসে তের পার্বণ	(lit.) thirteen festivities in twelve months. This is an idiom to connote excessive festivity.
ছোটবড় শিল্প যাত্রীদের আশীর্ব্বাদে বাঁচিয়া যায়	Industries (or handicrafts) of various sizes survive with the patronage of the pilgrims. ছোট বড় - small and large শিল্প - industry, handicraft যাত্রীদের - of pilgrims আশীর্ব্বাদে - (lit.) blessings, patronage বাঁচিয়া যায় - (lit.) is saved, survives
জমা দিয়া থাকে	deposits (habitually)
জগন্নাথ	(lit.) Lord of the Universe, Vishnu
সে সকল স্থানে	in all those places
সারা ভারতবর্ষ ব্যাপিয়া	all over India
শ্রীক্ষেত্র	Sri Khetra, Puri, a place of pilgrimage
যে সকল যাত্রী	all the pilgrims who

দু চার পয়সার	worth two or four pice
দর্শন করিতে চায়	if (one) wants to visit
তাহাকে যাইতে হইবে	he will have to go
তাহাকে সংগ্রহ করিয়া আনিতে হয়	he has to collect and bring
গ্রামে বসিয়া	being in the village
বৃন্দাবন	Vrindavana, one of the holy places of the Vaishnavas, the home of Krishna
বলরাম	elder brother of Krishna, son of Vasudeva and Rohini
সুভদ্রা	Suvadra, wife of Arjuna and sister of Krishna and Balaram, a character in the Mahabharata.
চারধাম	four holy places
বদরিকাশ্রমের নিকট যোশীমঠ	Joshi Math near Vadrikasram, one of the four established by Sankaracharya; Vadrikasram is in Kashmir, a holy place for Hindus.
সারদাপীঠ	a temple established by Sankaracharya
শৃঙ্গেরী মঠ	a temple established by Sankaracharya
খ্যাতি লাভ করিয়াছে	has earned the reputation

গড়িয়া উঠিয়াছে	has grown was born was awakened
শঙ্করাচার্য্য	Sankaracharya (788-820 A.D.), famous Hindu advaitin philosopher, born in Malabar.
বুদ্ধদেব	Lord Buddha (556-476 B.C.)
অলকানন্দা – ভাগীরথীর সঙ্গম	confluence of Alakananda (a tributary of the Ganges with its source near Badrinath in the Himalayas), and Bhaginathi, another tributary of the Ganges.
রামায়ণ	Ramayana, one of the two great epics of India
মহাভারত	Mahabharat, one of the two epics of India
সন্ন্যাসাশ্রম	the ascetic life, the fourth and last stage of Hindu life
বানপ্রস্থ	Third stage of Hindu life; the family is left behind and refuge taken in the forest for meditation.
তর্পণ	presentation of oblations of water to the manes and to gods.
ঐক্যের ভাব ধীরে ধীরে গড়িয়া উঠিয়াছে	the feeling of unity has gradually developed.

ঐক্যের - of unity
ভাব - feeling
ধীরে ধীরে - gradually
গড়িয়া উঠা - to grow, to develop

সম্প্রদায় হিসাবে সন্ন্যাসীর উদয় হইল	the ascetics, as a community, came into existence সম্প্রদায় - a community হিসাবে - as সন্ন্যাসী - ascetics উদয় হওয়া - (lit.) to rise, to come into existence
অবলম্বন করিয়া চলিত	had to adopt
আর্থিক ব্যাপারের জন্য	for economic reasons
আলোচনা করা যাইবে	will be discussed
ইহাও দেখিবার চেষ্টা করিত	attempted to look after that also
এমনও দেখা গিয়াছে	even this has been witnessed
গ্রামের পাঁচজন	the multitude of villagers
নির্ভর করিয়া চলিত	used to depend; (lit.) used to carry on depending
প্রয়োজন আছে	there is a need
যদি .. বিবাদ উপস্থিত হয়	if ... quarrel happens to occur
স্থাপনা করিয়াছিলেন	established

সুস্পষ্টতর করিবার জন্য	for making (it) clearer
বহতা পানি চলতা সাধু	"the flowing water and the moving Sadhu"; a Hindu proverb বহতা - flowing পানি - water চলতা - moving সাধু - religious ascetic
তীর্থে তীর্থে	from one place of pilgrimage to another
গ্রাম হইতে গ্রামান্তরে	from one village to another village গ্রাম - village হইতে - from গ্রাম + অন্তর - another village
প্রাপ্য ... মেটানো হইত	the dues were paid (or settled) প্রাপ্য - due, that which is owed
বিবাদ মিটাইবার চেষ্টা করে	[they] try to settle the dispute
অন্নাভাবে কষ্ট না পায়	that [they] do not suffer from want of food
সমাজতন্ত্র বাদ	socialism সমাজ - society সমাজতন্ত্র - social system (or doctrine)
যৌথ পরিবার	joint family যৌথ - joint পরিবার - family see একান্ন বর্তি পরিবার

রক্ত বা বিবাহসূত্রে আবদ্ধ	related by blood or my marriage	
	রক্ত	- blood
	বা	- or
	বিবাহ	- marriage
	সূত্রে	- (lit.) string, clue, law, rule
	আবদ্ধ	- connected, related
মনু – সংহিতা	Manusamhita, the slokas on dharma purportedly written by Manu	
দারিদ্র্যব্রত	the vow of poverty	
ধনোৎপাদনের সরঞ্জামের উপর ব্যক্তিগত মালিকানা স্বত্বও স্বীকৃত হইত	the private ownership of means of production used to be recognized	
	ধন	- wealth
	উৎপাদন	- production
	সরঞ্জাম	- tools, equipment
	উপর	- on, over
	ব্যক্তিগত	- private
	মালিকানা	- (Arabic word), ownership
	স্বত্ব	- the legal claim, title
	স্বীকৃত হওয়া	- to be accepted, to be recognized
রাষ্ট্রের বা সর্বজনের সম্পত্তি	state or collective wealth	
	রাষ্ট্র	- state
	সর্বজন	- (lit.) every person
	সম্পত্তি	- property, wealth
সকলের মধ্যে	amongst all	

বশে না ফেলিয়া	without subjecting to the authority
বিবেচনা করা যাইতে পারে	can be considered
প্ররোচনা দেওয়া হইত	inducement was provided
প্রমাণ পাওয়া যায় না	there is no proof available
চেষ্টা হইয়াছিল	attempts were made
কোন কালে	at any time, at a certain time
পরিহার করিতে হইবে না	will not have to abandon
স্বীকার করিয়া লইত	used to accept
সাধারণ মানুষ	general public, man on the street
শাসকের পর শাসক	ruler after ruler
নিশ্চিন্ত থাকিত	remained assured
থাকা সত্ত্বেও	in spite of the prevalence
টিকাইয়া রাখিয়াছিল	preserved, kept
আশ্বাস দিয়াছে	has provided consolation (or encouragement)
কখনও দেখা যায় নাই	was never seen
ট্যাক্সের সাহায্যে	by levying tax; (lit.) with the help of tax

তাহাকে বাধ্য করিতে পারিত না :	could not compel (him)
রাজনৈতিক গগনে শাসকের পর শাসকের উদয় হইয়াছে	Ruler after ruler appeared on the political horizon.

রাজনৈতিক	-	political
গগন	-	horizon, sky
শাসক	-	ruler
উদয় হওয়া	-	to rise, to appear

Note the Bengali adaptation of the English phrase 'the political horizon'.

জীবন্ত অবস্থায় বাঁচিয়া আছে	is still very much alive, is still thriving

আমরা এখন ভারতের ইতিহাসের ষোড়শ শতাব্দীতে আসিয়া উপনীত হইয়াছি। এই কালকে ভারতের মধ্যযুগ বলা হয়। এই সময়কার ভারত বলিলে উত্তরের সর্ব্বগ্রাসী মোগল সাম্রাজ্য, দাক্ষিণাত্যের তিনটি মুসলমান রাজ্য ও তাহার দক্ষিণে বিজয়নগর সাম্রাজ্যের অবশিষ্টাংশ — হিন্দু রাজত্ব।

এই সময়ে মোগলদের শাসন-পদ্ধতি অনুযায়ী কৃষকদের নিকট হইতে রাজস্ব আদায় করা ছিল আমলাতন্ত্রের কার্য্য। এই কার্য্যের সুবিধার জন্য অনেক স্থানে "জমিদার" বলিয়া লোক নিযুক্ত করা হইত; ইহারা কৃষক ও সম্রাটের মধ্যবর্ত্তী লোক। ইহারা কিন্তু রাজবংশীয় বা সর্দ্দার গোছের লোকের ন্যায় ছিল না। এই যুগের যত বিদেশী পর্য্যটক ভারতে আসিয়াছিলেন তাহারা এই দেশের জনসংখ্যা অত্যধিক বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন। ইহাদের বর্ণনা পাঠে এই ধারণা হয় যে, তখনকার ইউরোপীয় দেশসমূহের তুলনায় বাঙ্গলা, উত্তর-পশ্চিম গুজরাট এবং দক্ষিণ-ভারত বেশ জনাকীর্ণ ছিল (১)।

এই সকল জনপদের লোকদের অর্থনীতিক অবস্থার পর্য্যালোচনাপূর্ব্বক মোরল্যাণ্ড বলেন যে, সেই সময়ে মধ্যবিত্তশ্রেণী বিশিষ্টভাবে ছিল না, ইহার সংখ্যা অতি সামান্য ছিল (২) । আকবরের সময়ের পঞ্চাশ বৎসর পর ফরাসী পর্য্যটক বার্ণিয়ে বলিয়াছেন, " দিল্লীতে মধ্যবিত্ত স্তরের লোক নাই । একজন মানুষকে হয় অতি উচ্চপদস্থ হইতে হইবে, না হয় দারিদ্র্যে জীবন যাপন করিতে হইবে । মোরল্যাণ্ডের মতে এই সময়ে আজকালকার ন্যায় আইন-ব্যবসায়ীর দল ছিল না, পেশাদার শিক্ষকের দল হয়ত মুষ্টিমেয়; সংবাদপত্রসেবী কিংবা রাজনীতিকের দল ছিল না, ইঞ্জিনিয়ার এবং আজকালকার রেলওয়ে কর্ম্মচারীর দল ছিল না, পোষ্ট ও সরকারী জল বিভাগ, ফ্যাক্টরী এবং বড় কারখানায় কর্ম্মপ্রাপ্ত লোক ছিল না । আধুনিক জমিদারের দল বড় কম ছিল, হয়ত পৈত্রিক সঞ্চিত সম্পত্তি ভাঙ্গিয়া খাওয়ার লোকও কম ছিল । এইগুলির পরিবর্ত্তে ছিল কতকগুলি সরকারী পদের অধীন বা নির্ভরশীল গোষ্ঠী ।

এই চিত্র মধ্যযুগীয় অবস্থার বর্ণনার সহিত মিলে । এই ভিত্তির উপর যে শাসনপ্রণালী স্থাপিত হইয়াছিল তাহাও

সেই যুগের অবস্থার অনুযায়ী । ভারতের হিন্দু অংশ , বিজয়নগর রাজ্যের ভূমি জনকতক সম্ভ্রান্ত লোকের মধ্যে বিভক্ত ছিল । ইউরোপীয় পর্যটক নুনিজ বলেন , সম্ভ্রান্ত লোকেরা (nobles) খাজনা প্রদানকারীদের (renters)ন্যায় ; ইহারা রাজার নিকট হইতে সমস্ত জমি গ্রহণ করিয়াছে এবং প্রতি বৎসর রাজাকে তাহার প্রাপ্য বলিয়া ষাট লক্ষ মুদ্রা খাজনা প্রদান করে । সমস্ত জমির আদায় ১২০ লক্ষ , ইহা হইতে ৬০ লক্ষ রাজাকে দিয়া বাকীটা তাহার সৈন্যদের মাহিয়ানা ও হাতীর খরচের জন্য রাখে । এইসব রাখা তাহাদের বাধ্যতামূলক ছিল । এইজন্য জনসাধারণ বিশেষ দুঃখভোগ করে ; কারণ যাহারা জমি ভোগ করে তাহারা বড় অত্যাচারী (৩) ।

বিজয়নগর ত্যাগ করিয়া দাক্ষিণাত্যের মুসলমান রাজ্যগুলির অবস্থা অনুসন্ধান করিলে ষোড়শ শতাব্দীর শাসনপ্রণালীর সংবাদ মিলে না । বার্বোসা যে বর্ণনা দিয়াছেন তাহা বাহমনী রাজত্বের শেষকালের সংবাদ । তিনি বলিয়াছেন , দাক্ষিণাত্যের সমস্ত রাজ্য মুসলমান সামন্তদের মধ্যে বিভক্ত ছিল ; রাজা শাসনের কোন সংবাদই রাখিত না ।

এই অবস্থা পরের খণ্ডীকৃত রাজ্যগুলির ছিল কিনা তদ্বিষয়ে সন্দেহের অবকাশ আছে। কিন্তু সন্দেহাতীতরূপে বলা যাইতে পারে যে, সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে গোলকোণ্ডার সম্ভ্রান্তেরা অনেক পরিমাণে স্বাধীনতা ভোগ করিত। থেবেনো নামক জনৈক ইউরোপীয় পর্য্যটক মোগল সীমা অতিক্রম করিয়া দাক্ষিণাত্যে প্রবেশ করিবার সময় শেষোক্ত স্থানের খাজনা-আদায়কারীদের ঔদ্ধত্য দেখিয়া বিস্ময়াবিষ্ট হন। এই সকল জমি সম্ভ্রান্তেরা রাজার নিকট হইতে পায়, রাজা যে সর্ব্বাধিক দর দিত তাহাকে অথবা তাহার কোন প্রিয়পাত্রকে খাজনায় জমি দিত। সম্ভ্রান্তেরা ইহার জোরে জোর-জুলুম করিয়া প্রজার নিকট হইতে খাজনা আদায় করিত, এবং কেন্দ্রীয় গভর্ণমেন্টের দুর্ব্বলতাবশতঃ তাহারা রাজনীতিতেও মধ্যে মধ্যে উৎপাত করিত। মোরল্যাণ্ড অনুমান করেন, বোম্বাই হইতে পূর্ব্বদিকে একটি অক্ষাংশ লাইন (latitude) টানিলে তাহার দক্ষিণের ভারতের অংশ সম্ভ্রান্ত শ্রেণীর লোকদের দ্বারাই শাসিত হইত (৪)।

মোগল সাম্রাজ্যে সরকারী পদগুলি "কাচ্চা" ভাবে, অর্থাৎ অস্থায়ীভাবে প্রদর্শন করা হইত, এবং আকবরের সময়

বিভাগীয় শাসন-প্রণালী অঙ্কুর প্রাপ্ত হইয়াছে । আকবর তাঁহার সাম্রাজ্যকে সুবায়, অর্থাৎ প্রদেশে বিভক্ত করেন, সুবার শাসনকর্ত্তা শাসন-পদ্ধতির প্রত্যেক বিভাগের জন্য দায়ী থাকিত । সুবার শাসনের unit ছিল জেলা — ইহার একজন সামরিক কর্ম্মচারী (ফৌজদার) ও একজন বিভাগীয় কর্ম্মচারী (আমল গুজার) ছিল (৫) ।

আইন-বিভাগ এই সময় বিশেষভাবে বিবর্ত্তিত হয় নাই, ব্যক্তিগত নালিশ রাজা কিংবা সম্রাট শুনিতেন । আকবর "কাজী" বা "মীর আদল" নামে আইন-বিভাগীয় কর্ম্মচারী নিযুক্ত করিতেন, কিন্তু বোধহয় তাহারা কেবল মুসলমান আইন-সম্বন্ধীয় প্রশ্ন বিচার করিত । ইহাদের যে বিচারের পূর্ণাধিকার ছিল না তাহা আকবরের গভর্ণরদের আইন বিষয়ে অনুসন্ধান করিবার অনুজ্ঞায় (আইন-আকবরী, তর্জমা, ২, ৩৭, ৩৮,) বোঝা যায় । পর্য্যটকেরা বলেন, দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা সহর-কোটালের সম্মুখে কার্য-নির্ব্বাহক (executive) কর্ম্মচারীদের দ্বারা সম্পন্ন হইত । এই প্রথা বিজয়নগর হইতে উত্তর পর্য্যন্ত প্রচলিত ছিল (৬) ।

এই সময়ে উৎকোচ গ্রহণ প্রথা ভারতের সর্ব্বত্রই ছিল । লিখিত আইন (constitutional law) ছিল না ; হিন্দু ও মুসলমানদের ধর্ম্ম , আইন , লোকাচার (custom) এবং ব্যক্তিগত খেয়াল প্রভৃতি দ্বারা কর্ম্মচারীরা বিচার করিত । শাসনতন্ত্র সুদৃঢ় না হইলে চারিদিকে ডাকাইতের উৎপাত হইত । ফিচ (১৫৮৩ – ৯১ খৃঃ) বাঙ্গলায় হুগলীতে আসিবার কালে জঙ্গল দিয়া আসিয়াছিল , কারণ রাজপথে ডাকাইতের উৎপাত ছিল (৭) । দেশের মধ্যে ব্যবসায়ের জিনিষ – পত্র লইয়া যাইবার জন্য শুল্ক প্রদান করিতে হইত । এইসব সত্ত্বেও ব্যবসায় চলিত , কারণ এই সব খরচা বিক্রেতা মাল – ক্রেতার ঘাড়ে চাপাইত । এই সময়ে — " যে যত পার , শোষণ কর " , এই প্রথা প্রচলিত ছিল ; এইজন্য লোকে ধনী হইলেও ধন গোপন করিয়া রাখিত । এই সকল কারণ বশত: মূলধনী প্রথায় (capitalist basis) শিল্প ও বাণিজ্যের ভিত্তি স্থাপিত হওয়া অসম্ভব ছিল । এই সময়ে শিল্পশ্রমের উৎপাদন (industrial production) বহুভাবে হইত ও তাহা দামী ছিল , কিন্তু এই কর্ম্ম শিল্পীদের হাতেই ছিল , বোধহয় তাহারা সওদাগর ও মধ্যবর্ত্তী লোক –

দের দ্বারাই অর্থ সাহায্য প্রাপ্ত হইয়া কর্ম্ম করিত (৮)। এই শিল্পীরা ব্যক্তিগত-ভাবে এত ক্ষুদ্র ছিল যে কর্ম্মচারী-দের লোলুপদৃষ্টি এড়াইয়া যাইত। কর্ম্মচারীর নগদ মাহিয়ানার পরিবর্তে 'জায়গীর' পাইত। দেখা গিয়াছে, ইহাই প্রাচীন কাল হইতে ভারতে প্রথারূপে চলিতেছিল। আকবর ইহার পরিবর্তে নগদ মাহিয়ানা দেওয়ার প্রথা প্রবর্তন করিতে চেষ্টা করেন। কিন্তু জাহাঙ্গীরের সময় পুরাতন প্রথা পূর্ণমাত্রায় প্রচলিত হয় (৯)। এই কর্ম্মচারীরা অধিকাংশই বিদেশী ছিল। আবুল ফজল আমীর ও মনসবদারদের যে তালিকা রাখিয়া গিয়াছেন, ব্লকম্যান উহার বিশ্লেষণ করিয়াছেন। উক্ত বিশ্লেষণ পরীক্ষা করিয়া মোরল্যাণ্ড বলেন, কর্ম্মচারীদের মধ্যে শতকরা ৭০ জন বিদেশী গোষ্ঠীজাত। ইহাদের গোষ্ঠী হয় হুমায়ুনের সঙ্গে ভারতে আসিয়াছিল, না হয় আকবরের সিংহাসন প্রাপ্তির পর দরবারে আসিয়া জুটিয়াছিল; অবশিষ্ট শতকরা ৩০ জন ছিল ভারতীয়; ইহার মধ্যে আবার অর্দ্ধেকের উপর মুসলমান এবং অর্দ্ধেকের কম হিন্দু (১০)।

উপরোক্ত শ্রেণীসমূহ ব্যতীত অন্যান্য পেশার শ্রেণীর

সন্ধান করিলে দেখা যায়, শিক্ষিত মধ্যবিত্তশ্রেণীর সংখ্যা বড় কম ছিল। কিন্তু সন্ন্যাসী ফকিরের দল আজকালকার মতই ছিল। পর্য্যটকেরা দেশের বিভিন্ন স্থানে তাহাদের সংখ্যার প্রাচুর্য্যের কথা উল্লেখ করিয়াছেন (১১)। এই সময় মন্দিরগুলি ভারতের সর্ব্বত্র দেবোত্তর জমি ভোগ করিত; মুসলমানেরাও ইসলামীয় শাসকদের নিকট জমি দান পাইত। আকবরের পূর্ব্বে ইসলামীয় প্রতিষ্ঠানগুলি যে সব জমি পাইয়াছিল উহা তাঁহার রাজস্বের অনেকটা খাইয়া ফেলিত।

এই সময়ে গোলাম রাখার প্রথা প্রচলিত ছিল, ধনীর প্রচুর গোলাম থাকিত। আইন-আকবরীতে উক্ত প্রথা স্বীকৃত হইয়াছে। আফ্রিকা ও পশ্চিম এশিয়া হইতে অত্যাধিক সংখ্যায় গোলাম আমদানী করা হইত, এবং ভারতের অভ্যন্তর হইতে গ্রামাদি লুন্ঠনপূর্ব্বক গোলাম সংগ্রহ করা হইত। এতদ্বারা এত অন্যায় অত্যাচার উৎপীড়ন অনুষ্ঠিত হইত যে, আকবর তাঁহার সৈন্যদের উক্ত কর্ম্মে যোগদান করিতে নিষেধ করিয়া দিয়াছিলেন (১২)। এতদ্ব্যতীত দুর্ভিক্ষের সময় লোকে নিজেদের পুত্র বিক্রয় করিত। সাধারণতঃ ছেলেদের চুরি

করিয়া বলপূর্বক ছিনাইয়া লইয়া অথবা ক্রয় করিয়া সংগ্রহ করা হইত। এই সকল বিষয়ে বাঙ্গলায় সর্বাপেক্ষা অধিক বদনাম ছিল। বাঙ্গলা হইতে খোজা গোলাম (eunuchs) সংগ্রহ করা হইত (১০) । ইহার কারণ — একে বাঙ্গালী রণভীরু জাতি, তারপর তাহাকে নপুংসক করিয়া দিলে স্বভাবতঃই সে আরও শান্ত প্রকৃতির লোক হইবে।

উপরোক্ত বিবরণ হইতে এই তথ্য পাওয়া যায় যে, ভারতীয় সমাজে দুইটি স্তর ছিল — ধনী ও গরীব। ইহার মধ্যে ধনী ও তাহাদের চাকরের দল এবং সন্ন্যাসী ও ভিক্ষুকের দল কোন উৎপাদনশীল শ্রম করিত না। তাহারা যে আয় বরবাদ করিত তাহা অবশেষে কৃষক, শিল্পী, ও ব্যবসায়ীদের ঘাড়ে পড়িত।

শ্রমিকের অবস্থা

আকবরের সময়ের শ্রমজীবীশ্রেণীসমূহের কি অবস্থা ছিল তাহার অনুসন্ধান করিলে আমরা দেখিতে পাই যে, এই সময়ে গ্রামে একটা বড় জমি-শূন্য শ্রমজীবিশ্রেণী ছিল। কারণ ঊনবিংশ শতাব্দীর প্রথমাংশে ভারত এই প্রকারের লোক দ্বারা পরিপূর্ণ ছিল। ইহারা এই সময়ে সার্ফ (serf)

ছিল কিংবা সেই অবস্থা হইতে সদ্য-মুক্ত হইয়াছে। এই শ্রেণী আকবরের সময়ে বিদ্যমান ছিল, অথবা তাহার পরে উদ্ভূত হইয়াছে (১৪)। সম্ভবত গ্রাম্য অর্দ্ধ-গোলামিত্ব একটি পুরাতন প্রথা, যাহা আকবরের পূর্ব্ব হইতে বিদ্যমান ছিল। এই যুগে পৃথিবীর সর্ব্বত্র এই সামাজিক প্রতিষ্ঠান বর্ত্তমান ছিল। মোরল্যাণ্ডের এই মন্তব্য ইংরেজ গভর্ণমেন্টের Report on Slavery-র উপর স্থাপিত। ইহাতে অনুসন্ধানকারীরা (Commissoners) পুরা গোলামী (regular Slavery) এবং কৃষি সম্বন্ধীয় গোলামী (agricultural bondage) সম্পর্কে পৃথকভাবে উল্লেখ করিয়াছেন। এই অনুসন্ধানের ফলে গ্রাম্য অর্দ্ধ-গোলামিত্ব (serfdom) কিম্বা তাহার চিহ্ন সর্ব্বত্র পাওয়া যাইত। বাঙ্গালার অতগুলি জেলা হইতে এই সংবাদ আসে যে, কৃষি-গোলামেরা জমির সহিত সাধারণতঃ বিক্রীত হইত। দেখিয়া বোধহয় স্যার উইলিয়ম ম্যাকনটেন ইহা নিম্নোক্ত আইন বলিয়া গ্রহণ করিয়াছেন যে, পুরুষানুক্রমিক সার্ফেরা স্থাবর পৈতৃক সম্পত্তি বিষয়ক আইনের অধীন। স্যার এডওয়ার্ড কোলব্রুক বলেন, তাঁহার সময়ে পুরুষানুক্রমিক সার্ফদের

উপর বিহারের জমিদারের অধিকার প্রায় অপ্রচলিত হইয়াছিল ! এই বিষয়ের অনুসন্ধানকারীগণ "উত্তর-পশ্চিমের কোন কোন অংশে (United Provinces) উক্ত প্রথা দেখিতে পান নাই, কিন্তু নবাবের শাসন কালে প্রত্যেক সম্পত্তিতে লগ্ন (স্থিত) লোকেরা অনেকটা অর্দ্ধ-গোলাম (adscripti glabae) বলিয়া বিবেচিত হইত।" আজিমগড়ে নিম্নশ্রেণীর গ্রামবাসীদের এখনও (কমিশনের অনুসন্ধান কালে) জমিদারের "ব্যক্তিগত অনেক কার্য্য করিয়া দিতে হয় ... আগেকার গভর্ণমেন্ট-সম্বন্ধে সময়ে .... তাহারা অর্দ্ধ-গোলাম (predial) ছিল।" কুমাউনে স্বাধীন শ্রমিকের কার্য্য পাওয়া অসম্ভব ছিল, কিন্তু "লাঙ্গলের গোলাম" এবং বাড়ীর গোলামের মধ্যে পৃথক করা হইত। আসামে গোলামকে দিয়া খাটান হইত; কৃষি কর্ম্মে স্বাধীন শ্রমিককে লাগান হইত না। মাদ্রাজে রাজস্ব বিভাগ (Board of Revenue) সংবাদ দেয় যে, "সমস্ত তামিল দেশ, মালাবার (১৫) ও কানাড়াতে শ্রমজীবিশ্রেণীদের বেশীর ভাগ অতীত কাল হইতে দাসত্বে আবদ্ধ আছে। কুর্গে স্মরণাতীত কাল হইতে অর্দ্ধ-গোলামী প্রচলিত আছে,

বোম্বাইয়ের বড় সংবাদ নাই, কিন্তু সুরাট ও দক্ষিণ মহারাষ্ট্রে অর্দ্ধ-গোলামিত্বের অস্তিত্বের সংবাদ দেয় (১৬)। বাঙ্গালায়ও গোলামী-প্রথা প্রচলিত ছিল, পূর্ব্ব-বঙ্গের "নফরজাতি" তাহার জাজ্বল্যমান প্রমাণ (১৭)। এই সকল তথ্য দেখিয়া মোরল্যাণ্ড অনুমান করেন, ব্রিটিশ রাজত্ব প্রচলনের পূর্ব্ব পর্য্যন্ত এবং আকবরের সময়েও একটা গোলামশ্রেণী গ্রাম্যজীবনের প্রচলিত পদ্ধতির অন্তর্গত ছিল। এই পদ্ধতি মাল দিয়া (production) মাহিয়ানা দেওয়ার রীতি দ্বারা অধিক সমর্থিত হয়। এই রীতি বিগত শতাব্দীতে বিশেষভাবে প্রচলিত ছিল, এবং এখনও ইহা অন্তর্হিত হয় নাই।

মোরল্যাণ্ড অথবা Report on Slavery লেখক কমিশনারেরা "ব্যক্তিগত কার্য্য" বা মাহিয়ানার পরিবর্ত্তে ফসল নেওয়ার প্রথার পশ্চাতে যে মধ্যযুগীয় Manorial System আছে তাহা তাঁহারা ধারণা করিতে পারেন নাই। ভারতেও সামন্ততন্ত্রীয় জমিদার প্রথার সঙ্গে এই পদ্ধতি প্রবর্ত্তিত হইয়াছিল। এই বিষয়ে পরে আলোচিত হইবে।

কৃষকের সাধারণত: এই অবস্থা, কখন কখন এখানে

সেখানে উন্নতি লাভ করিত । Report on Slavery সাক্ষ্য দেয় যে, স্থলবিশেষে সার্ফগণ নিজেদের এক টুকরা জমি রাখিতে পারিত, উক্ত জমি তাহারা অবসর সময়ে চাষ করিত ।

শ্রেণীগত জীবনের অবস্থা

উপরোক্ত অর্থনীতিক ভিত্তির উপর সামাজিক জীবন প্রতিষ্ঠিত ছিল । এই সমাজে সম্ভ্রান্ত (nobles) ও দরবারী লোকেরা দুই হাতে খরচ করিত । সকলেই সম্রাট ও রাজা -দের সর্ব্ব বিষয়ে অনুকরণ করিত, দরবারী কর্ম্মচারীরা তাহাদের আয় খরচা করিয়া উড়াইত । এইজন্যই "নবাবী করা" প্রবাদের সৃষ্টি হইয়াছে । তখন ব্যবসায়ে টাকা খাটান বড় কম হইত, কারণ বাণিজ্যে মূলধন খাটান বিপজ্জনক ছিল । এই জন্য যে টাকা ব্যয়িত হইত না তাহা নগদ অথবা গহনা তৈয়ার করিয়া লুক্কায়িত রাখিয়া সঞ্চয় করা হইত । সঞ্চিত ধন রাজা কাড়িয়া লইত বলিয়া লোকে তাহা গুপ্তভাবে রাখিত ।

এই সময়ের ধনীরা খুব জাঁকজমকের সহিত বাস

করিত, — অনেকে চাকর, লস্কর রাখিত। এই প্রথা ভারতের সর্ব্বত্র এবং সকল ধর্ম্মের লোকেদের মধ্যে প্রচলিত ছিল। এই জাঁকজমকের ফলে ওমরাহগণ ধন-হীন হইয়া পড়িত। তাঁহারা নির্ধন হইয়া পড়িলে কৃষকদের শোষণ করিত। সাজাহানের রাজত্বের শেষভাগে ফরাসী পর্য্যটক বার্ণিয়ে ভারত ভ্রমণকালে গণসমূহের দুর্গতির কথা উল্লেখ করিয়াছেন।

ধনীরা যখন ধন উড়াইত তখন মধ্যবিত্তশ্রেণীর অবস্থা ছিল কিরূপ? পূর্ব্বেই উক্ত হইয়াছে তাহাদের সংখ্যা বড় কম ছিল এবং তাহাদের বিষয়ে সংবাদও কম পাওয়া যায়। বোধ হয় তখনকার কেরাণী প্রভৃতির জীবন-যাত্রা প্রণালী আজকালকার কেরাণী জীবন হইতে পৃথক নয়। এই সময়কার লিখিত বিবরণ যাহা সম্ভবতঃ এই শ্রেণীর লোকেদের দ্বারা লিখিত হইয়াছে তাহা হইতে এই সংবাদ প্রাপ্ত হওয়া যায় যে, তাহাদের জীবন আদৌ স্বচ্ছন্দ ছিল না।

এই সময়ের সওদাগরদের অবস্থার বিষয় খুব কমই জ্ঞাত হওয়া যায়। তাহাদের মধ্যে অনেকে ধনী ছিল, গড়পড়তা আয় (average income) বোধ হয় তেমন একটা খুব বেশী কিছু ছিল না (১৪)। ধনী সওদাগরদের ধনের

বাহার দেওয়া বিপজ্জনকই ছিল ; তাহা হইলে রাজা তাহাদের পঙ্কজের মতন শুষিয়া নিবে । এইজন্যই বার্ণিয়ে বলেন , ধনীরা গরীব সাজিয়া থাকিত । বোধ হয় এই অভ্যাসই আজকাল অনেক সওদাগরের গরীবানা চাল – চলন রাখার কারণ । কেবল পশ্চিম কূলের মুসলমান ব্যবসাদারেরা ভাল খাইত ও পরিত । ইহার হেতু , — এই সকল মুসলমান সওদাগরেরা নানা অধিকার ভোগ করিত , তাহাদের উপর কোন প্রকার উৎপাত হইত না ।

নিম্নশ্রেণীর অবস্থা

বিভিন্ন পর্য্যটক ও ভারতীয় লেখকদের বর্ণনা হইতে আমরা নিম্নশ্রেণীর অবস্থা বুঝিতে পারি । এই সকল লেখকেরা বলেন , বাঙ্গালা প্রদেশ ব্যতীত বাকি দেশটা মধ্যে মধ্যে দুর্ভিক্ষের কবলে পড়ে , তজ্জন্য অধিক মৃত্যু সংখ্যা , সন্তানগণকে বিক্রয় করিয়া ফেলা এবং নর – মাংস ভক্ষণ (১৯) সংঘটিত হয় (২০) । দুর্ভিক্ষ উপস্থিত হইলে এইসব দুর্ভাগ্য আপনিই জুটিত , — অবশ্য দুর্ভিক্ষ সচরাচর হইত না । এতদ্বারা এই প্রমাণিত হয় যে গণসমূহের

সঞ্চিত অর্থ কিছু থাকিত না বলিয়াই দুর্ভিক্ষের সময় তাহারা নানা বিপদে পড়িত (২১) । ষোড়শ শতাব্দীর প্রাক্কালে বার্বোসা করমণ্ডল তীরভূমির বিষয় বলিয়াছেন , এই দেশে সর্ব্ব বিষয়ে প্রাচুর্য্য থাকিলেও বৃষ্টিপাত না হইলে দুর্ভিক্ষে বেশী লোকের মৃত্যু হইত এবং এক টাকার চাইতেও কম মূল্যে সন্তানগণ বিক্রীত হইত । ইহার পঁচিশ বৎসর পর কোরিয়া এই স্থানেই জনশূন্যতা ও নরমাংস ভোজনের সংবাদ দেন ; ইহার দশ বৎসর পর বাদাওনী আগ্রা ও দিল্লীর নিকটবর্ত্তী স্থলে এই প্রকার বিষয় বর্ণনা করিয়াছেন । এই শতাব্দীতে উত্তর ভারতেরও এই দুর্দ্দশা হয় (২২) । ইহাতে এই মনে হয় যে লোকে নিজেদের আহার্য্য সংগ্রহের জন্য ঋতুর উপর নির্ভর করিত , এবং বৃষ্টিপাত না হইলে তাহাদের আর্থিক দুর্দ্দশা হইত ।

পঞ্চদশ শতাব্দীর প্রথমভাগে নিকিটিন নামে একজন রুশ পর্য্যটক বলিয়াছিলেন , দেশটি জনাকীর্ণ ; যাহারা গ্রামে থাকে তাহারা অতি দুঃখে জীবন যাপন করে ; কিন্তু অভিজাতেরা অত্যন্ত ধনী এবং বিলাসিতায় আনন্দ লাভ করে (২৩) । ষোড়শ শতাব্দীর প্রথমে বার্বোসা মালাবার কূলের (২৪)

লোকদের দারিদ্র্য দেখিয়া আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন এবং ঐ স্থানের কতগুলি নিম্নশ্রেণীর লোক অত্যন্ত গরীব ছিল । ইহাদের কত লোক বিক্রয়ার্থে কাঠ ও ঘাস সহরে আনয়ন করিত , অন্য লোকে বন্য ফলমূল ও পশুর মাংস খাইয়া লজ্জা নিবারণের জন্য গাছের পাতা জড়াইয়া জীবন ধারণ করিত । বার্থেমাও এই প্রকারের ধারনা আমাদের প্রদান করিয়াছেন । বিজয়নগরের সাধারণ লোকের সম্বন্ধে তিনি বলিয়াছেন , " তাহারা সম্পূর্ণ উলঙ্গ থাকে , কেবল শরীরের মধ্যস্থলে এক টুকরা কাপড় জড়াইয়া রাখে । "

দক্ষিণ – ভারতের নিম্নশ্রেণীর লোকদের দুঃখ – দুর্দ্দশার বিষয় যাহা বিদেশী পর্য্যটকেরা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন তাহা আজ পর্য্যন্তও সত্য । এই শ্রেণীগুলি সভ্যতার যে – স্তরে অবস্থিত আছে তাহা নগ্ন দারিদ্র্যের জন্য কতটা দায়ী । অবশ্য সভ্যতা অর্থনীতিক অনুষ্ঠানের উপর নির্ভর করে । ইহাদের অর্থনীতিক পরিস্থিতি পুরোহিতদের আশীর্ব্বাদে চিরস্থায়ী হইয়াছে ! একটা লোকসমষ্টির আর্থিক অবস্থার উন্নতি না হইলে তাহার সভ্যতার উন্নতি হয় না , কিন্তু ভারতের গণশ্রেণীরা সভ্যতার উন্নতির পথেই অভিশপ্ত হইয়া

" পতিত " হইয়া আছে । এইজন্যই ভারতের পতিতদের নগ্ন দারিদ্র্য চিরকাল বিদেশীয়দের দৃষ্টি আকর্ষণ করিয়াছে ।

বার্থেমা ও বার্বোসার পঁচিশ বৎসর পর পেয়স ও নুনিজ নামক পর্তুগিজ পর্য্যটকেরা বিজয়নগর ভ্রমণ করিয়া যে অভিজ্ঞতা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন তাহা মোওয়েলের ভাষায় , " হিন্দু গভর্ণমেন্টের অধীন সম্ভ্রান্ত লোকদের দ্বারা দক্ষিণ – ভারতের রায়তেরা ভীষণভাবে অত্যাচারিত হইত । দুইজন পর্য্যটক পরস্পর স্বাধীনভাবে যাহা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন তাহাতে এই বোঝা যায় যে , গণসমূহ নিষ্পেষিত হইত এবং অত্যন্ত দুঃখ ও দারিদ্র্যে জীবন যাপন করিত " (২৫) । এই বিষয়ে বিভিন্ন পর্য্যটকদের প্রদত্ত বিবরণ হইতে আর উদ্ধৃত না করিয়া স্যার টমাস রো – এর কথা পর্য্যাপ্ত হইবে : " ভারতের লোকেরা মাছ যেমন সমুদ্রে বাস করে সেই প্রকারে বাস করে —বড়গুলি ছোটদের খাইয়া ফেলে । প্রথমে জোতদার (farmer) কৃষককে লুন্ঠন করে , ভদ্রলোক (তালুকদার বা জমিদার) জোতদারকে লুন্ঠন করে , বড় ছোটকে লুটিয়া লয় , রাজা সকলকে লুন্ঠন করে । "

বাঙ্গালায় ইংরেজদের বাণিজ্য বিষয়ে কি সুবিধা আছে সে সম্বন্ধে অনুসন্ধানের সার মর্ম্ম এইরূপ : বাজার কেবল " ভদ্রলোকদের মধ্যে গণ্ডীভূত ; ইহারা আবার সংখ্যায় অতি অল্প -- অধিকাংশ অধিবাসীরা অত্যন্ত গরীব (২৬) । এই প্রদেশের অধিবাসীদের পোষাক - পরিচ্ছদ সম্বন্ধে আবুল ফজল বলেন , " এক রকম চটের কাপড় (sack cloth) বঙ্গপুরে উৎপন্ন হইত । " এতদ্বারা অনুমান হয় যে পাট হইতে এক প্রকারের কাপড় প্রস্তুত হইত ।' কারণ পাটের কাপড় ঊনবিংশ শতাব্দী পর্য্যন্ত গরীবদের নগ্নতা নিবারণ করিত ।" বাঙ্গলার সম্বন্ধে ষোড়শ শতাব্দীর শেষে ফিচ বলেন , গৌড়ের পুরাতন রাজধানীর নিকট তাণ্ডাতে " লোকে কোমরে একটু কাপড় জড়াইয়া নগ্ন হইয়া থাকে ;" চট্টগ্রামের নিকট বাকোলার লোকদেরও সেই অবস্থা তিনি বর্ণনা করিয়াছেন । তার রাজধানী সোনারগাঁ - এর লোকদের বিষয় তিনি বলিয়াছেন , " সম্মুখে (শরীরের গুপ্তাংশে) অল্প কাপড় পরে , বাকী শরীর উলঙ্গ থাকে " (২৭) । এই বর্ণনাগুলি আইন আকবরীর সহিত মিলে ।

সপ্তদশ শতাব্দীর শেষে সুরা নামে পর্টুগীজ ঐতিহাসিক

বাঙ্গালার জনসংখ্যা বেশী ছিল বলিয়া বর্ণনা করিয়াছেন (২৮) । সর্ব্বশেষে বাবরের নিজ কথা উদ্ধৃত করিয়া এই প্রসঙ্গ সমাপ্ত করা যাউক : চাষী ও নিম্ন শ্রেণীর লোকেরা উলঙ্গ থাকে । লজ্জা নিবারণের জন্য নাভি কুণ্ডলের নিম্নে তাহারা "লাঙ্গোটা" নামে একটা আচ্ছাদন বাঁধে । স্ত্রীলোকেরা একটী কাপড়ের (লুঙ্গী) অর্দ্ধেক কোমরে জড়ায় আর বাকি অর্দ্ধেক মাথায় দেয় ।' এই বর্ণনাই পর্য্যাপ্ত , ইহা কম বেশী পরিমাণে আজও সত্য । অবশ্য বর্ত্তমান ভারতের স্থান বিশেষে সভ্যতার বৃদ্ধির সঙ্গে পরিচ্ছদ , আসবাবপত্রাদি সাধারণ লোকে বেশী ব্যবহার করিতেছে ।

বাঙ্গালার মধ্যযুগের অবস্থার বিষয়ে ৺দীনেশচন্দ্র সেন মহাশয় বলিয়াছেন — "এই কালে বাঙ্গালী খাইয়া পরিয়া বেশ সুখী ছিল (২৯) । গৃহজাত দ্রব্যেই দৈনন্দিন অভাবগুলি এরূপ সুন্দরভাবে মোচন হইত , বাজারের ব্যয় কিছুই ছিল না বলিলেই চলে ।" মধ্য-যুগের মাৎস্য-ন্যায়ের অবস্থার মধ্যে তিনি যে সত্যযুগের কল্পনা করিয়াছেন ইতিহাস তাহার কোন সাক্ষ্য প্রদান করে না ।

যদি অভাবের জন্য সর্ব্ব বিষয়ে ভোগ-বিরহিত হইলেই "স্বর্ণ-যুগের" সুখ ভোগের কল্পনা করা যায়, যদি "সত্যযুগ" অর্থে সভ্যতা-বিরহিত বর্ব্বরাবস্থা, যখন লোকে Domestic economy যুগ (যাহা প্রয়োজন তাহা স্বহস্তে সৃষ্ট করা, এই অর্থনীতিক অবস্থা) অতি প্রাচীন কৌমগত অবস্থার স্তরে থাকে তাহাই হয়, তাহা হইলে অবশ্য আমাদের কিছু বলিবার নাই। কিন্তু ইতিহাস সাক্ষ্য দেয় যে বাঙ্গালা তখন সভ্যতার সেই স্তর অতিক্রম করিয়া গিয়াছে; তখন একদিকে ধনের প্রাচুর্য্য অন্যদিকে নিত্য-বুভুক্ষা — এই বাঙ্গালী সমাজের অর্থনীতিক অবস্থা!

কবি কঙ্কণের চণ্ডীতে সমাজের বিভিন্ন স্তরের যে অবস্থা বর্ণিত হইয়াছে তাহাতে দৃষ্ট হয় দেশের রাজনীতিক অবস্থার জন্য লোকে সদা সশঙ্কিত থাকিত ? মুসলমান শাসকেরা "জিম্মিদের" (বিধর্ম্মী প্রজা) সকল সময়ে ভাল করিত না, ইসলামীয় বিধান অনুসারে জিম্মিদের নানা দুরবস্থা করিত (৩০)। বিজয় গুপ্তের পদ্মপুরাণে উল্লেখ আছে, "কার পৈতা ছিঁড়ি ফেলে থুথু দেয় মুখে ...... বাছিয়া ব্রাহ্মণ পায় পৈতা যার কাঁধে।" পেয়াদাগণ নাগ

গাইলে হাতে গলায় বাঁধে । " মুকুন্দরাম যখন তাঁহার কাব্যে নায়ক ধনপতি সওদাগরকে সিংহল যাত্রা করাইলেন তখন সওদাগরের ডিঙি এমন স্থানে আসিল যে " রাত্রি দিন বহে যায় হারমাদের (পর্টুগীজ বোম্বেটে) ডরে ।" সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে কেতকীদাস - ক্ষেমানন্দের " মনসা - মঙ্গল " বিরচিত হয় । ইহাতে কবি নিজের পরিচয় প্রদান-কালে বর্ণনা করিয়াছেন যে, বলভদ্রের তালুকে তিনি বাস করিতেন । জমিদারের মৃত্যুর পর তালুকে গোলমাল হয়, " তাহার তালুকে বৈসে, প্রজা নাহি চাষ চসে শমন নগর কাঁথড়া । ..... দিন কত ছাড়িয়া যাই, তবে সে নিস্তার পাই, সকলের তবে ভাল যায় । শ্রীযুক্ত আস্কর্ণাএ, অনুমতি দিল তাএ, যুক্তি দিল পালাবার তরে ।"

এই অত্যাচার যে কেবল মুসলমান কর্তৃক হিন্দুর উপর অনুষ্ঠিত হইত তাহা নহে, হিন্দুও হিন্দুর উপর অত্যাচার উৎপীড়ন করিত । রামদাস আদকের " অনাদি মঙ্গল" রচনার মূলে একটি গল্প আছে — হায়ৎ পুরের চৈতন্য সামন্ত নামক এক দুর্দ্দান্ত তহশীলদারের অত্যাচারে অল্পবয়স্ক কবি কারারুদ্ধ হন .... কবি পলাইয়া মাতুলালয়ে যাইতেছিলেন এমন

সময় বাঘনান গ্রামের পথে এক সশস্ত্র সিপাহী তাঁহাকে বেগার ধরিবার জন্য আটকাইল ; এবং সিপাহী বলিল , "আমার সম্মুখে যদি ফেল এই মোট । দ্বিখণ্ড করিব তোরে মারি এক চোট ।" তারপর কবি ধর্ম্ম ঠাকুরের কৃপার পাত্র হন । পুনঃ ষোড়শ শতাব্দীর মধ্যভাগে চন্দ্রাবতী নাম্নী ময়মনসিংহের এক মহিলা কবি এক রামায়ণ রচনা করেন । স্বীয় পরিচয় প্রদানকালে তাহাতে তিনি বলিতেছেন , "ঘরে নাই ধান চাল , চালে নাই ছা (উনি)। আকর ভেদিয়া পড়ে উচিছলার পাখী ।। বাড়াতে দারিদ্র্য — জ্বালা কষ্টের কাহিনী । তার ঘরে জন্ম লৈল চন্দ্রা অভাগিনী ।।"

এই যুগে সাধারণতঃ পুরুষদের পায়ে জুতা দিবার প্রথা ছিল না , নিম্নশ্রেণীর স্ত্রীলোকেরা "ফুতা" নামে একপ্রকার পটবস্ত্র পরিধান করিত (৩১) । ইতিপূর্ব্বেই ইহা আমরা বিদেশী পর্য্যটকদের প্রদত্ত বিবরণাদি হইতে শ্রবণ করিয়াছি ।

বিদেশীয় ও দেশীয় সাক্ষ্য প্রমাণাদি শ্রবণান্তর আমরা ইহা উপলব্ধি করি যে মধ্যযুগে বাঙ্গালার গরীবদের ও

জনসাধারণের অবস্থা আদৌ ভাল ছিল না ; তাহারা যে "খাইয়া পরিয়া বেশ সুখে ছিল" তাহা নিছক হাল ফ্যাসানের বুর্জোয়া সাহিত্যিকদের কল্পনা মাত্র । গৌড়ের সুলতান ও তাঁহার বারভূঁইয়ারা ও জমিদারেরা, দিল্লীর বাদসাহ ও তাঁহার প্রাদেশিক সুবেদার ও ওমরাহের দল, বিজয়নগরের মহারাজাধিরাজ ও তাঁহার সামন্ত রাজারা ও পলিগারের (ভূস্বামী) দল হাসিয়া খেলিয়া খাইয়া বেশ ছিল, একথা স্বীকার করা যায় । কিন্তু মধ্যযুগীয় সামন্ত-তান্ত্রিক সমাজে বিশেষতঃ ভারতের অবস্থার যে বর্ণনা আমরা বিদেশী ও দেশীয় লেখকদের নিকট হইতে প্রাপ্ত হইয়াছি তাহা হইতে ইহাই প্রতীয়মান হয় যে, ভারতের গরীব সাধারণ অতি দুঃখ-দারিদ্র্যে ও অত্যাচার উৎপীড়নের ভিতর জীবন যাপন করিত, এবং দারিদ্র্যের জন্য অনেকে অর্দ্ধ-দাসত্ব ও পূর্ণ-গোলামিত্বে পতিত হইত । আর সেই সময়ে গোলাম ও খোজা সংগ্রহ করিবার একটি বড় কেন্দ্র ছিল বাঙ্গালা (৩২) ।

(ডাঃ ভূপেন্দ্রনাথ দত্তের ভারতীয় সমাজ পদ্ধতি হইতে এই অংশটি গৃহীত)

১। W. H. Moreland -- India at the death of Akbar P, I3.

২। " " " " " " " " " P, 26.

৩। " " " " " " " " " P, 32.

৪,৫। " " " " " " " " " P, 33.

৬। Moreland -- India at the death of Akbar, P, 34.

৭। " " " " " " " P, 45.

৮। " " " " " " " P, 51.

৯। " " " " " " " P, 38.

১০। " " " " " " " P, 60.

১১। " " " " " " " P, 85.

১২। Akbarnama -- translation ii, 246

১৩। বাঙ্গলা যে খোজা সংগ্রহ করিবার একটি বড় কেন্দ্র ছিল তাহা Marco Polo (Yule, ii, 115), Barbosa (P 363), Pyrard (translation, i, 332). প্রভৃতি পর্য্যটকেরা উল্লেখ করিয়াছেন, এবং আইন-আকবরী (Ain-i-Akbari) গ্রন্থে বাঙ্গালা প্রদেশ বিবৃতিকালে উল্লেখ আছে (translation, ii, 1227).

১৪। Moreland -- India at the death of Akbar, P.112-113.

১৫। বার্বোসা এবং ষোড়শ ও সপ্তদশ শতাব্দীর লেখকেরা মালাবারে চাষী ও শ্রমিকদের গোলাম (Serf) বলিয়া বর্ণনা করিয়াছেন।

১৬। Moreland -- India at the death of Akbar, P113-114.

১৭। বাঙ্গলায় " সার্ফত্ব " এখনও এপ্রকার চলিত আছে । এক জন কৃষক কোন লোকের নিকট হইতে টাকা ধার নিয়া তৎপরিবর্তে যতদিন না উত্তমর্ণের এই ঋণ পরিশোধ হয় ততদিন বিনা বেতনে তাহার বাড়ীর চাকর হিসাবে থাকে । কিন্তু পুনঃ টাকার প্রয়োজন হইলে আবার এই প্রকারে খাটিয়া দেনা শোধ দেয় । এইপ্রকারে তাহার জীবনে মুক্তির আস্বাদ পায় না ।

১৮। ডেলা ভাল নামক একজন পর্যটক সওদাগরের আর্থিক অবস্থার অনিশ্চয়তার প্রমাণও দিয়াছেন (Della Valle -- P 134).

১৯। Letourneau বলেন, লোকে অভাবের তাড়নাতেই নর-মাংস ভক্ষণে বাধ্য হয় । এই বিষয়ে তিনি নানা তথ্য সংগ্রহ করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন (তাঁহার Anthropophagie পুস্তক দ্রষ্টব্য) । Black Death এর সময় ইউরোপে নরমাংস খাদ্যরূপে পরিগণিত হইয়াছে (Sorokin -- The Sociology of Revolution, P. 152 দ্রষ্টব্য 0 । Crusader রা যুদ্ধে তুর্কি শত্রুর মাংস খাইত (The National History of France, P . 119 .)

২০। Moreland -- India at the death of Akbar , P, 266.

২১। " " " " " " " P, 266.

২২। " " " " " " " P, 266.

২০। Translation of Nikitin in Major's " India in the Fifteenth Century , P 14 .

২৪। সেতুবন্ধরামেশ্বর হইতে মাদ্রাজ পর্য্যন্ত দক্ষিণ-ভারতের

পূর্ব্ব-উপকূলের কৃষক ও নিম্ন শ্রেণীর লোকদের নগ্ন-দারিদ্র্য লেখক যাহা স্বচক্ষে দেখিয়াছেন তাহা তিনি জীবনে আর কোথাও দেখেন নাই ।

২৫। Sewell -- " Vijaynagar , a Forgotten Empire ."

২৬। Moreland -- India at the death of Akbar, P 269.

২৭। " " " " " " " P 276.

২৮। Steven's Translation of " The Portuguese Asia ," i, 415.

২৯। দীনেশচন্দ্র সেন — বঙ্গভাষা ও সাহিত্য , ৩৫১ পৃ:

৩০। " গৌড়ের ইতিহাস" — ১ম খণ্ড — এ " রাজকর্ম্মচারীগণের অত্যাচার " ও সেইস্থানে উদ্ধৃত ভবানী দাসের কবিতা দ্রষ্টব্য , ২৪৯ —২৫১ পৃ: ।

৩১। বঙ্গভাষা ও সাহিত্য — ৪০০ পৃ: ।

৩২। মধ্যযুগের সাধারণ অবস্থা বর্ণনা প্রসঙ্গে ঐতিহাসিক কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় মহাশয় (" মধ্যযুগে বাঙ্গলা " — ৩৩৪ — ৩৩৫ পৃ:) বলেন , " এক শ্রেণীর সমালোচক সেকালের অবস্থা বড়ই সুখের ছিল কল্পনা করিয়া লইয়া ইহার পরিপোষক প্রমাণস্বরূপ বলিবেন ....মোটা ভাত ও মোটা কাপড়ের কষ্ট ছিল না । কায়স্থের কথায় পাটোয়ারী হইতে উর্দ্ধতন কর্ম্মচারী পর্য্যন্ত সকলের আনুমানিক আয় ব্যয়ের একটা হিসাব দেখাইয়া সুখ-স্বাচ্ছন্দ্যের সমর্থন চলিবে । কিন্তু সাধারণ ও নিম্ন শ্রেণীর লোকের বিষয়ে এই সমালোচক কোন বাঙনিষ্পত্তি করিবেন না । ভদ্রলোক সুখে থাকিলেই দেশের অবস্থা ভাল হইত । কিন্তু কৃষিজীবী লোকের বেলায় আর সে কথা চলিবে না । কবিকঙ্কণের আত্মকথায় দেখা গিয়াছে , সাধারণ ব্রাহ্মণেরও সর্ব্বথা

সম্বল ছিল না। কাব্য-কথিত ভারুদত্তের শ্রেণীর কৃপাভিক্ষার্থী কায়স্থও অনেক ছিল; ঔষধের থলি বগলে বৈদ্যরাজ সম্বন্ধেও ঐ কথা। উচ্চ জাতির স্বাচ্ছল্য স্বীকার করিলেও কৃষক এবং শ্রমজীবির যে সম্বল ছিল, ইহা কেহই প্রমাণ করিতে পারিবে না। যে কালে টাকায় পাঁচ মণ ধান্য বিক্রীত হইত, সেই সময়ে সাধারণ শ্রমজীবির মজুরী চার পয়সারও কম ছিল; তখন তাহারা বস্ত্র ও গৃহের উপকরণ যে ভাল করিতে পারিত তাহা বলা চলে না। বাস্তবিক বিদেশীরা আসিয়া এই শ্রেণীর লোকের কষ্টই দেখিয়াছেন *।

Notes

এই যুগকে ভারতের মধ্যযুগ বলা হয়

This era (or period) is known as the "middle ages" of India.

এই যুগ - this era
মধ্যযুগ - middle ages
বলা হয় - (lit.) is called, is known as

এই সময়কার ভারত বলিলে

while speaking of India as it was then

আমলাতন্ত্র

bureaucracy; this is a word borrowed from Arabic. আমল in Arabic means "rule", and আমলা means "royal employees". তন্ত্র is a Sanskrit word also meaning rule. So the compound means rule by royal employees.

জীবন যাপন করিতে হইবে

will have to live

জীবন - life
যাপন করা - to mark time
জীবন যাপন করা - to live

হয় .....না হয়

either ... or

সরকারী পদের অধীনস্থ বা নির্ভরশীল গোষ্ঠী

a class of subordinate governmental employees

সরকারী - governmental
পদ - post
অধীনস্থ - subordinate
নির্ভরশীল - dependent
গোষ্ঠী - class

সর্দার গোছের লোক	people like the chief, leader-like person সর্দার - leader
হইত	used to be carried on
হইতে হইবে	will have to be
অত্যধিক বলিয়া	as too much অত্যধিক - too much বলিয়া - as (অতি - অধিক)
বর্ণনা করিয়া গিয়াছেন	has described বর্ণনা করা - to describe বর্ণনা করিয়া যাওয়া - to narrate, to describe
এই ধারণা হয় যে	one gets this impression ধারণা - impression ধারণা হয় - to get an impression
হয়ত পৈত্রিক সম্পত্তি ভাঙ্গিয়া খাওয়ার লোকও কম ছিল	Probably there were only a few persons who lived on inherited property ভাঙ্গিয়া খাওয়া - to live on accumulated property, without earning a penny
বলা যাইতে পারে	it can be said
মধ্যে মধ্যে	from time to time
ইহার জোরে	on the strength of this

অনেক পরিমাণে	to a great extent
মোগল	Mughol
সামন্ত	a subordinate king
অনুসন্ধান করিবার অনুজ্ঞায়	in order to investigate
সম্ভ্রান্ত শ্রেণীর লোকদের	nobles, people of the nobility
বিচার করিত	used to deliberate on, give verdict on, pass judgement on
নিযুক্ত করিতেন	used to employ
উৎকোচ গ্রহণ প্রথা	practice of taking bribes
আকবর	Akbar (1582-1605), the great Mogul ruler, son of Humayun and father of Jahangir
মকদ্দমা	litigation, suit (a loan word from Arabic)
ফৌজদারী	criminal (a Persian loan)
দেওয়ানী	civil দেওয়ান is derived from Persian divan, "court"
মির আদল	chief legal administrator মির - chief আদল - (lit.) ideal, nature

কাজী	Kazi, a Muslim judge who administers law according to the principles of the Muslim legal system (Shariā)
আমল গুজার	civilian official
ফৌজদার	military commander (derived from Arabic word ফৌজ meaning soldiers)
অঙ্কুর প্রাপ্ত হইয়াছে	were started অঙ্কুর - shoot, origin, newly born thing অঙ্কুর প্রাপ্ত হওয়া - to sprout, to start, to begin
দায়ী থাকিত	used to be responsible
ডাকাইতের উৎপাত হইত	There used to be troubles caused by the Dacoits.
কর্ম্ম করিত	used to work
ডাকাইতের উৎপাত ছিল	there were risks of being attacked by Dacoits
পরীক্ষা করিয়া	examining
প্রদান করিতে হইত	had to pay
মধ্যবর্তী লোকদের	middlemen
যে যত পার শোষণ কর	exploit as much as you can

রাখিয়া গিয়াছেন	has left behind
লইয়া যাইবার জন্য	for taking, in order to take
সুদৃঢ় না হইলে	if (it) were not firm
মাল – ক্রেতার ঘাড়ে	on the buyer; (lit.) on the shoulder of the buyer of goods ঘাড় - shoulder মাল - goods ক্রেতা - buyer
এড়াইয়া যাইত	used to escape
জায়গীর	a piece of land, given as reward (for some work of merit) by the ruler (Persian loan)
জাহাঙ্গীর	Jahangir, a Mughol emperor, son of Akbar, father of Shahjahan
আবুল ফজল	Abul Fazal (1551-1602), Akbar's courtier, noted scholar and historian, author of AIN-I-AKBARI and AKBARNAMA.
আমীর	nobleman, peer (loan word from Arabic)
মনসবদার	the commander who got 'Jaigir' from the emperor and maintained at least one hundred soldiers (Arabic loan)

আইন — আকবরী	a book on the administration of Akbar, written by Abal Fazal
দান পাইত	used to get [the land] as gift
সংগ্রহ করা হইত	used to be collected, used to be gathered
সন্ধান করিলে	if one inquires about
স্বীকৃত হইয়াছে	has been recognized
যে সব জমি	all the lands which
ভোগ করিত	used to enjoy
নিষেধ করিয়া দিয়াছিলেন	had forbidden
দেখা যায়	(lit.) is seen, one sees
দেবোত্তর	the land given for the service of gods
খাইয়া ফেলিত	(lit.) used to eat up; resulted in a loss
সর্ব্বাপেক্ষা অধিক বদনাম	worst reputation
তাহাকে .. করিয়া দিলে	if he is made
তাহারা যে আয় বরবাদ করিত তাহা অবশেষে কৃষক শিল্পী ও ব্যবসায়ীদের ঘাড়ে পড়িত	The income (or produce) that was spoilt (or spent) by them was ultimately supplied by the farmers,

artisans, and trader.

আয় - income

বরবাদ করা - to spoil

অবশেষে - ultimately

ঘাড়ে পড়িত - were supplied; (lit.) used to fall on the shoulder

পাওয়া যাইত	were available, were found
অর্দ্ধ-গোলাম	predial
স্মরণাতীত কাল হইতে	from time immemorial
অবসর সময়	leisure
অন্তর্হিত হয় নাই	has not disappeared
এক টুকরা জমি	*a small plot of land*
কাড়িয়া লইত	used to take away by force
গঙ্গাতীরবর্তী দেশ সমূহ	the Gangetic plain
ধারণা করিতে পারেন নাই	(they) could not infer, failed to guess
প্রবর্তিত হইয়াছিল	were introduced
সৃষ্টি হইয়াছে	has been created
সঞ্চয় করা হইত	used to be saved
জাঁকজমকের সহিত বাস করিত	used to live in grandeur

তেমন একটা খুব বেশী কিছু ছিল না	was not very high
নফর জাতি	the servant class নফর - servant (Arabic)
গোলাম	servant, slave (Arabic)
দরবারী	belonging to the court দরবার - court, royal audience
টাকা খাটানো	to invest money খাটানো - to make something work
নবাবী করা	to behave like a Nawab; the phrase is used with a derogatory connotation
খরচা করিয়া উড়াইত	used to squander away খরচ – খরচা - expenses খরচা করা - to spend খরচা করিয়া উড়ানো - to spend lavishly and in a useless manner
হইয়া পড়িত	used to become
শোষণ করিত	used to exploit, used to oppress
লিখিত হইয়াছে	has been written
ভাল খাইত ও পরিত	used to eat and dress well, used to live well

গরীবানা চালচলন	manners and practices of men of poverty গরীবানা - pertaining to গরীব "a poor man" (a loan word from Arabic)
গরীব সাজিয়া থাকিত	pretended to be poor
সাজাহান	Shah Jahan, fifth Mughol emperor, son of Jahangir, father of Aurangzeb, husband of Mumtaz, builder of Taj Mahal.
ওমরাহ	noblemen (Arabic word)
লস্কর	soldier, guards (a Persian loan)
প্রাচুর্য্য থাকিলেও	even if there were abundance
গণসমূহ	public, mass of people
কিছু থাকিত না	did not have any
এক টাকার চাইতেও কম	less than a rupee
এই প্রকার বিষয়	similar things; (lit.) this type of thing
উপস্থিত হইলে	if (it) appeared
হইত না	did not occur
বৃষ্টিপাত না হইলে	if there were no rain

লিপিবদ্ধ করিয়া গিয়াছেন	has written down
নির্ভর করিত	used to depend
আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন	was surprised very much
এক টুকরা	a piece
জমিদার	landlord জমি - derived from Arabic word জমিন meaning land.
তালুকদার	landlord তালুক - Arabic word meaning landed property
জোতদার	tenure-holder
পতিত	degraded
অর্থনীতিক অনুষ্ঠান	economic functions. Note the influence of English.
নগ্ন দারিদ্র্য	naked poverty. Note the influence of English.
প্রসুত হইত	were produced; not to be confused with প্রস্তুত হওয়া - to be ready
সেই অবস্থা	similar (or same) condition
সমাপ্ত করা যাউক	let us conclude

স্থান বিশেষে	in particular places
শরীরের গুপ্তাংশ	(lit.) the parts of the body that are kept hidden (or covered), sex organs
খাইয়া পরিয়া	(lit.) eating and being clothed, being free from daily needs
কিছু বলিবার নাই	(we) have nothing to say
অভাবের জন্য	because of poverty, due to the absence of means
অতিক্রম করিয়া গিয়াছে	has crossed, has passed through
কার পৈতা ছিঁড়ি ফেলে থুথু দেয় মুখে	tearing up the sacred thread, [they] spit on their [the Brahmin's] face. ছিঁড়ি ফেলে = ছিঁড়িয়া ফেলিয়া = tearing up. থুথু দেয় - spit
বাছিয়া ব্রাহ্মণ পায় পৈতা যার কাঁধে	[They] pick out a Brahman who has the sacred thread on his shoulder. বাছা - to pick out ব্রাহ্মণ - Brahmin পাওয়া - to get পৈতা - sacred thread, which hangs from the shoulder diagonally to the waist, is a sign of the Brahmins. কাঁধ - shoulder

পেয়াদাগণ নাগ – পাইলে হাতে গলায় বাঁধে	(lit.) If the foot soldiers get [them] within their reach, they tie [ropes] around their hand and neck.

পেয়াদাগণ - a Persian word, foot soldier

নাগ – পাইলে - if (they) get within (their) reach

বাঁধে - tie up

হাত - hand

গলা - neck

রাত্রি দিন বহে যায় হারমাদের ডরে	The days and nights pass by in fear of the Portuguese pirates.
নিলা	took
বেগার ধরিবার জন্য	for getting him into service without pay
পলাইয়া	escaping, fleeing (from the prison)
অনুষ্ঠিত হইত	were performed
তাহার তালুকে বৈসে	sitting in his land
প্রজা নাহি চাষ চসে	tenants do not till [the land]
শমন নগর কাঁথড়া	Kathra became a city of the dead

বৈসে = বসিয়া - sitting

চাষ চসে (চষে) - to till the land

শ্রীযুক্ত আস্কর্ণরাএ	Mr. Askarna Rae
অনুমতি দিল তাএ	gave him permission
যুক্তি দিল পালাবার তরে	advised him to escape

দিন কত ছাড়িয়া যাই	many days I passed
তবে সে নিস্তার পাই	then I was released
সকলের তবে ভাল যায়	[Everything] was well for everyone after that.
আমার সম্মুখে যদি ফেল এই মোট দ্বিখণ্ড করিব তোরে মারি এক চোট	If you drop this load in front of me, I shall cut you into two pieces by beating you.
মারি এক চোট – মারিয়া এক চোট	- giving [you] a good beating
বাড়াতে দারিদ্রজ্বালা কষ্টের কাহিনী	to increase the sufferings of poverty and to lengthen the story of suffering
তার ঘরে জন্ম হৈলা চন্দ্রা অভাগিনী	the poor Chandra was born in his house (i.e. to him) হৈলা – হইলা – জন হৈলা - was born
আবর ভেদিয়া পড়ে উচ্ছলা –র পানী	breaking the reservoir the flood water comes down ভেদিয়া – ভেদ করিয়া — - piercing through
ঘরে নাই ধান চাল	There is no food in the house.
চালে নাই ছাউনি	There is no covering (thatch) on the roof.
বার ভূঞা	the twelve zamindars of Bengal who are famous for their independent spirit. They fought against the forces of Delhi to maintain their independence.

বর্ব্বরতার পঙ্কে (lit.) in the mud of stupidity

পঙ্ক - mud

বর্ব্বরতা - stupidity

Subhāsh Chandra Basu (Bose) (1897-1945)

Bengal is known for her political consciousness. She can legitimately be proud of many political leaders and philosophers; of them, Subhāsh Chandra Basu was one of the most popular, highly respected and greatly admired. He was born on January 23, 1897 at Kaṭak in Orissa. His father Janakīnāth Basu, was a well-known lawyer; his mother was Prabhābatī Debī. Subhāsh was the ninth child and sixth son of his parents. Among his ancestors were many historically important personalities who held positions in the Muslim court of Bengal.

He was educated first in a missionary school at Kaṭak, and later in a collegiate school at the same place. After he passed his matriculation examination in 1913, placing second in order of merit, he was admitted to the Presidency College, Calcutta.

While in school he was introduced to the ideas of Swāmi Vivekananda, Śrī Rāmkrishna, Śrī Aurobindo and Śaṁkarāchārya - all great Hindu philosophers and reformers. He also came into contact with political workers. But his main interest was in religion and social work. His major area of study was philosophy.

Basu's great social consciousness led to an interruption of his studies. The maltreatment of the Indians by the British at the time and the position of India in World War I made a deep impression on him. For vigorously supporting the case of a student who was mistreated by a British professor, he was expelled from Presidency College and Calcutta University.

After a year, however, the expulsion order was withdrawn and he was admitted in the Scottish Church College.

Subhāsh Chandra Basu (Bose) (1897-1945)

Bengal is known for her political consciousness. She can legitimately be proud of many political leaders and philesophers; of them, Subhāsh Chandra Basu was one of the most popular, highly respected and greatly admired. He was born on January 23, 1897 at Kaṭak in Orissa. His father Janakīnāth Basu, was a well-known lawyer; his mother was Prabhābatī Debī. Subhāsh was the ninth child and sixth son of his parents. Among his ancestors were many historically important personalities who held positions in the Muslim court of Bengal.

He was educated first in a missionary school at Kaṭak, and later in a collegiate school at the same place. After he passed his matriculation examination in 1913, placing second in order of merit, he was admitted to the Presidency College, Calcutta.

While in school he was introduced to the ideas of Swāmi Vivekananda, Srī Rāmkrishna, Śrī Aurobindo and Śaṅkarāchārya - all great Hindu philosophers and reformers. He also came into contact with political workers. But his main interest was in religion and social work. His major area of study was philosophy.

Basu's great social consciousness led to an interruption of his studies. The maltreatment of the Indians by the British at the time and the position of India in World War I made a deep impression on him. For vigorously supporting the case of a student who was mistreated by a British professor, he was expelled from Presidency College and Calcutta University.

After a year, however, the expulsion order was withdrawn and he was admitted in the Scottish Church College, Calcutta. At this time, he also joined the University Student's Military Training Corps. In 1919 he graduated with a first class. He was sent to Cambridge to sit for the Indian Civil Service examination, which he took in 1920 and was placed fourth in order of merit. Nevertheless he decided to resign from the ICS and returned to India to enter politics. He was imprisoned four times for his political activities. In 1928 he was elected Mayor of Calcutta. In 1937 and 1938 he was elected President of the All Indian National Congress, in spite of the opposition of Mahātmā Gāndhi; in 1941, he was sent to prison along with other congress leaders, to be later released. Suddenly Basu disappeared from India and joined with Germany and Japan in World War II. With their cooperation he organised the Free Indian Force in Singapore and in 1944 advanced up to the borders of Assam. He was reportedly killed in an airplane crash.

The selected pieces are from speeches delivered by him on several occasions. They give clear indication of his belief in Hindu religion, the philosophy of Vivekānanda, and in a national movement based on those two.

প্রত্যেক ব্যক্তির বা জাতির একটা ধর্ম্ম বা আদর্শ (ideal) আছে । সে ideal বা আদর্শকে অবলম্বন ও আশ্রয় করিয়া সে গড়িয়া উঠে । সেই ideal কে সার্থক করাই তার জীবনের উদ্দেশ্য এবং সেই ideal বা আদর্শকে বাদ দিলে তার জীবন অর্থহীন ও নিষ্প্রয়োজন হইয়া পড়ে । দেশ ও কালের গন্ডীর মধ্যে আদর্শের ক্রমবিকাশ বা অভিব্যক্তি একদিনে বা এক বৎসরে হয় না । ব্যক্তির জীবনে সাধনা যেরূপ বহুবৎসর ব্যাপী হইয়া থাকে, জাতির জীবনেও সেইরূপ সাধনার ধারা পরম্পরানুক্রমে চলিয়া আসে । তাই মনীষীরা বলিয়া থাকেন — আদর্শ একটা প্রাণহীন গতিহীন বস্তু নয় । তার বেগ আছে, গতি আছে, প্রাণসঞ্চারিণী শক্তি আছে ।

যে আদর্শ আমাদের সমাজে গত একশত বৎসর ধরিয়া আত্ম-বিকাশের চেষ্টা করিতেছে আমরা তার পরিচয় সব সময়ে না পাইতে পারি । যে চিন্তাশীল, যার অন্তর্দৃষ্টি আছে শুধু সে ব্যক্তি বাহ্য ঘটনা পরম্পরার অন্তরালে

অন্তঃসলিলা ফল্গুনদীরূপা এই আদর্শের ধারাকে ধরিতে পারে । এই আদর্শই আমাদের যুগধর্ম্ম — the idea of the age . ইহার উপলব্ধি হইলে মানুষ বুঝিতে পারে তার পথ কি , তার পথ প্রদর্শক কে । কিন্তু এই উপলব্ধি সব সময়ে হয় না বলিয়া আমরা প্রায়ই ভ্রান্ত পথের দিকে আকৃষ্ট হই এবং ভ্রান্ত গুরুর অনুবর্তী হইয়া থাকি । হে ছাত্রমণ্ডলী , যদি জীবন গঠন করিতে চাও — তবে ভ্রান্ত গুরু ও ভ্রান্ত পথের প্রভাব হইতে আত্ম - রক্ষা কর এবং নিজে আত্মস্থ হইয়া জীবনের প্রকৃত আদর্শ চিনিয়া লও ।

১৫ বৎসর পূর্ব্বে যে আদর্শ বাঙ্গলার ছাত্রসমাজকে অনুপ্রাণিত করিত তাহা স্বামী বিবেকানন্দের আদর্শ । সে আদর্শের প্রভাবে তরুণ বাঙ্গালী ষড়রিপু জয় করিয়া স্বার্থপরতা ও সকল প্রকার মলিনতা হইতে মুক্ত হইয়া আধ্যাত্মিক শক্তির বলে শুদ্ধ বুদ্ধ জীবন লাভের জন্য বদ্ধপরিকর হইত । সমাজ ও জাতি গঠনের মূল — ব্যক্তিত্ব বিকাশ । তাই স্বামী বিবেকানন্দ সর্ব্বদা বলিতেন " man making is my mission " — খাঁটি মানুষ তৈয়ারী

করাই আমার জীবনের উদ্দেশ্য ।

কিন্তু ব্যক্তিত্ব বিকাশের দিকে এত জোর দিলেও স্বামী বিবেকানন্দ জাতির কথা একেবারে ভুলিয়া যান নাই । কর্ম্মবিহীন সন্ন্যাসে অথবা পুরুষকারহীন অদৃষ্টবাদে তিনি বিশ্বাস করিতেন না । রামকৃষ্ণ পরমহংস নিজের জীবনের সাধনার ভিতর দিয়া সর্ব্ব ধর্ম্মের যে সমন্বয় করিতে পারিয়াছিলেন তাহাই স্বামীজীর জীবনের মূলমন্ত্র ছিল এবং তাহাই ভবিষ্যৎ ভারতের জাতীয়তার মূল ভিত্তি । এই সর্ব্ব – ধর্ম্ম – সমন্বয় ও সকল – মত – সহিষ্ণুতার প্রতিষ্ঠা না হইলে আমাদের এই বৈচিত্র্যপূর্ণ দেশে জাতীয়তা – সৌধ নির্ম্মিত হইতে পারিত না ।

বিবেকানন্দ – যুগের পূর্ব্বে যখন আমাদের দেশের নবযুগ প্রথম আরম্ভ হয় তখন আমাদের পথ প্রদর্শক ছিলেন রাজা রামমোহন রায় । ধর্ম্মের নামে যে সব অধর্ম্ম চলিতেছিল এবং যে সব আবর্জ্জনা ও কুসংস্কার ধর্ম্মের নামে সমাজ – দেহকে আচ্ছাদন করিয়াছিল এবং হিন্দু সমাজকে শতধা বিভক্ত করিয়াছিল, তাহা ধ্বংস করিবার জন্য রাজা রামমোহন কৃতসংকল্প হইয়াছিলেন ।

বেদান্তের সত্য প্রচারিত হইলে হিন্দু-সমাজ ধর্ম্মের বহিরাবরণ বর্জ্জন করিয়া সত্য ধর্ম্ম আশ্রয় করিতে পারিবে, এবং ভেদজ্ঞান ভুলিয়া আবার ঐক্য-সূত্রে আবদ্ধ হইতে পারিবে, এ বিশ্বাস তাঁহার ছিল। ধর্ম্মজগতে বিপ্লব আনিতে হইলে, আগে চিন্তাজগতে আলোড়ন উপস্থিত করা দরকার — তাই ভারতের চিন্তা-শক্তিকে জাগাইবার জন্য তিনি পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানের প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়াছিলেন।

ভারতকে জাগাইবার জন্য মনোরাজ্যে যে বিপ্লব রামমোহন প্রবর্ত্তিত করিলেন, পরবর্ত্তী যুগে সে বিপ্লব সমাজের মধ্যে আসিয়া পড়িল। কেশবচন্দ্রের যুগে সমাজ সংস্কারের কাজ দ্রুতগতিতে চলিতে লাগিল। ব্রাহ্ম সমাজের নূতন বাণীর ফলে সমগ্র দেশে নব জাগরণ আরম্ভ হইল। কিছুকাল পরে যখন ব্রাহ্ম সমাজ হিন্দু সমাজ হইতে পৃথক হইয়া পড়িল এবং হিন্দুসমাজের মধ্যেও জাগরণের সূচনা হইল তখন ব্রাহ্ম সমাজের প্রভাব ক্রমশঃ হ্রাস পাইতে লাগিল।

রামমোহনের যুগ হইতে বিভিন্ন আন্দোলনের ভিতর

দিয়া ভারতের মুক্তির আকাঙ্ক্ষা ক্রমশ: প্রকটিত হইয়া আসিতেছে। ঊনবিংশ শতাব্দীতে এই আকাঙ্ক্ষা চিন্তারাজ্যে ও সমাজের মধ্যে দেখা দিয়াছিল কিন্তু রাষ্ট্রীয়ক্ষেত্রে তখনও দেখা দেয় নাই —— কারণ তখনও ভারতবাসী পরাধীনতা –র মহানিদ্রায় নিমগ্ন থাকিয়া মনে করিতেছিল যে, ইংরাজের ভারত – বিজয় একটা দৈব ঘটনা বা divine dispensation. ঊনবিংশ শতাব্দীর শেষ দিকে এবং বিংশ শতাব্দীর প্রারম্ভে স্বাধীনতার অখণ্ড রূপের আভাস রামকৃষ্ণ – বিবেকানন্দের মধ্যে পাওয়া যায়। " Freedom, freedom is the song of my soul ," এই বাণী যখন স্বামীজীর অন্তরের রুদ্ধ দুয়ার ভেদ করিয়া নির্গত হয় তখন তাহা সমগ্র দেশবাসীকে মুগ্ধ ও উন্মত্তপ্রায় করিয়া তোলে। তাঁর সাধনার ভিতর দিয়া আচরণের ভিতর দিয়া কথা ও বক্তৃতার ভিতর দিয়া — এই সত্যই বাহির হইয়াছিল।

স্বামী বিবেকানন্দ মানুষকে যাবতীয় বন্ধন হইতে মুক্ত হইয়া খাঁটি মানুষ হইতে বলেন এবং অপরদিকে সর্ব্ব ধর্ম্মসমন্বয় প্রচারে ভারতের জাতীয়তার ভিত্তি স্থাপন করেন।

রামমোহন রায় মনে করিয়াছিলেন যে, সাকারবাদ খণ্ডন করিয়া এবং বেদান্তের নিরাকারবাদ প্রতিষ্ঠার দ্বারা তিনি জাতিকে একটা সার্ব্বভৌমিক ভিত্তির উপর দাঁড় করাইতে পারিবেন। ব্রাহ্ম সমাজও সেই পথে চলিয়াছিল কিন্তু ফলে হিন্দুসমাজ যেন আরও দূরে সরিয়া গেল। তার পর বিশিষ্টাদ্বৈতবাদ মূলক বা দ্বৈতাদ্বৈতবাদ মূলক সত্য প্রচারের দ্বারা এবং সকল-মতসহিষ্ণুতার শিক্ষা দিয়া রামকৃষ্ণ ও বিবেকানন্দ জাতিকে একতাসূত্রে গাঁথিবার চেষ্টা করিলেন।

যে স্বাধীনতার অখণ্ড রূপ বিবেকানন্দের মধ্যে আমরা দেখিতে পাই তাহা বিবেকানন্দের যুগে রাষ্ট্রীয় ক্ষেত্রে প্রবেশ করে নাই। অরবিন্দের মুখে আমরা সর্ব্বপ্রথমে রাষ্ট্রীয় স্বাধীনতার বাণী শুনিতে পাই। অরবিন্দ যখন "বন্দেমাতরম্" পত্রিকায় লিখিলেন—"We want complete autonomy free from British control"—তখন স্বাধীনতাকামী তরুণ বাঙ্গালী বুঝিল যে, এতদিন পরে সে মনের মত মানুষ পাইয়াছে। ভাবপ্রবণ বাঙ্গালী স্বাধীন ভারতের স্বপ্ন দেখিয়া বিভোর হইল। এখনও

কানে বাজে সেই বাণী যাহা অরবিন্দ কলিকাতার মুক্ত প্রাঙ্গণে দাঁড়াইয়া একদিন বলিয়াছিলেন :—

" I should like to see some of you becoming great ; great not for your own sake , but to make India great -- so that she may stand up with head erect among the free nations of the world . "

পরিপূর্ণ স্বাধীনতার প্রেরণা পাইয়া বাঙালী জাতি বড় তুফান অগ্রাহ্য করিয়া, বিপ্লবের ঝঙ্কার ভিতর দিয়া ছুটিয়া আসিয়াছে।

১৯২১ খ্রীষ্টাব্দে আমরা যখন আসিয়া পৌঁছিলাম তখন অসহযোগের বাণীর সাথে সাথে আমরা আর একটা কথা শুনিলাম মহাত্মা গান্ধীর মুখে — "জনসাধারণকে বাদ দিলে এবং তাহাদের মধ্যে মুক্তির আকাঙ্ক্ষা না জাগাইতে পারিলে, স্বরাজ লাভ হইতে পারে না।" অসহযোগের পন্থা ভারতে বা বাঙ্গালা দেশে নূতন কিছু নয়। সেদিনও যশোহর জেলাবাসী এই পন্থা অবলম্বন করিয়া নীলকরের অত্যাচার হইতে আত্মরক্ষা করিয়াছিল।

কিন্তু যে "গণবাণী" মহাত্মা গান্ধীর মুখে শোনা যায়, তাহা ভারতের রাষ্ট্রীয় ক্ষেত্রে নূতন কথা।

এই বাণী আরও পরিস্ফুট হইয়াছিল দেশবন্ধু চিত্তরঞ্জনের জীবনে। তিনি তাঁহার লাহোরের বক্তৃতায় অতি স্পষ্টভাবে ঘোষণা করেন যে, যে স্বরাজ তিনি লাভ করিতে চান — তাহা মুষ্টিমেয় লোকের জন্য নহে — তাহা সকলের জন্য, জনসাধারণের জন্য। "Swaraj for the masses" এই আদর্শ তিনি নিখিল ভারত শ্রমিক সভায় দেশবাসীর সম্মুখে উপস্থিত করেন।

আর একটা বাণী আমরা দেশবন্ধুর জীবনে পাই — সেটা এই যে মানুষের জীবন — জাতির এবং ব্যক্তির জীবন — একটা অখণ্ড সত্য। এই জীবনকে দ্বিধা বা বহুধা বিভক্ত করা যায় না। মানুষের প্রাণ যখন জাগে তখন তাহা সব দিক দিয়া জাগরণের পরিচয় দেয় এবং সর্বক্ষেত্রে নবজীবনের লক্ষণ পরিলক্ষিত হয়। বিশ্বজগৎ — তথা মানুষজীবন — বৈচিত্র্যপূর্ণ। এই বৈচিত্র্যের লোপ সাধন করিলে জীবনের বিকাশ হইবে না — বরং আমরা মরণের বা ধ্বংসের নিকটবর্তী হইব। তাই বৈচিত্র্যের মধ্য

দিয়া, "বহুর" মধ্য দিয়া ব্যক্তির এবং জাতির বিকাশ সাধন করিতে হইবে।

বর্তমান যুগে রামকৃষ্ণ ও বিবেকানন্দ আধ্যাত্মিক জগতে "এক" এবং "বহুর" মধ্যে যে সমন্বয় স্থাপন করিয়াছিলেন — সে সমন্বয় দেশবন্ধু জাতির জীবনে এবং রাষ্ট্রীয় ক্ষেত্রে করিয়াছিলেন যা করিতে প্রয়াস পাইয়াছিলেন। দেশবন্ধু "শিক্ষার মিলনে" যেরূপ বিশ্বাস করিতেন "শিক্ষার বিরোধে"ও তদ্রূপ বিশ্বাস করিতেন — এক কথায় তিনি Federation of cultures এ বিশ্বাস করিতেন এবং ভারতের মৌলিক একতায় প্রগাঢ় বিশ্বাসী হইলেও বাঙ্গলার বৈশিষ্ট্যেও বিশ্বাসবান ছিলেন। রাজনৈতিক ক্ষেত্রে তিনি ভারতবর্ষের পক্ষে Centralised State অপেক্ষা Federal State বেশী পছন্দ করিতেন।

যে সর্বাঙ্গীন বিকাশে দেশবন্ধু এত বিশ্বাসী ছিলেন তাহাই এই যুগের সাধনা। এই সাধনা সার্থক করিতে হইলে স্বাধীনতার অখণ্ড রূপ আগে দর্শন করা চাই। আদর্শের পরিপূর্ণ উপলব্ধি না হইলে মানুষ কর্মক্ষেত্রে কখনও জয়যুক্ত হইতে পারে না। তাই আজ সারা

ভারতকে এবং বিশেষ করিয়া ভারতের তরুণ সমাজকে বলিয়া দিতে হইবে যে, স্বাধীন ভারতের স্বপ্ন আমরা দেখি — সে রাজ্যে সকলে মুক্ত, ব্যক্তি মুক্ত, সমাজও মুক্ত, সেখানে মানুষ রাষ্ট্রীয় বন্ধন হইতে মুক্ত, সামাজিক বন্ধন হইতে মুক্ত এবং অর্থের বন্ধন হইতে মুক্ত। রাষ্ট্র, সমাজ ও অর্থনীতি — এই ত্রিতাপ হইতে আমরা মানব জাতিকে — দেশবাসীকে মুক্ত করিতে চাই।

যাহারা মনে করে যে, রাষ্ট্রীয় বন্ধন হইতে তাহারা দেশকে মুক্ত করিবে কিন্তু সমাজের পূর্ব্বাবস্থা বজায় রাখিবে — অথবা যাহারা মনে করে যে সামাজিক বন্ধন সব চূর্ণ করিবে কিন্তু রাষ্ট্রীয় ক্ষেত্রে কোনও বিপ্লব জানিবে না — তাহারা সকলেই ভ্রান্ত। বস্তুত শরীরে স্বাস্থ্য ফিরিয়া আসিলে প্রত্যেক অঙ্গে যেরূপ স্ফূর্ত্তি ফিরিয়া আসে তেমনি মুক্তির আকাঙ্ক্ষা যখন জাতির অন্তরে জাগিয়া উঠে তখন তাহা সব দিক দিয়া ফুটিয়া বাহির হয়। জাতি যখন সমস্ত বন্ধন হইতে মুক্ত হইতে চায় তখন কেহ বলিতে পারে না — Thus far and no further.

আমাদের এই শত ছিদ্র-যুক্ত, পূতিগন্ধময় সমাজের দ্বারা পূর্ণ স্বাধীনতালাভ কোনও দিন হইবে না ; পূর্ণ স্বাধীনতা (Complete Independence) লাভ করিতে হইলে সমস্ত জাতিকে মুক্তি-লাভের জন্য ক্ষিপ্তপ্রায় হইতে হইবে। কিন্তু যে ব্যক্তি সামাজিক অত্যাচারে নিষ্পিষ্ট অথবা অর্থনীতিক বৈষম্যে ভারাক্রান্ত, সে ব্যক্তি রাষ্ট্রীয় স্বাধীনতার জন্য পাগল হইবে কেন ? যার কাছে সামাজিক ও অর্থনীতিক অত্যাচারই সব চেয়ে বড় সত্য — সে ব্যক্তি এই সব অত্যাচার হইতে মুক্ত না হইতে পারিলে রাষ্ট্রীয় স্বাধীনতা লাভের জন্য উদ্গ্রীব হইবে কেন ?

আজ এই কথাটী আমি খুব বড় করিয়া এখানকার ছাত্র সমাজের মধ্যে বলিতে আসিয়াছি — যে যুগে আপনারা জন্মিয়াছেন সে যুগের ধর্ম্ম — পরিপূর্ণ ও সর্ব্বাঙ্গীন মুক্তি-লাভ। স্বাধীন দেশে, স্বাধীন আবহাওয়ার মধ্যে আমাদের জাতি জন্মিতে চায় — বর্দ্ধিত হইতে চায় এবং মরিতে চায় ! "পুরুষ কারারুদ্ধ আপন দেশে, নারী অবরুদ্ধা নিজ নিবাসে' — এ অবস্থায় আর কত দিন চলিবে ? আর আমাদের নারী সমাজের বর্ণনা করিবার সময়ে আমরা কত

দিন আর বলিব —

'সচল হয়েও অচল সে যে
বন্ধুর চেয়েও ভারী,
মানুষ হয়েও সকল গতর
বঙ্গদেশের নারী।'

স্বাধীনতার নামে অনেকের আতঙ্ক উপস্থিত হয়। রাষ্ট্রীয় স্বাধীনতার কথা ভাবিলে অনেকে স্বপ্ন দেখেন রক্ত-গঙ্গার এবং ফাঁসিকাষ্ঠের এবং সামাজিক স্বাধীনতার কথা ভাবিলে অনেকে দর্শন করেন উচ্ছৃঙ্খলার বিভীষিকা। কিন্তু আমি উচ্ছৃঙ্খলার ভয়ে ভীত নহি। মানুষের মধ্যে যদি ভগবান বিরাজ করেন, অথবা মানুষের মধ্যে যদি মানবতা থাকে — যদি ভগবান সত্য হন — যদি মানুষ সত্য হয় — তবে মানুষ চিরকাল পথভ্রষ্ট বা ভ্রান্ত হইতে পারে না। স্বাধীনতার মদিরা পান করিয়া যদি আমরা কিছু সময়ের জন্য অপ্রকৃতিস্থ হই তাহা হইলেও অচিরে আমরা আত্মস্থ হইব। আমাদের স্বাধীনতা প্রাপ্তির যে দাবী - তাহা ভুল - ভ্রান্তি করিবার অধিকারের দাবী বই আর কিছু নয় (the right to make mistakes), অতএব উচ্ছৃঙ্খলা ও

বিভীষিকা না দেখিয়া মুক্তিপথে আগুয়ান হও; নিজের মানবতায় বিশ্বাসী হইয়া মনুষ্যত্ব লাভের চেষ্টায় সর্ব্বদা নিরত হও।

আজ দেশের মধ্যে তিনটী বড় সম্প্রদায় একপ্রকার নিশ্চেষ্ট হইয়া পড়িয়া আছে — নারী সমাজ, উপেক্ষিত তথা-কথিত অনুন্নত সমাজ এবং কৃষক ও শ্রমিক সমাজ। ইহাদের নিকট গিয়া বল — তোমরাও মানুষ, মনুষ্যত্বের পূর্ণ অধিকার তোমরাই পাইবে। অতএব ওঠো, জাগো, নিশ্চেষ্টতা পরিহার করিয়া নিজের অধিকার কাড়িয়া লও।

(শ্রীসুভাষ চন্দ্র বসুর "নূতনের সন্ধান" হইতে
গৃহীত)

Notes

অন্তঃসলিলা ফল্গুনদীরূপা	like the subterranean River Falgu
অনুবর্তী হইয়া থাকি	[we] become the followers (of)
আত্মবিকাশের চেষ্টা করিতেছে	is attempting to manifest itself
এই আদর্শই	this is the ideal [which is]
ইহার উপলব্ধি হইলে	when it (ideal) is understood
গত একশত বৎসর ধরিয়া	for the last hundred years
গড়িয়া উঠে	[he] moulds himself, [he] grows up
জাতির জীবনেও	in the life of a nation also
তার পথ প্রদর্শক কে	who is his guide
দেশ ও কালের গন্ডীর মধ্যে	within the limits of space and time
তার পথ কি	which is his way
না পাইতে পারি	(we) may not be able to get
বাহ্য ঘটনা পরম্পরার অন্তরালে	behind the sequence of external (i.e. observable) events
বহু বৎসর ব্যাপী	extending over many years
ভ্রান্ত গুরুর ও ভ্রান্ত পথের	of the misleading guide and mistaken road
যার অন্তর্দৃষ্টি আছে	who is perceptive

যদি জীবন গঠন করিতে চাও	if you want to build up (your) life
হয় না	does not happen, does not take place
আধ্যাত্মিক শক্তির বলে	with the strength of spiritual power
আত্মস্থ হইয়া	being self-possessed
একেবারে ভুলিয়া যান নাই	he did not forget totally
এত জোর দিলেও	even though [he] places so much emphasis on
সমন্বয় করিতে পারিয়াছিলেন	was able to harmonize
সকল – মত – সহিষ্ণুতার	of tolerance of all opinions
ব্যক্তিত্ব বিকাশের	development of personality (object to preposition on)
নিজের জীবনের সাধনার ভিতর দিয়া	through religious practices of his own life, by virtue of the life he led
নির্ম্মিত হইতে পারিত না	would not have been possible to build
জাতির কথা	about the nation
একতাসূত্রে আবদ্ধ হইতে পারিবে	will be able to unite
প্রচারিত হইলে	if made known, if preached, if propagated

মনোরাজ্যে	in the mind
সমাজ সংস্কারের কাজ	the work of social reform
ধর্মজগতে	in the sphere of religion
রাষ্ট্রীয় ক্ষেত্রে	in the political sphere, in the governmental sphere
চিন্তা জগতে	in the realm of thought, in the realm of perception
চিন্তা – শক্তিকে	power of perception (obj.)
প্রচারের দ্বারা	by means of propagation, through advocacy
প্রতিষ্ঠার দ্বারা	by means of the establishment, through the establishment
আনিতে হইলে	in order to bring
জাগাইবার জন্য	in order to awaken
ধ্বংস করিবার জন্য	in order to destroy
প্রকটিত হইয়া আসিতেছে	is becoming apparent, is becoming manifest
দাঁড় করাইতে পারিবেন	would be able to make (it) stand, would be able to establish
তখনও দেখা দেয় নাই	did not yet manifest (itself)

নিমগ্ন থাকিয়া	remaining unconcsious
প্রতিষ্ঠা না হইলে	without the establishment of
প্রতিষ্ঠা হইলে	if established
একতাসূত্রে গাঁথিবার চেষ্টা করিলেন	tried to unify (them)
অরবিন্দের মুখে	from Aravindo, in the speeches (or writings) of Aravindo
না জাগাইতে পারিলে	if (we are) unable to rouse
জনসাধারণকে বাদ দিলে	if the public is excluded
নূতন কথা	a new idea, a new theme
নূতন কিছু নয়	is nothing new
বিভোর হইল	was (or became) deeply absorbed in
মহাত্মা গান্ধীর মুখে	in the words of Mahatma Gandhi
স্বরাজ লাভ হইতে পারে না	it is impossible to obtain freedom
মনের মত মানুষ	man after their liking
মুক্তির আকাঙ্খা	desire for freedom
আধ্যাত্মিক জগতে	in the spiritual sphere
আরও পরিস্ফুট হইয়াছিল	became more clear
আগে দর্শন করা চাই	must be seen first, must be understood first

দ্বিধা বিভক্ত করা যায় না	cannot be bisected
পরিস্ফুট হইয়াছিল	became clear, was manifest
পরিলক্ষিত হয়	are observed
প্রয়াস পাইয়াছিলেন	attempted
বহুধা বিভক্ত করা যায় না	cannot be divided into many parts
বহুর মধ্য দিয়া	through the multiple
বৈচিত্র্যের মধ্য দিয়া	through the diversity
বিভক্ত করা যায় না	cannot be divided
মৌলিক ঐক্য	fundamental unity, natural unity
লোপ সাধন করিলে	if (it) is destroyed
লাহোরের বক্তৃতায়	in the speech delivered at Lahore
শিক্ষার মিলনে	in the standardization of education
শিক্ষার বিরোধে	in the diversification of education
স্থাপন করিতে প্রয়াস পাইয়াছিলেন	attempted to establish
সাধন করিতে হইবে	will have to be achieved
সব দিক দিয়া	by all means
অনুন্নত সমাজ	the undeveloped community, i.e. scheduled caste

কত দিন আর	how long
ইহাদের নিকট গিয়া বল	(lit.) going to them say; go and say to them
নিশ্চেষ্ট হইয়া পড়িয়া আছে	has become incapable ot exertion
নিজের মানবতায়	in your own great human qualities
মনুষ্যত্বের পূর্ণ অধিকার	all rights and privileges pertaining to (humanity) human beings
মনুষ্যত্ব লাভের চেষ্টায়	in the attempt to acquire goodness
যদি ভগবান সত্য হন	if God exists
যদি মানুষ সত্য হয়	if there are great human qualities
রক্ত – গঙ্গার	of blood-bath
অনেকের আতঙ্ক উপস্থিত হয়	many are panicked
অর্থনৈতিক বৈষম্যে ভারাক্রান্ত	(is) burdened with economic inequality
পাগল হইবে কেন	why should (he) be restless
শত ছিদ্রযুক্ত	(lit.) with countless faults; grossly imperfect
সব চেয়ে বড় সত্য	(lit.) (is) the greatest truth; (is) the hardest fact
সামাজিক অত্যাচারে নিষ্পিষ্ট	(is) socially oppressed

আর্থিক বন্ধন	economic limitation
অখণ্ড রূপ	total concept, total picture
কখনও জয়যুক্ত হইতে পারে না	can never be successful; (lit.) can never be crowned with success
এত বিশ্বাসী ছিলেন	(he) was so much a believer
উপলব্ধি না হইলে	if one does not have the understanding
কর্মক্ষেত্রে	(lit.) in the sphere of action; in (his) life
তাহাই এই যুগের সাধনা	that is the ideal, achievement of which is the endeavor of this era
ফাটিয়া বাহির হয়	(it) bursts out
বই আর কিছু নয়	nothing else but; (lit.) not something else but
বলিয়া দিতে হইবে	will have to be told
শরীরে স্বাস্থ্য ফিরিয়া আসিলে	when health is regained
সর্বাঙ্গীন বিকাশে	the all round development in which
সার্থক করিতে হইলে	in order to make (the endeavor) a success, if we are to make (it) a success

সামাজিক বন্ধন	social imposition
কোনও দিন হইবে না	it will never be possible
সচল হয়েও অচল সে যে	Even though she is able to move, she doesn't.
বস্তার চেয়েও ভারী	heavier than a load
মানুষ হয়েও সখের পুতুল	Even though human, she acts like a puppet. ব দেশের নারী - the women of Bengâl
আমরা তার পরিচয় সব সময়ে না পাইতে পারি	We may not always get to know its nautre (or identity).
রাজা রামমোহন রায়	Raja Rammohan Ray (1774-1833)
স্বামী বিবেকানন্দ	Swami Vivekananda (1862-1902), a disciple of Ramkrishna.
ব্রাহ্ম সমাজ	a splinter group of Hindus, members of the group founded by Raja Rammohan Ray
কেশব চন্দ্র সেন	Kesavachanda Sen (1838-1884), leader of Brahma-samaj and reinterpreter of Bhahma Samaj philosophy
অরবিন্দ	Araninda Ghosh (1872-1950), Indian philosopher, former revolutionary

রামকৃষ্ণ	**Ramkrishna Paramhansa (1833-1860)**
বেদান্ত	**school of non-dualistic philosophy**
মহাত্মা গান্ধী	**Mahatma Gandhi (1869-1947)**
কোন বিপ্লব জানিবে না	**[They] will not know any fundamental change**

Swami Vivekānanda (1863-1902)

Born in a Kāyastha family of lawyers, Narendranāth Datta received a European-style education but then, under the influence of the great Hindu mystic Rāmakrishna, he turned aside from plans for a career in law to become a sannyāsī. After twelve years of spiritual preparation he entered on a short but intense active life of less than a decade. He addressed the First World Parliament of Religions at Chicago in 1893, and immediately shot to fame. After touring America and England as a lecturer until 1897, he returned with great acclaim to India where he devoted the rest of his life to uplifting his fellow countrymen through social work and religious education, and to spurring young men by his speeches to do the same.

To the West, Vivekānanda preached the spiritual heritage of India, as in the following essay, which he delivered as a lecture while in America. He developed Keshub Chandra Sen's idea that in return for practical knowledge, the West has to accept India's spiritual insight that all men are one, and that man is God and must be reverenced as such. To his fellow Indians, Vivekānanda taught a pride for their Hindu past in the face of Christianity's claims. He accepted caste, but rejected the all-too-widespread oppression and injustice connected with it. Scorning politics and secular nationalism, he urged that a rejuvenated national life could come only through a spiritual awakening of courage and sacrifice, and his impassioned speeches and essays persuaded many to devote themselves to the ideal of serving the poor and downtrodden. Vivekānanda's influence continued to work after his death, stimulating national pride and the spirit of service in the nationalist leaders, Gandhi not the least.

বিবাহ সম্বন্ধে ভারত ও পাশ্চাত্যের আদর্শ ভিন্ন । পাশ্চাত্যে বিবাহ বলিতে শুধু আইনের বন্ধন, ইহকালের যাহা কিছু তাহাই বুঝায় । ভারতের দৃষ্টিতে বিবাহ স্ত্রীপুরুষের অনন্তকালের সম্বন্ধ ঘটাইবার একটা সামাজিক ব্যবস্থা । তাহাদের ইচ্ছা থাকুক বা না থাকুক, জন্ম-জন্মান্তর ধরিয়া তাহারা পরস্পরকে স্বামিস্ত্রীরূপে পাইবেই । তাহাদের প্রত্যেকেই অপরের অর্দ্ধেক পুণ্যের ভাগী । যদি তাহাদের কেহ জীবনে অত্যধিক পিছাইয়া পড়ে, তবে সেই স্ত্রী বা স্বামী যতদিন পর্য্যন্ত তাহার সহধর্ম্মী বা সহধর্ম্মিণীর সমকক্ষ না হইতেছে, ততদিন অগ্রগামীর পক্ষে অপেক্ষা করিয়া থাকা ভিন্ন উপায় নাই ।

স্ত্রী হইলেন হিন্দুর সহধর্ম্মিণী । হিন্দুকে শত শত ধর্ম্মকার্য্য করিতে হয়, কিন্তু স্ত্রী না থাকিলে একটিও হয় না । পুরোহিত তাহাদের উভয়কে একসঙ্গে বাঁধিয়া দেন এবং পরস্পরের সহিত আবদ্ধাবস্থায়ই তাহারা দেব-মন্দির-প্রদক্ষিণ ও তীর্থদর্শন করিয়া থাকে ।

ভারতীয় রমণীগণের যেরূপ হওয়া উচিত সীতা তাহার

আদর্শ । রমণী – চরিত্রের যত প্রকার ভারতীয় আদর্শ আছে, সবই এক সীতার চরিত্রে কেন্দ্রীভূত, আর সমগ্র আর্য্যাবর্ত্ত – ভূমিতে এই সহস্র সহস্র বর্ষ ধরিয়া তিনি এখানকার আবাল – বৃদ্ধ – বনিতার পূজা পাইয়া আসিতেছেন । মহা – মহিমময়ী সীতা স্বয়ং শুদ্ধ হইতেও শুদ্ধতরা, সহিষ্ণুতার চরম আদর্শ, সীতা চিরকালই এইরূপে পূজা পাইবেন । যিনি বিন্দু – মাত্র বিরক্তি প্রকাশ না করিয়া সেই মহাদুঃখের জীবন যাপন করিয়াছিলেন, সেই সাধ্বী, সেই সদা – বিশুদ্ধ – স্বভাবা আদর্শ পত্নী সীতা নরলোকের, এমন কি দেবলোকের পর্য্যন্ত আদর্শভূতা, মহনীয় – চরিত্রা । সীতা চিরদিনই আমাদের জাতীয় দেবতারূপে বর্ত্তমান থাকিবেন । আমরা সকলেই তাঁহার চরিত্র বিশেষরূপে জানি, সুতরাং উহার বিশেষ বর্ণনার আবশ্যক করে না । আমাদের সব পুরাণ নষ্ট হইয়া যাইতে পারে, এমন কি আমাদের বেদ পর্য্যন্ত লোপ পাইতে পারে, — আমাদের সংস্কৃত ভাষা পর্য্যন্ত চিরদিনের জন্য কালস্রোতে বিলুপ্ত হইতে পারে, কিন্তু যতদিন পর্য্যন্ত ভারতে অতিশয় ... গ্রাম্য – ভাষাভাষী পাঁচজন হিন্দুও থাকিবে, ততদিন পর্য্যন্ত সীতার উপাখ্যান থাকিবে । সীতা আমাদের জাতির মজ্জায়

মজ্জায় প্রবিষ্ট হইয়াছেন ; প্রত্যেক হিন্দু নরনারীর শোণিতে সীতা বিরাজমানা । আমরা সকলেই সীতার সন্তান । আমাদের নারীগণকে আধুনিক ভাবে গঠিত করিবার যে-সকল চেষ্টা চলিতেছে, যদি সে-সকল চেষ্টার মধ্যে তাহাদিগকে সীতা-চরিত্রের আদর্শ হইতে ভ্রষ্ট করিবার চেষ্টা থাকে, তবে সেগুলি বিফল হইবে । ভারতীয় নারীগণকে সীতার পদাঙ্কানুসরণ করিয়া আপনাদের উন্নতিবিধানের চেষ্টা করিতে হইবে — ইহাই ভারতীয় নারীর উন্নতির একমাত্র পথ ।

ভারতের বালক-বালিকাগণ, বিশেষতঃ বালিকামাত্রেই সীতার পূজা করিয়া থাকে । ভারতীয় রমণীগণের সর্ব্বাপেক্ষা উচ্চ আকাঙ্ক্ষা — পরম-বিশুদ্ধা-স্বভাবা, পতিপরায়ণা, সর্ব্বংসহা সীতার ন্যায় হওয়া । এই সমুদয় চরিত্র আলোচনা করিবার সময় আপনারা পাশ্চাত্যের আদর্শ হইতে ভারতীয় আদর্শ কতদূর বিভিন্ন, তাহা সহজেই বুঝিতে পারিবেন । সমগ্র ভারতবাসীর সমক্ষে সীতা যেন সহিষ্ণুতার উচ্চতম আদর্শরূপে বর্ত্তমান রহিয়াছেন । পাশ্চাত্য দেশ বলেন — কর্ম্ম কর, কর্ম্ম করিয়া তোমার শক্তি দেখাও । ভারত

বলেন — দুঃখ কষ্ট সহ্য করিয়া তোমার শক্তি দেখাও। মানুষ কত অধিক বিষয়ের অধিকারী হইতে পারে, পাশ্চাত্য দেশ সেই সমস্যার পূরণ করিয়াছেন; ভারতে এদিকে মানুষ কত অল্প লইয়া থাকিতে পারে এই সমস্যার পূরণ করিয়াছেন। এই দুইটি আদর্শই এক এক ভাবের চরম সীমা। সীতা যেন ভারতীয় ভাবের প্রতিনিধি – স্বরূপা, যেন মূর্ত্তিমতী ভারত – মাতা। সীতা বাস্তবিক ছিলেন কি না, সীতার উপাখ্যানের কোন ঐতিহাসিক ভিত্তি আছে কি না, এ বিষয় লইয়া আমরা বিচার করিতেছি না। কিন্তু আমরা জানি সীতা – চরিত্রে যে আদর্শ প্রকাশিত হইয়াছে, সেই আদর্শ ভারতে এখনও বর্ত্তমান। সীতা – চরিত্রের আদর্শ যেমন সমগ্র ভারতকে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে, যেমন সমগ্র জাতির জীবনে, সমগ্র জাতির অস্থি – মজ্জায় প্রবেশ করিয়াছে, যেমন উহা প্রত্যেক শোণিতবিন্দুতে পর্য্যন্ত প্রবাহিত হইয়াছে, অন্য কোন পৌরাণিক উপাখ্যান তেমন করে নাই। সীতা নামটিও ভারতে যাহা কিছু শুভ, যাহা কিছু বিশুদ্ধ, যাহা কিছু পুণ্যময় তাহারই পরিচায়ক। নারীগণের মধ্যে আমরা যে ভাবকে নারীজনো –

চিত বলিয়া শ্রদ্ধা ও আদর করিয়া থাকি, সীতা বলিতে তাহাই বুঝাইয়া থাকে। ব্রাহ্মণ যখন স্ত্রীলোককে আশীর্ব্বাদ করেন, তিনি তাহাকে 'সীতার মত হও' বলিয়া থাকেন; বালিকাকে আশীর্ব্বাদ করিবার সময়ও তাহাই বলা হয়। ভারতীয় রমণীগণ সকলেই আপনাদিগকে সহিষ্ণুতার প্রতিমূর্ত্তি, সর্ব্বংসহা, সদা পতিপরায়ণা, নিত্য-বিশুদ্ধ-স্বভাবা রামভার্য্যা সীতার সদৃশই জ্ঞান করিয়া থাকেন। তিনি এত দুঃখ সহিয়াছেন, কিন্তু রামের উদ্দেশে একটি কর্কশ বাক্যও তাঁহার মুখ দিয়া কখন নির্গত হয় নাই। এইসকল দুঃখকষ্ট সহ্য করা তিনি নিজ কর্ত্তব্যরূপে মনে করিয়া লইয়াছেন এবং স্থির শান্তভাবে উহা সহ্য করিয়া গিয়াছেন। সীতার অরণ্যে নির্ব্বাসনব্যাপার তাঁহার প্রতি কি ঘোর অবিচার ভাবিয়া দেখুন, কিন্তু তন্নিমিত্ত তাঁহার চিত্তে বিন্দুমাত্র বিরক্তি-ভাবের উদয় হয় নাই। এইরূপ তিতিক্ষাই ভারতের বিশেষত্ব। ভগবান বুদ্ধ বলিয়া গিয়াছেন — "আঘাতের পরিবর্ত্তে আঘাত করিলে সেই আঘাতের কোন প্রতিকার হইল না, উহাতে কেবল জগতে একটি পাপের বৃদ্ধিমাত্র হইবে।" ভারতের এই বিশেষ ভাবটি সীতার প্রকৃতিগত ছিল। তিনি

অত্যাচারের প্রতিশোধের চিন্তা পর্য্যন্ত কখনও করেন নাই ।

ভারতে প্রত্যেক বালিকাকে সাবিত্রীর ন্যায় সতী হইতে শিক্ষা দেওয়া হইয়া থাকে — মৃত্যুও তাঁহার প্রেমের নিকট পরাভূত হইয়াছিল । তিনি ঐকান্তিক প্রেমবলে যমের নিকট হইতে নিজ স্বামীর আত্মাকে ফিরাইয়া লইতে সক্ষম হইয়াছিলেন ।

সাবিত্রী বয়ঃপ্রাপ্তা হইলে তদীয় পিতা তাঁহাকে নিজ স্বামী স্বয়ং মনোনীত করিতে বলিলেন । সত্যবানকে দর্শন করিয়াই সাবিত্রী মনে মনে তাঁহাকে হৃদয় সমর্পণ করিলেন । রাজা নারদের কথা শুনিয়া ভয় – বিহ্বলচিত্তে কন্যাকে বলিলেন — "সাবিত্রি, শুনিলে তো, অদ্য হইতে দ্বাদশ মাসান্তে সত্যবান দেহত্যাগ করিবে, অতএব তুমি তাহাকে বিবাহ করিলে অল্প বয়সেই বিধবা হইবে — এবার এই কথা বেশ ভাল করিয়া ভাবিয়া দেখ । বৎসে, তুমি সত্যবানের বিষয়ে আর হৃদয়ে স্থান দিও না । এইরূপ অল্পায়ু আসন্ন – মৃত্যু বরের সহিত তোমার কোনমতে বিবাহ হইতে পারে না ।" সাবিত্রী কহিলেন, "পিতঃ, সত্যবান অল্পায়ু হউক, বা আসন্ন – মৃত্যুই হউক, তাহাতে আমার

কোন ক্ষতি নাই। আমার হৃদয় সত্যবানের প্রতিই অনুরাগী, আমি মনে মনে সেই সাধুশীল বীর সত্যবানকেই পতিত্বে বরণ করিয়াছি। অতএব আপনি আমাকে অন্য ব্যক্তিকে পতিত্বে বরণ করিতে বলিবেন না, তাহা হইলে আমি দ্বিচারিণী হইব। কুমারীর পতি-নির্ব্বাচনে একবার মাত্র অধিকার আছে, একবার সে যাহাকে মনে মনে পতিরূপে বরণ করিয়াছে, তদ্ব্যতীত আর কাহাকেও তাহার মনে কখন স্থান দেওয়া উচিত নহে।

অবশেষে সেই কাল দিবস উপস্থিত হইল। যম বলিলেন, "আচ্ছা সাবিত্রি, মনে কর তোমার স্বামী ইহলোকে অনেক পাপাচরণ করিয়াছে, তাহার জন্য তাহাকে নরকে যাইতে হইবে; তাহা হইলে কি তুমি তোমার প্রিয়তম পতির সহিত মরিতে প্রস্তুত?" পতির প্রতি পরম অনুরাগিণী সাবিত্রী কহিলেন, "আমার পতি যেখানে যাইবেন, জীবনই হউক, মৃত্যুই হউক, স্বর্গই হউক, নরকই হউক, আমি পরমানন্দের সহিত তথায় যাইব।"

হিন্দুধর্ম্ম মানবাত্মার পক্ষে একটি, কেবলমাত্র একটি কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া থাকেন — অনিত্যের মধ্যে নিত্যবস্তুর

সাক্ষাৎকারের চেষ্টা । কিন্তু ইহা কিরূপে সাধিত হইতে পারে, তাহার জন্য মাত্র একটি পন্থার নির্দ্দেশ করিতে তাঁহারা সাহসী হন না । বিবাহ বা ব্রহ্মচর্য্য, ভাল বা মন্দ, বিদ্যা বা মূর্খতা — যে-কোন বিষয় ঐ চরম লক্ষ্যে লইয়া যাইবার সাহায্য করে, তাহারই সার্থকতা আছে । মহাভারতের সেই অল্পবয়স্ক যোগীর কথা কি মনে পড়ে — যিনি ক্রোধজাত তীব্র ইচ্ছাশক্তি বলে এক কাক ও বকের দেহ ভস্ম করিয়া নিজ যোগবিভূতিতে স্পর্দ্ধান্বিত হইয়াছিলেন ? মনে পড়ে কি, নগরে গিয়া প্রথমে রুগ্ন পতির শুশ্রূষা-নিরতা এক নারীর ও পরে ধর্ম্মব্যাধের সহিত তাঁহার সাক্ষাৎ হইল ? ইহারা উভয়েই আজ্ঞা-বহতা ও কর্ত্তব্যনিষ্ঠারূপ সাধারণ মার্গে থাকিয়া তত্ত্বজ্ঞান লাভ করিয়াছিলেন ।

কোন যুবা-সন্যাসী এক বনে গমন করিয়া অনেকদিন ধরিয়া ধ্যানভজন ও যোগাভ্যাস করিতে লাগিলেন । দ্বাদশ বৎসর কঠোর সাধনার পর একদিন তিনি বৃক্ষতলে বসিয়া আছেন, এমন সময়ে তাঁহার মস্তকে কতকগুলি শুষ্ক পত্র পড়িল । তিনি উপরের দিকে চাহিয়া দেখিলেন, এক কাক

ও বক গাছের উপর বসিয়া যুদ্ধ করিতেছে । ইহাতে তাঁহার অত্যন্ত ক্রোধ হইল । তিনি বলিলেন, "কি! তোরা আমার মাথায় শুষ্ক পত্র ফেলিতে সাহস করিলি?" এই বলিয়া তাহাদের দিকে যেমন ক্রোধে কটমট করিয়া চাহিলেন, অমনি তাঁহার মস্তক হইতে যোগাগ্নি নির্গত হইয়া পক্ষিগুলিকে ভস্মসাৎ করিয়া ফেলিল । তখন তাঁহার বড় আনন্দ হইল । আপনার এইরূপ শক্তির বিকাশে তিনি আনন্দে একরূপ বিহ্বল হইয়া পড়িলেন ; ভাবিলেন — "বা, আমি এক কটাক্ষপাতে কাক-বককে ভস্মসাৎ করিতে পারি।" কিছুদিন পরে তাঁহাকে ভিক্ষা করিতে নগরে যাইতে হইল । তিনি একটি দ্বারে গিয়া দাঁড়াইলেন, বলিলেন — "মা, আমাকে কিছু খাইতে দিন।" ভিতর হইতে আওয়াজ আসিল — "বৎস, একটু অপেক্ষা কর।" যোগী মনে মনে বলিতে লাগিলেন — "ওরে পাপিষ্ঠা, তোর এতদূর আস্পর্দ্ধা! তুই আমার শক্তি জানিস না!" তিনি মনে মনে এইরূপ বলিতেছিলেন, আবার সেই আওয়াজ আসিল — "বৎস, নিজের এত অহঙ্কার করিও না, এ কাক-বক-অগ্নি নহে।" তিনি বিস্মিত হইলেন । অনেকক্ষণ অপেক্ষা করিবার পর অবশেষে

এক স্ত্রীলোক আসিলেন ।

যোগী তাঁহার চরণে পড়িয়া বলিলেন, " মা আপনি উহা কিরূপে জানিলেন ?" তিনি বলিলেন —" বাবা, আমি তোমার যোগ - যাগ কিছুই জানি না । আমি একজন সামান্যা স্ত্রী । আমি তোমাকে অপেক্ষা করিতে বলিয়াছিলাম, তাহার কারণ এই যে, আমার স্বামী পীড়িত, আমি তাঁহার সেবা করিতেছিলাম, ইহাই আমার কর্ত্তব্যকর্ম্ম । আমি সারাজীবন কর্ত্তব্য করিবার চেষ্টা করিয়াছি । যখন অবিবাহিতা ছিলাম, তখন কন্যার কর্ত্তব্য করিয়াছি । এক্ষণে বিবাহিতা হইয়াও আমার কর্ত্তব্য করিতেছি । ইহাই আমার যোগাভ্যাস ; এই কর্ত্তব্য করিয়াই আমার দিব্যচক্ষু খুলিয়াছে । তাহাতেই আমি তোমার মনোভাব ও অরণ্যে তোমার কৃত সমুদয় ব্যাপার জানিতে পারিয়াছি ।

(স্বামী বিবেকানন্দের 'ভারতীয় নারী' হইতে গৃহীত)

Notes

বিলুপ্ত হইতে পারে	can become extinct
সমকক্ষ না হইতেছে	(they) are not becoming equal in merit
উন্নতি – বিধানের চেষ্টা করিতে হইবে	will have to try for the improvement
সেই সমস্যার পূরণ করিয়াছেন	(has) solved that problem
তাহার চিত্তে বিন্দুমাত্র বিরক্তিভাবের উদয় হয় নাই	there was not the slightest annoyance in her mind
বিন্দুমাত্র বিরক্তিপ্রকাশ না করিয়া	without showing even the least annoyance
অপেক্ষা করিয়া থাকা ভিন্ন উপায় নাই	there is no other way but to remain waiting
একটিও হয় না	Not one of them can be performed.
তাহাদের ইচ্ছা থাকুক বা না থাকুক	whether they will it or not
ধর্ম্মকার্য্য করিতে হয়	has to perform religious duties
বিবাহ বলিতে বুঝায়	marriage means; (lit.) when one speaks of marriage, it connotes
ভারতের দৃষ্টিতে	in India's vew
স্ত্রী না থাকিলে	if he does not have a wife

আবাল – বৃদ্ধ – বনিতার	(lit.) of children, the old, and the women
আবশ্যক করে না	there is no necessity; (it) is not necessary
আবদ্ধাবস্থায়ই	in that condition of reamining tied
আধুনিক ভাবে	after modern idea
কালস্রোতে	in the tide of time
জীবন যাপন করিয়াছিলেন	lived a life
নষ্ট হইয়া যাইতে পারে	can be destroyed
পাঁচজন হিন্দুও	even a few Hindus
পুরাণ	Purana, the ancient exts of mythology of the Hindus
পূজা পাইয়া আসিয়াছেন	has got the adoration, has commanded the reverence
ভ্রষ্ট করিবার চেষ্টা থাকে	are efforts to make them stray
মজ্জায় মজ্জায় প্রবিষ্ট হইয়াছেন	has deeply inhibited
শুদ্ধ হইতেও শুদ্ধতরা	purer than purity itself
সহস্র সহস্র বর্ষ ধরিয়া	for thousands of years
পাশ্চাত্য দেশ বলেন	it is said in the western countries

পদাঙ্কানুসরণ করিয়া	following the example
ভারত বলেন	it is said in India; (lit.) India says
সর্ব্বাপেক্ষা উচ্চ আকাঙ্ক্ষা	loftiest wish
আদর করিয়া থাকি	(we) usually honour
আশীর্ব্বাদ করিবার সময়ও	even at the time of blessing
কোন প্রতিকার হইল না	is not redressed in any way, is not even redressed
কি ঘোর অবিচার	what a great injustice!
চিন্তা পর্য্যন্ত কখনও করেন নাই	(She) did not even think once.
তাঁহার মুখ দিয়া কখন নির্গত হয় নাই	She did never utter
নারীজনোচিত বলিয়া	for being womanly, as feminine
যাহা কিছু পুণ্যময়	all that is virtuous
যাহা কিছু শুভ	all that is auspicious, all that is good
যাহা কিছু বিশুদ্ধ	all that is pure
সহিষ্ণুতার প্রতিমূর্ত্তি	patience incarnate
সীতা বলিতে তাহাই বুঝাইয়া থাকে	When one speaks of Sita, he means exactly those.

আর স্থান দিও না	have no longer any place; have no consideration any more
আমার কোন ক্ষতি নাই	(lit.) there is no loss for me; I have nothing to lose
তোমার বিবাহ হইতে পারেনা	you cannot be given in marriage
তাহাকে নরকে যাইতে হইবে	he has to go to hell
দ্বাদশ মাসান্তে	at the end of the twelve months, at the end of the twelfth month
পতিত্বে বরণ করিয়াছি	have accepted as (my) husband
বয়ঃপ্রাপ্তা হইলে	when (she) came of age
ভয়বিহ্বল চিত্তে	with panic-stricken heart
মনে মনে	in (my) mind
শিক্ষা দেওয়া হইয়া থাকে	is usually taught, instructed
স্বয়ং মনোনীত করিতে বলিলেন	asked (her) to select herself
সত্যবান অল্পায়ু হউন	even if Satyaban is short-lived, Satyaban may be short-lived
অনিত্যের মধ্যে	in the mortal, in the non-eternal
আজ্ঞাবহতা ও কর্তব্যনিষ্ঠারূপ	like obedience and devotion to duty
কি তুমি প্রস্তুত	Are you ready?
কি মনে পড়ে	Do you remember?

সাহস করিলি	you (inf.) dared
যম	Yama, the god who rewards good deeds and punishes bad ones
সত্যবান	a character in the Mahābhārata, husband of Savitrī; a king renowned for his truthfulness.
সাবিত্রী	a character in the Mahābhārata, daughter of King Ashvapati, wife of Satyaban.
নারদ	Hindu sage, protege of Brahma; literally his name means the one who gives the knowledge of ultimate reality to man.
সীতা	Sita, wife of Rama and foster daughter of Janaka.
পুরাণ	mythology; the stories of events and customs in the olden days
বেদ	Veda, divinely-inspired scripture of Hinduism, divided into four parts: সাম ,ঋক , যজুঃ , অথর্ব
জানিস না	you (inf.) do not know
সাহস করিলি	Did you (inf.) dare?

দ্বাদশ বৎসর কঠোর সাধনার পর	after twelve years of devotional austerities
ধ্যানভজন করিতে লাগিলেন	began to meditate and worship
নরকই হউক	be it hell
নিত্যবস্তু	eternal truth
যোগবিভূতিতে	in the majesty of (his) contemplation
যোগাভ্যাস করিতে লাগিলেন	began to practise devotional exercise, began to contemplate
সাহসী হন না	do not venture
সাধারণ মার্গে থাকিয়া	(lit.) being on the simple road; following the simple principle
স্পর্দ্ধান্বিত হইয়াছিলেন	became audacious
স্বর্গই হউক	be it heaven
কটমট করিয়া চাহিলেন	(he) stared fixedly
কাক – বক – ভস্ম	turning crow and crane into ashes
চরণে পড়িয়া	falling at the feet
জানিস না	you (inf.) know not
তোর এতদূর আস্পর্দ্ধা	You have such audacity!
তাঁহার ক্রোধ হইল	he became angry
তাঁহাকে যাইতে হইল	he had to go
তাঁহার আনন্দ হইল	he became glad
মনে মনে বলিতে লাগিলেন	was saying to himself

হৃদয় সমর্পণ করিলেন	(lit.) gave (her) heart
অতিশয় গ্রাম্য ভাষাভাষী	rural people who speak nothing but the dialect
সর্ব্ব খল্বিদং ব্রহ্মং জগৎ	indeed everywhere in this world is Brahma

---

হিন্দুজাতি ত গর্ব্ব করিয়া থাকে যে তাহারা মাতৃমূর্ত্তির ভিতর দিয়া ভগবানের আরাধনা করিয়া থাকে এবং তাহারা বাল-গোপাল রূপের মধ্যে ভগবানকে পাইয়াছে। কিন্তু আমি হিন্দুজাতিকে জিজ্ঞাসা করি, একবার বুকে হাত দিয়ে বলুন — "আমাদের সমাজে বর্ত্তমান সময়ে ঘরে এবং বাহিরে আমরা মাতৃজাতির সম্মান রক্ষা করিতে পারিতেছি কিনা — এবং আমাদের সমাজে বালক ও যুবকেরা মনুষ্যোচিত ব্যবহার পায় কি না?"

মাতৃজাতির সম্মান যদি আমরা রক্ষা করিতে পারিতাম তাহা হইলে বাঙ্গলার জেলায় জেলায় দিনের পর দিন নারী-সমাজের উপর শত লাঞ্ছনা ও অত্যাচার ঘটিত না এবং ঘটিলেও আমাদের পুরুষ-সমাজ অম্লান বদনে ও নিশ্চিন্ত মনে তাহা সহ্য করিত না। আজ যদি বাঙ্গলা দেশে পুরুষ থাকিত তাহা হইলে মাতৃজাতির অসম্মান দেখিয়া তাঁহারা ক্ষিপ্তপ্রায় হইত এবং বীরশ্রেষ্ঠ খড়্গ বাহাদুর সিংহের মত প্রাণের মায়া ত্যাগ করিয়া মাতৃ-

জাতির সম্মান রক্ষার্থে কর্ম্ম-সমুদ্রে ঝাঁপ দিত।

হে ছাত্রবৃন্দ, ইংরাজকে তোমরা হয় তো ঘৃণা করিয়া থাক — কিন্তু আমি বলি, ইংরাজ যেরূপ তাহার নারীজাতির সম্মান করিতে জানে, তাহা শিক্ষা কর ইংরাজের নিকট। তোমার দেশে তোমার মা ও ভগিনীর মর্য্যাদা রক্ষা হয় না — আর মুষ্টিমেয় ইংরাজ এই দেশে তেত্রিশ কোটি বিদেশীর মধ্যে ইংরাজ মহিলার সম্মান কি করিয়া রাখে? তাহার কারণ এই যে, একজন ইংরাজ মহিলার উপর অত্যাচার হইলে সমস্ত ইংরাজজাতি পাগলপ্রায় হয় এবং সে অপমানের প্রতিশোধ লইবার জন্য সমগ্র জাতি বদ্ধপরিকর হয়। ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলে মিস্ এলিসের পাঠান কর্ত্তৃক অপহরণের ঘটনা হয় তো আপনাদের স্মরণ আছে।

আমরা মুখে বলি, "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সি"। কিন্তু সমস্ত প্রাণ দিয়া কি আমরা জননী ও জন্মভূমিকে ভালবাসি? জননীকে ভালবাসার অর্থ শুধু নিজের প্রসূতিকে ভালবাসা নয়, সমস্ত মাতৃজাতিকে ভালবাসা।

বাঙ্গলা দেশ — বাঙ্গলার জল, বাঙ্গলার মাটি, বাঙ্গলার আকাশ, বাঙ্গলার বাতাস, বাঙ্গলার শিক্ষা-দীক্ষা ও প্রাণ-ধর্ম্ম বাঙ্গলার নারীজাতির মধ্যে মূর্ত্ত হইয়া উঠিয়াছে। যে ব্যক্তি বাঙ্গলার মাতৃজাতিকে শ্রদ্ধা করিতে জানে না — সে বাঙ্গলা দেশকে কি করিয়া শ্রদ্ধা করিবে? যে ব্যক্তি বাঙ্গলা দেশকে অন্তরের সঙ্গে শ্রদ্ধা করে না — ভালবাসে না — সে কি করিয়া মানুষ হইবে? মহান আদর্শকে যে ভালবাসে না — যে পাত্রে সেই আদর্শ মূর্ত্ত হইয়া উঠিয়াছে — সে পাত্রকে যে ভালবাসে না — সে ব্যক্তি কোনও দিন মানুষ হইতে পারিবে না। জীবনে যাহা কিছু পবিত্র, যাহা কিছু সুন্দর, যাহা কিছু কল্যাণকর — সে সবের সমাবেশ আমরা করিয়া থাকি, দেশ-মাতৃকার অপরূপ রূপের মধ্যে এবং ত্রিলোকজয়ী ভুবন-মনোমোহিনী মাতৃমূর্ত্তিতে। অতএব হে ভ্রাতৃমণ্ডলী, মায়ের আরাধনা করিতে শিখ; মাতৃজাতিকে ভক্তি কর; শ্রদ্ধা কর, নিজের দেশে মাতৃজাতির সম্মান অক্ষুণ্ণ রাখিবার জন্য কৃতসঙ্কল্প হও।

(শ্রীসুভাষ চন্দ্র বসুর 'নূতনের সন্ধান' হইতে গৃহীত)

Notes

সহ্য করিত না	would not bear
শত লাঞ্ছনা	countless humiliation
সম্মান রক্ষা করিতে পারিতেছি কিনা	whether [we] are able to save honour or not
কি করিয়া রাখে	how (they) protect
ক্ষিপ্ত প্রায় হইত	would have bcome near-mad, would have been mad
মাতৃমূর্তির ভিতর দিয়া	through the mother image
বুকে হাত দিয়ে বল	cross your heart and say
বাল – গোপাল রূপের মধ্যে	in the child image of Krishna
ঘটিলেও	even if it happened
আরাধনা করিয়া থাকে	worship থাকে - carries the sense of habit
গর্ব করিয়া থাকে	are proud of থাকে - carries the sense of habit
প্রাণের মায়া	attachment to life
হয়তো আপনাদের স্মরণ আছে	possibly you remember; (lit.) possibly you have in remembrance, i.e. you can recall

সমস্ত প্রাণ দিয়া	with all our heart
শ্রদ্ধা করিতে জানে না	does not know how to honour
মূর্ত হইয়া উঠিয়াছে	has become embodied, has become personified
পুরুষ থাকিত	if there were a man
তোমরা হয়তো ঘৃণা করিয়া থাক	you probably do hate
জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সি	Mother and motherland are superior to heaven itself. A Sanskrit proverb.
কর্ম – সমুদ্রে ঝাঁপ দিত	would have plunged into the sea of work, i.e. would become active
আমরা মুখে বলি	we say
সমাবেশ করিয়া থাকি	we (usually) bring together
দেশমাতৃকার	of the motherland
কোনও দিন .... না	never
[illegible]	with [his] heart
অক্ষুণ্ণ রাখিবার জন্য	in order to keep unimpaired
জেলায় জেলায়	in each district
ত্রিলোক	the three parts of the universe--heaven, earth, and the infernal regions (hell), i.e.

গার্হস্থ্য	the second stage of an ideal Hindu life. In this stage he is a house-holder and performs his duty as husband, father, etc.
সন্ন্যাসাশ্রম	the last stage of an ideal Hindu life. He renounces all ties with the material world and has gone through a period of religious contemplation; he is now an ascetic.
ঋগ্বেদ	the oldest of the four Vedas.

Bipin Chandra Pal (1855-1932)

The whole of India experienced an upsurge of nationalism in the early part of the twentieth century. Bipin C. Pal was acclaimed a leader of India in this ferment, along with Bal Gangadhar Tilak and Lala Lajpat Ray. Though the influence of Bipin was very much limited to Bengal and though by the twenties it had waned even there, students of Indian political evolution must always regard him as the political philosopher of his time. He was also a forceful orator, a capable journalist, a responsible critic and a renowned author.

Bipin was born in Sylhet (now in E. Pakistan) in 1855. He was educated in a local school and 1875 he came to Calcutta for higher studies. By this time he had been initiated into nationalism by the writings of Bankim Chandra Chatterjee and Hemchandra. In Calcutta, "the inspiration of Surendra Nāth Banerjee's new patriotic and political propaganda on the one side, and Nabagopal's national propaganda on the other, contributed very materially to the motives and ideals that drew (him) to Shivnath and moved (him) to throw (himself) unreservedly into the larger idealism of Brahmo-Samaj." In his memories he recalls that "Shivnath's Brahmo ideal was more instinct with the spirit of freedom and individualism (than Kesbub Chandra Sen's).... Social freedom and national emancipation were both organic elements of Shivnaths' religion and piety..."

Bipin opposed idolatry, the caste system, child-marriage and the treatment of woman as inferior; he was in favour of universal education, self-determination and national emancipation.

He edited a number of journals of which Bengali and New India are the best known. He wrote prolifically in Bengali as well as in English. Swadeshi and Swaraj, The Brahmo Samaj and battle for Swaraj, The soul of India, Character Sketches and Memories of My Life and Times are written in English, while

Carita Citra - 1958
Carilā Kathā - 1929
Jelera Khātā - 1950
Markinē Cārimāsa - 1955
Nabayuger Bāṃlā - 1955
Rashtraniti - 1956
Sāhitya O Sādhanā- 1959

are among his Bengali writings.

His articles on patriotism clearly show his social awareness and realism, He wanted to replace "begging" for consideration with self-help and self-sacrifice. He dreamt of an India unified as an organic whole and was inclined to form a "composite" nationalism based on sub-national cultures and traditions. His social consciousness made him fully aware of the reactionary conservatism of the majority, but he never failed to express what he thought was right even when it meant criticising his own trusted friends such as Shivnath. As a social historian he left a good picture of the development of the Brahmo Samaj and its contribution to the freedom movement. His depth of historical analysis is more profoundly felt in The Soul of India.

Politically, he was the ideal patriot; his leadership brought at least temporary success to the anti-Bengal-Partition Movement (1905). He was undaunted by imprisonment or adversities. His liberal convictions and constitutional training were so great that he did not hesitate to criticise the Congress concept of Swaraj or the non-cooperation movement. Thus he became increasingly aloof from the core of the national movement and faded from the political scene. He died in 1932.

যে ভাব ও আদর্শকে আমরা এখন স্বদেশী নামে নির্দ্দেশ করিতেছি, তাহা এদেশে নিতান্তই নূতন। ইতিপূর্ব্বে ইহা আমাদের সমাজে কখনো ভাল করিয়া ফুটিয়া উঠে নাই। ইংরেজীতে ইহাকে পেট্রিয়টিজম্ বলে। ইংরেজি শিক্ষার প্রেরণায়, পাশ্চাত্য সাধনার প্রভাবে, ইংরেজ শাসনের চাপে এ ভাব ও এ আদর্শ আমাদের মধ্যে জাগিতে আরম্ভ করিয়াছে। এ বস্তু পূর্ব্বে আমাদের দেশে ছিল না, আমাদের ভাষায় ইহার নাম নাই।

আমাদের সমাজ আছে, সমাজ ছিল; কিন্তু ইংরেজি অর্থে নেশন্ পূর্ব্বে কখন ছিল না। এই জন্য আমাদের ধর্ম্ম ছিল, কিন্তু পেট্রিয়টিজম্ ছিল না। মানব সমাজ যে ছাঁচে ঢালাই হইলে নেশন্‌রূপে গড়িয়া উঠে, বিধাতা আমাদের সমাজকে ইতিপূর্ব্বে সে ছাঁচে কখনো ফেলেন নাই। প্রথম হইতেই এইজন্য আমাদের সমাজের আদর্শ ও আকার অন্যরূপ ছিল।

য়ুরোপে গ্রীকেরা পেট্রিয়টিজমের আদিগুরু ছিলেন।

গ্রীক্ সমাজ-তত্ত্বের মধ্যে এই অপূর্ব্ব সৌন্দর্য্যের বীজ নিহিত ছিল। আর গ্রীক্ যে চক্ষে সমাজকে দেখিত, যে ভাবে সমাজ-তত্ত্বের আলোচনা করিয়াছিল, যে আদর্শে সমাজ গড়িয়া তুলিয়াছিল, ভারতবর্ষে হিন্দু সেরূপ করে নাই। গ্রীক্ ও হিন্দু উভয়েই, পণ্ডিতেরা বলেন, এক বিশাল আর্য্য-জাতির বিভিন্ন শাখা। সুতরাং উভয়ের মধ্যেই আর্য্য কুল-লক্ষণ বিদ্যমান রহিয়াছে। আর্য্যের লক্ষণ দুই — এক তাহার তীক্ষ্ণ তত্ত্ব দৃষ্টি, দ্বিতীয় তাহার সমদর্শী সমাজ-গঠন। আর্য্য ভাষা ও আর্য্য চিন্তা চিরদিনই আত্মাকে অনাত্ম হইতে পৃথক্ করিয়া দেখিয়াছে ও বর্ণনা করিয়াছে। আর্য্য সমাজে সেইরূপ চিরদিনই প্রজা-শক্তির সংহতিতে রাজ-শক্তির অভ্যুদয় হইয়াছে। গ্রীক্ ও হিন্দু উভয়ের মধ্যেই প্রাগৈতিহাসিক কাল হইতে এই দ্বিবিধ আর্য্য-লক্ষণ প্রকাশিত হইয়াছে।

গ্রীক্ ও হিন্দু একই আর্য্য জাতি সম্ভূত ও আর্য্য লক্ষণাক্রান্ত হইলেও, উভয়ের মধ্যে বিশাল পার্থক্যও অতি প্রাচীন কাল হইতে প্রকাশ পাইয়াছে। প্রথমত হিন্দুর তত্ত্ব-

জ্ঞান যে প্রণালীতে বিকশিত হইয়াছে, গ্রীকের তত্ত্বান্বেষণ সে পথে পরিচালিত হয় নাই। হিন্দু বিশিষ্টকে উপেক্ষা ও বর্জ্জন করিয়া নির্ব্বিশেষ ভাবে তত্ত্ববস্তুকে ধরিতে চেষ্টা করিয়াছে। সকল জাগতিক সম্বন্ধকে অলীক বা মায়িক বলিয়া উড়াইয়া দিয়া, হিন্দু জগদাতীত ও মায়াতীত, নির্গুণ, নির্ব্বিশেষ চৈতন্য-বস্তুর অন্বেষণে গিয়াছে। গ্রীক্ সে পথে যায় নাই। হিন্দু মুখ্যত নির্গুণবাদী; গ্রীক্ মুখ্যত সগুণবাদী। গ্রীক্ জগতের সম্বন্ধসমূহকে একান্ত অবলম্বন ও আশ্রয় করিয়া তাহার উপরে তাহার সমাজ ও রাষ্ট্র গড়িয়া তুলিয়াছে। হিন্দু সম্বন্ধকে উপেক্ষা করে নাই, কিন্তু এই সকল সম্বন্ধের মধ্যে সকল সম্বন্ধের আধার ও অবলম্বন রূপে তত্ত্ববস্তুকে পাইতে প্রয়াস পাইয়াছে। এইখানে গ্রীক্ ও হিন্দুর মধ্যে বিশাল প্রভেদ দাঁড়াইয়া যায়।

এই প্রভেদ নিবন্ধ গ্রীক্ ও হিন্দুর সাধনা ও সভ্যতার মধ্যে খুব বড় এক পার্থক্যের উৎপত্তি হইয়াছে। গ্রীকেরা বিশিষ্টের মধ্যে নির্ব্বিশেষকে প্রতিষ্ঠা করিতে যাইয়া জগতের

সকল প্রকারের — বস্তুগত, ব্যক্তিগত, ভাবগত — সম্বন্ধকে ফুটাইয়া তুলিতে চেষ্টা করিয়াছে। বস্তুর বিবিধ সম্বন্ধের আলোচনা করিতে যাইয়া গ্রীসে জড়বিজ্ঞান প্রাচীন কালেই বিশেষভাবে ফুটিয়া উঠিয়াছিল। হিন্দু জড়কে অগ্রাহ্য ও উপেক্ষা করিয়া জড়বিজ্ঞানের যাহা কিছু অবশ্যম্ভাবী বিকাশ এদেশে হইয়াছিল, তাহাও রক্ষা করিতে পারে নাই। গ্রীক্ ব্যক্তির সঙ্গে ব্যক্তির, ব্যক্তির সঙ্গে জনসমষ্টির বা সমাজের, প্রজার সঙ্গে প্রজার ও প্রজার সঙ্গে রাজশক্তির যে সকল বিচিত্র সম্বন্ধ, তাহার পরিপক্কতা ও উৎকর্ষ-সাধনের চেষ্টায় অদ্ভুত সমাজ-বিজ্ঞান ও রাজনীতির প্রতিষ্ঠা করিয়াছিল; হিন্দু এই সমুদায় সম্বন্ধকে অবিদ্যা বিষয়ীভূত বলিয়া, সাধনের ও পরমার্থের অন্তরায় ভাবিয়া, সর্ব্বদা উপেক্ষা ও বর্জ্জন করিবার চেষ্টা করিয়াছিল; সুতরাং ব্যক্তিগত স্বত্ব-স্বাধীনতা-সংবলিত যে সমাজ-বিজ্ঞান ও রাজনীতি, তাহার সম্যক প্রতিষ্ঠা ভারতবর্ষে হয় নাই। অংশের সঙ্গে অংশের ও অংশের সঙ্গে অংশীর, অঙ্গের সঙ্গে অঙ্গের ও অঙ্গের সঙ্গে অঙ্গীর, এবংবিধ যে সকল সম্বন্ধের

সম্যক জ্ঞানের উপরে চিত্রবিদ্যা, স্থপতি বিদ্যা ও তার-বিদ্যা প্রভৃতির উৎকর্ষ নির্ভর করে; পদের সঙ্গে বাক্যের ও বর্ণের সঙ্গে বর্ণের, কর্তার সঙ্গে কর্ম্মের, ইত্যাদি যে সকল সম্বন্ধের উপরে ব্যাকরণ ও ন্যায়ের মূলতত্ত্ব প্রতিষ্ঠিত; — তৎসমুদয়ের গ্রীসে আশ্চর্য্য উন্নতি হইয়াছিল। গ্রীক্ চিন্তা ও আদর্শ সম্বন্ধের মধ্যে সম্বন্ধীকে, বহুর মধ্যে এককে অন্বেষণ করিতে যাইয়া এই সকল ফুটাইয়া তুলিয়াছিল। হিন্দু অন্যদিকে শুদ্ধ, অখণ্ড, নির্বিবশেষ, নিরাকার, নির্গুণ চৈতন্য-বস্তুকে লাভ করিবার জন্য লালায়িত হইয়া, জগতের সকল সম্বন্ধ সকল বিশেষত্ব, সকল বিচিত্রতাকে ঔপাধিক, মায়িক ও পারমার্থিক দৃষ্টিতে অলীক বলিয়া উড়াইয়া দিয়াছে এবং মায়াতীত শুদ্ধ সত্তাকে প্রত্যক্ষ করিবার আশায় কর্ম্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগাদির প্রতিষ্ঠা করিয়াছে। গ্রীকের সমাজতত্ত্ব, গ্রীকের ললিত-কলা প্রভৃতি যেমন মানবীয় সাধনার অমূল্য রত্ন; সেইরূপ হিন্দুর তত্ত্ববিদ্যা ও ব্রহ্মজ্ঞানও জগতে আর এক অমূল্য বস্তু। এই উভয়বিধ সাধনারই লক্ষ্য এক, — সেই অদ্বৈত, অখণ্ড,

সচ্চিদানন্দ পরব্রহ্ম। ঋজুকুটিল বহু পন্থা অনুসরণ করিয়া জীব সেই অনন্তকে লাভ করিতে চায়। গ্রীক্ ও হিন্দু সেই একই বস্তুকে দ্বিবিধভাবে লাভ করিতে চেষ্টা করিয়া জগতে দুই অমূল্য সাধনার সৃষ্টি করিয়াছে।

স্মরণাতীত কাল হইতে হিন্দুর চক্ষু অদ্বৈতে নিবদ্ধ হইয়া আছে। যে অদ্বৈতের অন্বেষণে যায়, তাহাকে সকল ভেদ ও সকল বিরোধ বর্জ্জন করিয়া চলিতে হয়। যেখানে মায়া-প্রভাবে ভেদ প্রকাশিত হয়, সেখানে অদ্বৈতের উপাসক এই ভেদের মধ্যেই অভেদ সাধনের পন্থা খুলিয়া লন। ভেদ মাত্রেই অজ্ঞতাপ্রসূত। এই অজ্ঞান অহংজ্ঞানমূলক। অহংজ্ঞান বিষয়ের সহিত ইন্দ্রিয় সাক্ষাৎকার হইতে উৎপন্ন হয়। অজ্ঞানাবস্থায় এই অহংজ্ঞানকে সংযত ও সংস্কৃত করিবার জন্য ভেদকে প্রতিষ্ঠিত করিতে হয়। বিধিনিষেধ ভেদের রাজ্যেই সম্ভব, অভেদ-অবস্থায় বিধিও নাই, নিষেধও নাই। ভেদকে অতিক্রম করিতে হইলে, ভেদকেই আরো প্রতিষ্ঠিত করিয়া, বিধিনিষেধাত্মক সাধন দ্বারা অহংজ্ঞান ও বিষয় লালসাকে নিরস্ত করিয়া, পরে ব্রহ্মসাধনে নিযুক্ত হইতে হয়। ব্যবহারিক

জগতে হিন্দু এইজন্য ভেদকে প্রতিষ্ঠিত করিয়া তাহারই উপরে ব্রহ্মসাধনের পূর্ব্ববৃত্ত আচার-অনুষ্ঠানাদি প্রবর্ত্তিত করিয়াছিল। সাধনার নিম্নস্তরে বর্ণাশ্রমধর্ম প্রতিষ্ঠিত করিয়া হিন্দু ভেদকে স্বীকার করিয়াছে। মূলে সম্ভবতঃ গুণকর্ম বিভাগের উপরে এই বর্ণবিভাগ ও বর্ণাশ্রমধর্ম প্রতিষ্ঠিত হইয়াছিল, ক্রমে তাহা কুলগত হইয়া পড়িয়াছে। কিন্তু ভেদের উপর প্রতিষ্ঠিত হইলেও পরিণামে অভেদজ্ঞান-উৎপাদনই এই বর্ণাশ্রমধর্মের লক্ষ্য ছিল বলিয়া মনে হয়। ফলতঃ যমনিয়মাদি সাধনা ও নিত্যনৈমিত্তিক বিবিধ কর্ম্মাদি প্রবর্ত্তিত করিয়া এই বর্ণাশ্রমধর্ম ও নিম্ন অধিকারীর জন্য চিত্তশুদ্ধির উপায় বিহিত করিয়াছিল বলিয়া চরমে অভেদ আত্মজ্ঞান-লাভের সোপানরূপে চিরদিন অদ্বৈত-সাধকমণ্ডলী কর্তৃক সমর্থিত হইয়া আসিয়াছে। কিন্তু এই ভেদাত্মক বর্ণাশ্রমই হিন্দুর শ্রেষ্ঠ বা চরম আশ্রম নহে। বর্ণাশ্রম গার্হস্থ্যের অঙ্গীভূত, কিন্তু গার্হস্থ্যের উপরে সন্ন্যাসাশ্রম ও বর্ণধর্ম্মের উপরে সনাতন ধর্ম্ম প্রতিষ্ঠিত হইয়াছিল। সে আশ্রমে ও সে ধর্ম্মে সার্ব্বজনীন মৈত্রী ও সর্ব্বভূতে সমদৃষ্টি বা

ব্রহ্মদৃষ্টির সাধিত ও আচরিত হইত। সে ধর্ম্মে জাতি নাই, ব্যক্তি নাই; ব্রাহ্মণ নাই, চণ্ডাল নাই; উচ্চ নাই, নীচ নাই; — সকলই সমান। সর্ব্বং খলিদং ব্রহ্মময়ং জগৎ। সে ধর্ম্মের সাধ্য অদ্বৈত ব্রহ্মবস্তু; তাহার সাধনা ভেদমূলক অহংবুদ্ধির বিনাশ। মানব-সমাজে বিভিন্ন দেশী, বিভিন্ন ভাষী, বিভিন্ন সম্প্রদায়বদ্ধ মানবসমষ্টির মধ্যে যে ভেদ, যে বিরোধ, যে সংঘর্ষ, যে প্রতিদ্বন্দ্বিতা হইতে নেশন-ধর্ম্ম ও পেট্রিয়টিজম্ ফুটিয়া উঠে, বর্ণাশ্রমে বা সনাতন ধর্ম্মে, হিন্দুর সমাজে বা সাধনায়, তাহার জীবনে বা আদর্শে, তাহার সামাজিক অনুষ্ঠান বা প্রতিষ্ঠানাদিতে কুত্রাপি তাহা সম্যক্ ও স্থায়ী প্রতিষ্ঠা লাভ করে নাই।

অতি প্রাচীনযুগে, বর্ণাশ্রম প্রতিষ্ঠার পূর্ব্বে, আর্য্য ও অনার্য্যের মধ্যে যখন দীর্ঘকালব্যাপী বিরোধ চলিয়াছিল, সে সময়ে অতি সামান্য আকারে এই নেশন্-ভাব আমাদের মধ্যে অঙ্কুরিত হইয়াছিল বলিয়া মনে হয়। ঋগ্বেদে তাহার কথঞ্চিত আভাস প্রাপ্ত হওয়া যায়। কিন্তু এই সংগ্রামের অবসানে ব্রাহ্মণ্য-আদর্শের প্রতিষ্ঠাতে, বিশেষত

বর্ণাশ্রমবিভাগ – নিবন্ধন , যখন পররাষ্ট্রে ও স্বরাষ্ট্রে , উত্থিত সর্ব্বপ্রকারের তীব্র বিরোধ এরূপ নিরস্ত হইয়া যায় সেই সময়ে , আমাদের এই প্রাচীন নেশন – ভাবও অঙ্কুরেই শুষ্ক হইয়া পড়িয়াছিল । সমাজ শাসন , সমাজ রক্ষা ও সামাজিক উন্নতি বিধানের জন্য য়ুরোপে পেট্রিয়টিজম্ যে কার্য্য করিয়াছে , আমাদের মধ্যে সে কার্য্য এতাবৎকাল মোটামুটি বর্ণ – বিভাগ ও আশ্রম – ধর্ম্মের দ্বারাই সাধিত হইয়া আসিয়াছে ।

এখন হিন্দু যে বিশাল আকার ধারণ করিয়াছে , এক দিন তাহা ছিল না । একদিন অনার্য্য অধ্যুষিত ভারতভূমে হিন্দু বা আর্য্যগণ মুষ্টিমেয় মাত্র ছিল । অপরাপর আর্য্য ঔপনিবেশিকের মত ভারতের হিন্দু ঔপনিবেশিকগণ কতটা পরিমাণে অনার্য্য অধিবাসীদের উচ্ছেদ সাধন করিয়া এই ভারতবর্ষে আপনাদের রাজ্যবিস্তার করিয়াছিলেন , তাহা বলা কঠিন । কিন্তু য়ুরোপীয় জাতিরা মার্কিণে , অষ্ট্রেলিয়ায় , নিউজিলাণ্ডে যেরূপ ভাবে আদিম অধিবাসীদিগকে একেবারে নির্ম্মূল করিবার চেষ্টা করিয়াছে , হিন্দু আর্য্য ভারতবর্ষে

আপনার উপনিবেশ স্থাপন করিতে যাইয়া সেরূপ করিয়াছিল বলিয়া মনে হয় না। বর্ত্তমান হিন্দু-জাতি যে আর্য্য-অনার্য্য বহুজাতির মিশ্রণে উৎপন্ন হইয়াছে, ইহা এখন এক রূপ সকলেই স্বীকার করেন। এইরূপ সংমিশ্রণে সর্ব্বত্রই বিরাট নেশন্ সকলের উৎপত্তি হইয়াছে। কিন্তু হিন্দু সমাজে এই সংমিশ্রণ ক্রিয়া যে ভাবে সাধিত হয়, অন্যত্র সে ভাবে ও সে আদর্শে হইয়াছিল, এরূপ প্রমাণ পাওয়া যায় না। হিন্দু অহিন্দুকে ধর্ম্মের পুটে পাক করিয়া, বর্ণাশ্রমের ছাঁচে ফেলিয়া বেমালুম আত্মসাৎ করিয়াছে। দ্রাবিড়, তৈলঙ্গ প্রভৃতি দেশে এই প্রণালীতেই হিন্দুত্ব প্রতিষ্ঠিত হইয়াছিল।

হিন্দু নেশন্ গড়িতে যাইয়া ধর্ম্মের পুট ব্যবহার করিয়াছে; য়ুরোপীয় জাতিরা রাজনীতির পুট ব্যবহার করিয়াছে। এই কারণে ভারতে ধর্ম্মই সকল ভাব, সকল আদর্শ ও সকল রসকে আত্মস্থ করিয়া বসিয়াছে, আর য়ুরোপে কার্য্যতঃ পেট্রিয়টিজম্ সর্ব্বদাই ধর্ম্মের উপরে ছাপাইয়া উঠিয়াছে।

বর্ণাশ্রম বিভাগ নিবন্ধন হিন্দুর স্বরাষ্ট্রে ব্যক্তিগত স্বত্ব – স্বাধীনতার সংঘর্ষ উপস্থিত হইয়া কখনো কোন গুরুতর বিপ্লব উৎপাদন করিতে পারে নাই। বিপ্লব ও পরিবর্ত্তন আমাদের মধ্যে যখন যাহা হইয়াছে, তৎসমুদয়ই প্রায় ধর্ম্মমূলক। বর্ণাশ্রমকে বর্জ্জন করিতে যাইয়াও, বিভিন্ন বৈষ্ণবমতাবলম্বীগণ কখনো ব্যক্তিগত স্বত্ব – স্বাধীনতা প্রতিষ্ঠা করিতে যান নাই। মুসলমান আসিয়া যখন ভারতে প্রতিষ্ঠিত হইল, তখনো এই বর্ণাশ্রম নিবন্ধনই নূতন রাজশক্তি ও রাজনীতি বিধর্ম্মী ও ম্লেচ্ছাচারী হইয়াও, হিন্দুর চিরাগত ভাব ও আদর্শকে অভিভূত করিতে পারে নাই। রাজা রাজস্ব আদায় করিতেন, রাজ্যশাসন ও রাজ্যরক্ষা করিতেন, কিন্তু সমাজ নিঃশব্দে আপনার নিয়মে আপনাকে নিয়ন্ত্রিত করিত, আপনার আদর্শ আপনি অনুসরণ করিয়া চলিত। শাসনের অঙ্কুশ সমাজ প্রাচীরকে কখনো উল্লঙ্ঘন করিতে পারে নাই।

মুসলমান সংস্পর্শে নানকপন্থী, কবিরপন্থী প্রভৃতি যে সকল বর্ণাশ্রম – বিরোধী ধর্ম্ম – সংস্কারের অভ্যুদয় হয়,

তাহাতেও হিন্দু সমাজের প্রাচীন আদর্শ ও প্রতিষ্ঠাকে নষ্ট করিতে পারে নাই। বিশাল সাগর-বক্ষে ক্ষুদ্র ক্ষুদ্র বুদ্বুদের ন্যায় ভাসিয়া উঠিয়া ইহারা সকলই আবার সেই সাগর-গর্ভেই বিলীন হইয়া যায়।

ইহার প্রধান কারণ এই যে, এই সকল পন্থাতেও কখনো সম্যক্‌রূপে সংসার ও পরমার্থের প্রাচীন বিরোধ ভঞ্জন করিতে সমর্থ হয় নাই. এই সকল ভক্তিপন্থা সগুণ-বাদী হইলেও একেবারে নির্গুণের প্রভাব হইতে মুক্তি লাভ করিতে পারে নাই। শাস্ত্রে ও তত্ত্ববিচারে যাহাই থাকুক না কেন, কার্য্যত ও ব্যবহারে এই সকল নূতন পন্থাতেও সন্ন্যাসেরই প্রাধান্য প্রতিষ্ঠিত হয়। আর সন্ন্যাস ধর্ম্মের প্রাদুর্ভাবে সংসার ধর্ম্ম মলিন হইয়া গেলে, সামাজিক ও রাজনৈতিক উন্নতির পথ প্রায় অবরুদ্ধ হইয়া যায়।

ভক্তিপন্থা সংসার বিরোধী নহে, সত্য। হিন্দুর ভক্তিপন্থাতে সংসারে কেবল ধর্ম্মকে নহে, কিন্তু ভগবানকে পর্য্যন্ত প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করিয়াছে, ইহা অস্বীকার করা যায় না। সকল রসের মধ্যে নিখিল-রসামৃতমূর্ত্তিরূপে

ভগবানকে সম্ভোগ করিবার জন্য লালায়িত হইয়া ভক্তিপন্থী হিন্দু সংসারের সকল সম্বন্ধকে উন্নত , পবিত্রীকৃত ও আধ্যাত্মিক সম্পদে ও সৌন্দর্য্যে পূর্ণ করিয়া তুলিতে প্রাণপণ চেষ্টা করিয়াছে । এমন চেষ্টা জগতের আর কোনো ধর্ম্মে হয় নাই । দাস্য , সখ্য , বাৎসল্য , মধুর , এই চারি রসের মধ্যে ভগবানকে সম্ভোগ ও তাঁহার সেবা করিতে যাইয়া পারিবারিক ও সামাজিক জীবনের সর্ব্বপ্রকারের কর্ত্তব্য ও সম্বন্ধকে ভগবদ্ভাবে উদ্ভাসিত করিয়াছে । এ আদর্শ , এ সাধনা , জগতের আর কোনো সম্প্রদায়ে এমনভাবে প্রতিষ্ঠা লাভ করে নাই । আদিতে এ সকল অবতারের সঙ্গে জড়িত ছিল । কিন্তু ক্রমে দৈনন্দিন জীবনেই সেই অবতারলীলা প্রত্যক্ষ ও অভিনয় করিবার আদর্শ প্রকাশিত হইয়া দাস্য , সখ্য প্রভৃতি সাধনের প্রাচীন রীতিপ্রকৃতত্ব বহুল পরিমাণে বিনষ্ট করিয়া দেয় , এবং জীবনের সাক্ষাৎ সম্বন্ধ সকলের মধ্যে ভগবৎ - প্রতিষ্ঠা করিতে চেষ্টা করে । এই সকলই সত্য ; আর এইজন্য ভক্তিবাদীদিগের মধ্যে সংসার এই সন্ন্যাস - প্রধান দেশেও এক অপূর্ব্ব

ব্রী ধারণ করিয়াছে। তাঁহারা সংসারকে মায়ার খেলা বলিয়া গ্রহণ করেন নাই, ভগবতী লীলারূপেই সংসারের ভজনা করিয়াছেন। সর্বভূতে ব্রহ্মদৃষ্টির প্রাচীন আদর্শ ভক্তি-রসাপ্লুত হইয়া জীবমাত্রকেই নারায়ণের বিগ্রহরূপে প্রতিষ্ঠিত করিয়া, নর-সেবাকেই প্রতীক রূপে সাধনা করিয়াছে।

কিন্তু এ আদর্শ পরিবারের ও সমাজের গণ্ডী অতিক্রম করিয়া রাজনীতিক্ষেত্রে কদাপি কোনো প্রকারের প্রতিষ্ঠা প্রাপ্ত হয় নাই। পাইলে আমাদের মধ্যেও পেট্রিয়টিজ্‌ম্‌ ফুটিয়া উঠিতে পারিত, এবং তখন হিন্দুর জীবনে পেট্রিয়টিজ্‌ম্‌ বা স্বদেশচর্য্যের যে অদ্ভুত ও মনোহর আদর্শ প্রকাশিত হইতে পারিত, প্রাচীন গ্রীসে বা রোমে তাহা সম্ভব হয় নাই। বর্ত্তমানে য়ুরোপে বা মার্কিণে তাহার সন্ধানও এখন পর্য্যন্ত কেহ প্রাপ্ত হন নাই।

এ আদর্শ হিন্দুর ভারতে ফুটিয়া উঠে নাই এইজন্য যে, বর্ণবিভাগ নিবন্ধন ও আশ্রম ধর্ম্মের প্রাবল্য হেতু হিন্দু সমাজে কখনো য়ুরোপীয় সমাজের মত ব্যক্তিগত স্বত্ব স্বাধীনতা প্রতিষ্ঠা করিবার অবসর, প্রয়োজন এবং

প্রয়াস হয় নাই । অতি প্রাচীনকাল হইতেই হিন্দু অংশাশী ও অঙ্গাঙ্গী ভাবে ব্যক্তির সহিত পরিবারের সম্বন্ধ প্রতিষ্ঠা করিতে চেষ্টা করিয়াছে । বর্ণাশ্রম ধর্ম্ম ইহার মূল ও ফল উভয়ই । এ জগতে অংশীকে ছাড়িয়া অংশের প্রতিষ্ঠা নাই, অঙ্গীকে উপেক্ষা করিয়া অঙ্গ কদাপি আপনার সফলতা লাভ করিতে সমর্থ হয় না । অংশীর উন্নতিতেই অংশের উন্নতি, অঙ্গীর বিকাশেই অঙ্গের বিকাশ । পরিবারের, গোষ্ঠীর, সবর্ণের উন্নতিতেই এইজন্য সর্ব্বদা তৎপরিবার বা গোষ্ঠীর বা তৎবর্ণভুক্ত ব্যক্তির উন্নতি সাধিত হইত; সমাজের মুখ্য দৃষ্টি অতি প্রাচীনকাল হইতে ব্যক্তিকে ছাড়িয়া তাহার পরিবার, তাহার সগোত্র ও সবর্ণের উপরে নিবদ্ধ ছিল । প্রত্যেক ব্যক্তির উন্নতির বাসনাও এইজন্য তাহার সগোত্র বা সবর্ণের গণ্ডির মধ্যে আবদ্ধ থাকিত । মানবের যে মূল প্রকৃতি হইতে য়ুরোপে পেট্রিয়টিজ্‌মের উৎপত্তি হয়, যে স্বজাতি বাৎসল্য ও স্বদেশচর্য্যার জন্য য়ুরোপ সভ্য সমাজে এতটা প্রাধান্য ও প্রতিষ্ঠা লাভ করিয়াছে, আমাদের দেশে হিন্দুর সমাজে তাহা সগোত্র

বাৎসল্যে ও সবর্ণ প্রীতিতেই পর্য্যবসিত হইয়াছিল। আমাদের পরার্থ প্রবৃত্তি যেখানে গোত্রবর্ণ অতিক্রম করিত, সেখানে একেবারে সর্ব্বভূতে গিয়া পড়িয়াছিল, —য়ুরোপ ও মার্কিণের মত স্বজাতি ও স্বদেশকে আশ্রয় করিয়া প্রকাশিত হয় নাই।

গ্রীসে সমাজের যে আদর্শ ফুটিয়াছিল, ভারতে তাহা কখনো ফুটিয়া উঠে নাই। প্রাচীনকালে ভারতে ধর্ম্ম বলিতে সমাজ বন্ধন ও সামাজিক জীবনের সনাতন প্রতিষ্ঠাকে নির্দ্দেশ করিত; কিন্তু গ্রীসে ষ্টেট্ বলিয়া যে বস্তু গঠিত হইয়াছিল, ভারতের সাধনায় তাহা কখনো গড়িয়া উঠিবার অবসর প্রাপ্ত হয় নাই। ভারতের ধর্ম্ম যেমন সনাতন, গ্রীকের ষ্টেট্ সেইরূপ সনাতন বস্তু। ভারত ধর্ম্মের শাসনে, ধর্ম্মের চর্য্যা করিয়া জীবনে সফলতা লাভের চেষ্টা করিয়াছে। গ্রীসে ষ্টেটের শাসনে, ষ্টেটের চর্য্যা করিয়া আপনার সমুদায় শক্তিসামর্থ্যের সার্থকতা সম্পাদনের চেষ্টা করিয়াছে। গ্রীসে ষ্টেট্ ধর্ম্মের অন্তর্গত ও ধর্ম্ম ষ্টেটের অন্তর্গত ছিল। এই ষ্টেট্ রাজনীতির মূল। ষ্টেটের মধ্যে বিবিধ ব্যক্তির ব্যষ্টি ব্যক্তি সকলের

পরস্পরের সঙ্গে ও সমষ্টিভাবে ঐ ষ্টেটের সঙ্গে যে সম্বন্ধ, তাহাই রাজনীতির বিষয়। এই সকল সম্বন্ধের মধ্য দিয়া জীবনের সফলতা লাভ করিবার চেষ্টা হইতেই গ্রীসে পেট্রিয়টিজ্‌মের জন্ম হয়।

আমাদের দেশে দু'একবার, আধুনিক সময়ে, এই পেট্রিয়টিজম স্বল্পবিস্তর জাগ্রত হইয়াছে। শিখ-সম্প্রদায়ের অভ্যুত্থানে ও মহারাষ্ট্রীদিগের অভ্যুদয়ে তাহার কথঞ্চিত আভাস প্রাপ্ত হওয়া যায়। শিখেরা প্রথমে ধর্ম্ম-সম্প্রদায়রূপে জাগিয়া উঠিয়া, মোগলের উৎপীড়নে ক্রমে এক বিপুল শক্তিশালী সৈন্যরূপে গড়িয়া উঠেন। গ্রীকদের যাহা ষ্টেট্ ছিল, শিখদের মধ্যে কিয়ৎপরিমাণে তাহাই খালসার আকার ধারণ করে। খালসার প্রতি ভক্তি, খালসার প্রতি বিশ্বাস, খালসার সেবা, খালসার জন্য জীবনোৎসর্গ, — এই সকল শিখ-ধর্ম্মের ও শিখ জাতীয় জীবনের আদর্শ হইয়া দাঁড়ায়। এই আদর্শের প্রভাবে এক অদ্ভুত আকারের পেট্রিয়টিজ্‌ম্‌ শিখ সম্প্রদায়ের মধ্যে ফুটিয়া উঠিয়াছিল। মোগলাধিকারে গুরু গোবিন্দের জীবনে ও চরিত্রে, পরে ব্রিটিশের অভ্যুত্থান

কালে আলবানে, গুজরাটে, চিলিনওয়ালায়, এই আদর্শেরই পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কিন্তু এই শিখ পেট্রিয়টিজম্ সম্প্রদায়ের গণ্ডির মধ্যে আবদ্ধ ছিল, সমগ্র দেশ ও দেশবাসী সকল জাতি, সকল সম্প্রদায়কে আলিঙ্গন করিতে সমর্থ হয় নাই।

মারাঠা-আদর্শ শিখ-আদর্শ অপেক্ষা উদারতর ছিল। সমগ্র ভারতে হিন্দুরাষ্ট্র প্রতিষ্ঠা করা মারাঠা নেতৃবর্গের বিশেষত মারাঠা-রাষ্ট্রের প্রতিষ্ঠাতা শিবাজী মহারাজের মূল উদ্দেশ্য ছিল। হিন্দুর ধর্ম্ম, হিন্দুর রীতিনীতি, হিন্দু জাতির প্রাধান্য প্রতিষ্ঠা এ আদর্শের অস্থিমজ্জা-গত ছিল। কিন্তু এখানেও ক্রমে কার্য্যত এই আদর্শ হিন্দু সমাজের অংশবিশেষেই সীমাবদ্ধ হইয়া পড়ে। কি শিখ, কি মারাঠা, কেহই সমগ্র ভারতবর্ষকে মাতৃভূমিরূপে এবং বিশাল ও বিভিন্নশাখ ভারতের প্রকৃতিপুঞ্জকে স্বজাতীয় বলিয়া বরণ করিয়া তাহাদের সেবায় আত্মোৎসর্গ করিতে পারেন নাই।

শিখ ও মারাঠার অভ্যুদয়ের ইতিহাসের বাহিরে, আমাদিগের মধ্যে ইদানীন্তন যুগে আর কুত্রাপি রাজনীতি

ক্ষেত্রে কোন প্রকার আত্ম-প্রতিষ্ঠার চেষ্টা হয় নাই । এই জন্য পেট্রিয়টিজম ভাল করিয়া ফুটিয়া উঠিবার অবসর পায় নাই ।

কেবল তাহাই নহে, এখনো অনেকেই আমাদিগকে রাজ-নীতি বর্জ্জন করিয়া শুদ্ধ সামাজিক জীবনের উন্নতি বিধান করিয়া, জাতীয় জীবনের সফলতা অন্বেষণ করিতে উপদেশ দেন । মুসলমান রাজত্বে হিন্দু সমাজ যেমন আত্মস্থ হইয়া আপনি আপনার সফলতা অন্বেষণ করিতেছিল, এখনো আমাদিগকে তাহাই করিতে হইবে । ইংরাজ রাজত্বেও আমাদিগকে রাজ-নীতি বিষয়ে সম্পূর্ণ উদাসীন হইয়া, রাজার কার্য্যাকার্য্যের প্রতি দৃক্পাত না করিয়া, ইঁহারা আমাদিগকে কেবল সামাজিকজীবনের সর্ব্ববিধ উন্নতি ও সার্থকতার পন্থা অন্বেষণ করিতে বলেন । এ সকল উপদেষ্টা কিন্তু ইংরেজের শক্তি ও প্রভাব কি পরিমাণে যে আমাদিগকে আবিষ্ট ও অভিভূত করিয়া ফেলিয়াছে, ইহা তাহারা দেখেন না । মুসলমান কর লইয়া সন্তুষ্ট থাকিত, ইংরাজ তো সেরূপ থাকে না । মুসলমান যখন যখন আমাদিগকে জোর করিয়া

কলমা পড়াইত সত্য, ইংরেজ সেরূপ করে না; কিন্তু মুসলমান তাহার শিক্ষা ও সাধনার দ্বারা আমাদিগের চিত্তকে একেবারে অভিভূত করিবার চেষ্টাও করে নাই; ইংরেজ এই দেড়শত বৎসরকাল ক্রমাগত সেই চেষ্টা করিতেছে। মুসলমান আমাদের রাজা ছিল, গুরু হইবার প্রবল আকাঙ্ক্ষা রাখে নাই। ইংরেজ রাজা তো আছেই, তার উপরে গুরু হইবার জন্যও লালায়িত। মুসলমান রাজত্বে, মুসলমানের প্রভাবে হিন্দুর সমাজ মধ্যে যে বিপ্লব হয় নাই, ইংরেজের রাজত্বে, ইংরেজের প্রভাবে তাহা হইয়াছে ও হইতেছে। কেবল ইংরেজের শিক্ষায় যে এ সকল বিপ্লব উপস্থিত হইয়াছে, তাহা নহে। ইংরেজের শিক্ষা যাহারা পায় নাই, তাহারাও ইংরেজের প্রভাবে পরিবর্ত্তিত হইয়া উঠিতেছে। ইংরেজের আইন-আদালত আমাদের প্রাচীন বর্ণাশ্রমের উপরে এমন আঘাত করিয়াছে যে, তাহা আর রক্ষা করা আদৌ সম্ভবপর নহে। ইংরেজের ব্যবসাবাণিজ্য, ইংরেজের আমদানী-রপ্তানী, ইংরেজের শাসন-সংরক্ষণ, সকলই আমাদের চিন্তাকে, আমাদের সামাজিক গঠনকে প্রতিদিন

বিপর্য্যস্ত করিয়া দিতেছে । এ অবস্থায় ইংরেজের কার্য্যাকার্য্যের প্রতি উদাসীন হইয়া সামাজিক জীবনের স্বাতন্ত্র্য ও স্বপ্রতিষ্ঠা রক্ষা করা তো দূরের কথা, জীবন রক্ষা করা যায় কিনা, তাহাই সন্দেহের বিষয় । ইংরেজের প্রভাব উপেক্ষা করা যদি অসাধ্য হয়, তবে আত্মরক্ষার জন্য তাহার প্রতিরোধ করিতে হইবে । ইংরেজ রাজা, আমরা প্রজা । তাহার সঙ্গে আমাদের সম্বন্ধ রাজার প্রজার সম্বন্ধ । এই সম্বন্ধ হইতে যে সকল কর্ত্তব্যাকর্ত্তব্য উৎপন্ন হইতেছে, তাহার উপরে আমাদিগের বিবিধ প্রকারের ইষ্টানিষ্ট নির্ভর করিতেছে । এই সম্বন্ধকে অগ্রাহ্য করিয়া, এ সকল কর্ত্তব্যাকর্ত্তব্যের প্রতি উদাসীন হইয়া চলা সম্ভব নহে; সম্ভব হইলেও মঙ্গলকর হইবে না ।

রাজার সঙ্গে প্রজার যে সম্বন্ধ, তাহা লইয়াই রাজনীতি রচিত হয় । এই রাজনীতিকে বর্জ্জন করা আর আমাদের পক্ষে সম্ভবপর নহে, কল্যাণকরও নহে । এই রাজনীতির আলোচনা, এই রাজনীতির আন্দোলন, এই রাজনীতি ক্ষেত্রে আত্মপ্রতিষ্ঠার চেষ্টা আমাদিগকে করিতেই হইবে ।

এই চেষ্টার সফলতার উপরেই আমাদিগের ভবিষ্যৎ কল্যাণ ও স্থিতি সম্পূর্ণরূপে নির্ভর করিতেছে ।

য়ুরোপে রাজনীতি ক্ষেত্রে পেট্রিয়টিজ্‌মের উৎপত্তি হইয়াছে । আমাদের মধ্যেও ইংরেজ শাসনে রাজনীতি ক্ষেত্রেই এই নূতন স্বদেশী বা পেট্রিয়টিজ্‌মের অভ্যুদয় হইয়াছে ।

(শ্রীবিপিনচন্দ্র পালের 'রাষ্ট্রনীতি' হইতে এই অংশটি গৃহীত)

Notes

সংমিশ্রণ ক্রিয়া	(lit.) the work of blending
গড়িয়া যাইয়া	in attempting to build
অভিভূত করিতে পারে নাই	could not overwhelm, could not overthrow
সাধিত হইয়া আসিয়াছে	has been done
প্রাপ্ত হওয়া যায়	can be got
নিরস্ত হইয়া যায়	was ended
সন্ন্যাসাশ্রম	the last stage of Hindu life (religious asceticism)
অহংজ্ঞান	selfish motive; (lit.) knowledge of self
লালায়িত হইয়া	hankering after
অন্বেষণ করিতে যাইয়া	in searching
লক্ষণাক্রান্ত	having the same distinct sign
ফুটিয়া উঠিয়াছিল	were developed
প্রকাশিত হইয়াছে	has been manifested, has been evident
প্রতিষ্ঠা করিতে যাইয়া	in attempting to establish

উড়াইয়া দিয়া	dismissing
আলোচনা করিতে যাইয়া	in discussing
ছাঁচে ফেলেন নাই	did not cast
বর্ণাশ্রম	caste divisions of society
কলমা পড়ান	to make one recite Kalma (i.e. verse of the Muslim faith), i.e. to convert into Islam
পড়াইত	used to make [us] read

RabĪndranāth Tagore (1861-1941)

One of the two most outstanding figures of twentieth century India and modern India's greatest artist, RabĪndranāth came of a wealthy, cultured and cosmopolitan family. He grew up in Calcutta and rural Bengal, imbiding an education (mostly informal) in the language and traditions of classical India (his father Debendranāth had founded the Brahmo Samaj), of Bengal and of England, all three of which he would draw on in his work.

His production was immense and varied. He wrote over a thousand poems, nearly two dozen plays, eight novels, eight volumes of short stories, both words and music of two thousand songs, and a great mass of prose on literary, religious, social, political and other topics. In addition, he translated some of his work into English, travelled and lectured in Asia, Europe and America, was active as a social and religious reformer, a politician, and an educator (he founded and worked in Viśvabhāratī, an international university), and took up painting when he was over sixty years old.

RabĪndranath wrote much poetry that is sentimental and unsubstantial, but at his best he produced marvelous lyrics and songs of love and nature. Among his outstanding works are Gitānjali, the English translation of which won him the Nobel Prize in 1913; the play Rājā (King of the Dark Chamber); the symbolic drama Dākghar (The Post Office); and Gorā, a novel of contemporary life.

His work was marked by a romantic love for nature and a sense of the oneness of the universe and of mankind. Though a Bengali to the core, he abhorred chauvinism and believed that national roots must flower into a world-wide humanistic culture. He urged the need for social reform along with the independence which some of his contemporaries were exclusively concerned with; and fittingly, he revitalized the Bengali language by developing the speech of the people into a vehicle for the highest literary expression. For his great achievements Rabīndranāth was idolized during life and after his death by the whole world as well as by his native Bengal.

শিক্ষাবিধি সম্বন্ধে .. আলোচনা করব স্থির করেছিলুম , ইতিমধ্যে কোনো-একটি আমেরিকান কাগজে এই বিষয়ে একটি প্রবন্ধ পড়লুম , পড়ে খুশি হয়েছি । আমার মতটি এই লেখায় ঠিকমত ব্যক্ত হয়েছে । হয়ার প্রধান কারণ এই , আমেরিকা দীর্ঘকাল থেকে বৈষয়িক সিদ্ধির নেশায় মেতে ছিল । সেই সিদ্ধির আয়তন ছিল অতি স্থূল , তার লোভ ছিল প্রকান্ড মাপের । এর ব্যাপ্তি ক্রমশ বেড়েই চলেছিল । তার ফলে সামাজিক মানুষের যে পূর্ণতা সেটা চাপা পড়ে গিয়ে বৈষয়িক মানুষের কর্তৃত্ব সব ছাড়িয়ে উঠেছিল । আজ হঠাৎ সেই অতিকায় বৈষয়িক মানুষটি আপন সিদ্ধিপথের মাঝখানে অনেক দামের জটিল যানবাহনের চাকা ভেঙে , কল বিগড়িয়ে , ধুলায় কাত হয়ে পড়েছে । এখন তার ভাবনার কথা এই যে , সব ভাঙাচোরা বাদ দিয়ে মানুষটার বাকি রইল কী ? এত কাল ধরে যা-কিছু সে গড়ে তুলেছিল , যা-কিছুকে সে সর্বোচ্চ মূল্য দিয়েছিল , তার প্রায় সমস্তই বাইরের । বাইরে যখন ভাঙন ধরে তখন ভিতরটাতে যদি দেখে সমস্ত ফাঁক তা হলে

সান্ত্বনা পাবে কী নিয়ে ? আসবাবগুলো গেল, কিন্তু মানুষটা কোথায় ? সে এই বলে শোক করছে যে, সে আজ ভিক্ষুক ; বলতে পারছে না 'আমার অন্তরে সম্পদ আছে'। আজ তার মূল্য নেই, কেননা সে আপনাকে হাটের মানুষ করে তুলেছিল, সেই হাট গেছে ভেঙে।

একদিন ভারতবর্ষে যখন তার নিজের সংস্কৃতি ছিল পরিপূর্ণ তখন ধনলাঘবকে সে ভয় করত না, লজ্জা করত না, কেননা তার প্রধান লক্ষ ছিল অন্তরের দিকে। সেই লক্ষ্য নির্ণয় করা, অভ্যাস করা, তার শ্রেষ্ঠতা স্বীকার শিক্ষার সর্বপ্রধান অঙ্গ। অবশ্য, তারই এক সীমানায় বৈষয়িক শিক্ষাকে স্থান দেওয়া চাই, কেননা মানুষের সত্তা ব্যবহারিক-পারমার্থিককে মিলিয়ে। সংস্কৃতির অভাব আছে অথচ দক্ষতা পুরোমাত্রায়, এমন খোঁড়া মানুষ চলেছিল বাইসিক্‌ল চড়ে। তাকে কি কোনো চিন্তার কারণ আছে, এমন সময় বাইসিক্‌ল পড়ল ভেঙে। তখন কেবল বহুমূল্য যন্ত্রটার চেয়ে বিনা মূল্যের পায়ের দাম বেশি। যে মানুষ উপকরণ নিয়ে বড়াই করে সে জানে না আসলে সে কতই গরিব। বাইসিক্‌লের আদর কমাতে চাই নে,

কিন্তু দুটো সজীব পায়ের আদর তার চেয়ে বেশি। যে শিক্ষায় এই সজীব পায়ের জীবনীশক্তিকে বাড়িয়ে তোলে তাকেই ধন্য বলি, যে শিক্ষায় প্রধানত আসবাবের প্রতিই মানুষকে নির্ভরশীল ক'রে তোলে তাকে মূঢ়তার বাহন বলব।

যখন শান্তিনিকেতনে প্রথম বিদ্যালয় স্থাপন করি তখন এই লক্ষ্যটাই আমার মনে প্রবল ছিল। আসবাব জুটে গেলে তাকে ব্যবহার করবার জন্যে সাধনার দরকার নেই, কিন্তু আসবাব-নিরপেক্ষ হয়ে কী ক'রে বাহিরে কর্ম-কুশলতা ও অন্তরে আপন সম্মানবোধ রক্ষা করা যায় এইটেই শিক্ষাসাধ্য। তখন আশ্রমে গরিবের মতোই ছিল জীবনযাত্রা, সেই গরিবিয়ানাকে লজ্জা করাই লজ্জাকর এ কথাটা তখন মনে ছিল। উপকরণবানের জীবনকে ঈর্ষা করা বা বিশেষভাবে সম্মানকরাই যে কুশিক্ষা, এ কথাটা আমি তখনকার শিক্ষকদের স্মরণ করিয়ে রেখেছিলুম।

বলা বাহুল্য, যে দারিদ্র্য শক্তিহীনতা থেকে উদ্ভূত সে কুৎসিত। কথা আছে, শক্তস্য ভূষণং ক্ষমা। তেমনি বলা যায়, সামর্থ্যবানের ভূষণ অকিঞ্চনতা। অতএব সামর্থ্য

শিক্ষা করাই চাই ভোগের অভ্যাস বর্জন ক'রে । সামর্থ্যহীন দারিদ্র্যেই ভারতবর্ষের মাথা হেঁট হয়ে গেছে, অকিঞ্চনতায় নয় । অক্ষমকে দেবতা ক্ষমা করেন না ।

'আমি সব পারি, সব পারব' এই আত্মবিশ্বাসের বাণী আমাদের শরীর মন যেন তৎপরতার সঙ্গে বলতে পারে । 'আমি সব জানি' এই কথা বলবার জন্যে আমাদের ইন্দ্রিয় মন উৎসুক হয় তো হোক, কিন্তু তার পরেও চরমের কথা 'আমি সব পারি' । আজ এই বাণী সমস্ত য়ুরোপের । সে বলে, 'আমি সব পারি, সব পারব ।' তার আপন ক্ষমতাকে শ্রদ্ধা করার অন্ত নেই । এই শ্রদ্ধার দ্বারা সে নির্ভীক হয়েছে, জলে স্থলে আকাশে সে জয়ী হয়েছে । আমরা দৈবের দিকে তাকিয়ে আছি, সেইজন্যে বহু শতাব্দী ধরে আমরা দৈবকর্তৃক প্রবঞ্চিত ।

সুইডেনের বিখ্যাত ভূপর্যটক স্বেন হেডিনের ভ্রমণবৃত্তান্ত অনেক দিন পরে আবার আমি পড়েছিলুম । এশিয়ার দুর্গম মরুপ্রদেশে আবহতত্ত্ব পর্যবেক্ষণের উপায় করবার জন্যে তিনি দুঃসাধ্য অধ্যবসায়ে প্রবৃত্ত হয়েছিলেন । এই অধ্যবসায়ের

মূলমন্ত্র হচ্ছে, 'আমি সব জানব, সব পারব।' এই পারবার শক্তি বলতে কী বোঝায় সে তাঁর বই পড়লে বোঝা যায়। আমরা কথায় কথায় ওদের বলে থাকি বস্তুতান্ত্রিক! আত্মার শক্তি যার এত প্রবল যে জ্ঞান-অর্জনের জন্যে সে প্রাণকে তুচ্ছ করে, যার কিছুতে ভয় নেই, সাংঘাতিক বাধাকে যে স্বীকার করে না, দুঃসহ কৃচ্ছ্রসাধনে যাকে পরাস্ত করতে পারে না — প্রাণপণ সাধনা এমন-কিছুর জন্যে যা আর্থিক নয়, জীবিকার পক্ষে যা অত্যাবশ্যক নয়, বরং বিপরীত — তাকে বলব বস্তুতান্ত্রিক! আর, সে কথা বলবে আমাদের মতো দুর্বল-আত্মা!

'আমরা সব-কিছু পারব' এই কথা সত্য ক'রে বলবার শিক্ষাই আত্মাবমাননা থেকে আমাদের দেশকে পরিত্রাণ করতে পারে, এ কথা ভুললে চলবে না। আমাদের বিদ্যালয়ে সকল কর্মে সকল ইন্দ্রিয়মনের তৎপরতা প্রথম হতেই অনুশীলিত হোক, এইটেই শিক্ষাসাধনার গুরুতর কর্তব্য বলে মনে করতে হবে। জানি এর প্রধান অন্তরায় অভিভাবক; পড়া মুখস্থ করতে করতে জীবনীশক্তি মননশক্তি

কর্মশক্তি সমস্ত যতই কৃশ হতে থাকে তাতে বাধা দিতে গেলে তাঁরা উদ্বিগ্ন হয়ে ওঠেন। কিন্তু মুখস্থ বিদ্যার চাপে এই-সব চির-পঙ্গু মানুষের অকর্মণ্যতার বোঝা দেশ বহন করবে কী ক'রে? উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। আমাদের শিক্ষালয়ে নবীন প্রাণের মধ্যে অক্লান্ত উদ্যোগিতার হাওয়া বয়েছে যদি দেখতে পাই তা হলেই বুঝব, দেশে লক্ষ্মীর আমন্ত্রণ সফল হতে চলল। এই আমন্ত্রণ ইকনমিক্সে ডিগ্রি নেওয়ায় নয়; চরিত্রকে বলিষ্ঠ কর্মিষ্ঠ করায়, সকল অবস্থার জন্যে নিজেকে নিপুণভাবে প্রস্তুত করায়, নিরলস আত্মশক্তির উপর নির্ভর ক'রে কর্মানুষ্ঠানের দায়িত্ব সাধনা করায়। অর্থাৎ কেবল পাণ্ডিত্যচর্চায় নয়, পৌরুষচর্চায়। সাধারণ ইস্কুলে এই সাধনার সুযোগ নেই, আমাদের আশ্রমে আছে। এখানে নানা বিভাগে নানা কর্ম চলছে, তার মধ্যে শক্তি প্রয়োগ করাতে পারে এমন ব্যবস্থা থাকা চাই।

এই কৃতিত্বশিক্ষা অত্যাবশ্যক হলেও এই-যে যথেষ্ট নয় সে কথা মানতে হবে। আমেরিকান লেখক এই কথাটারই আলোচনা করেছেন। তিনি বলেন, আধুনিক

শিক্ষা থেকে একটা জিনিষ কেমন করে স্খলিত হয়ে পড়েছে, সে হচ্ছে সংস্কৃতি। চিত্তের ঐশ্বর্যকে অবজ্ঞা ক'রে আমরা জীবনযাত্রার সিদ্ধিলাভকেই একমাত্র প্রাধান্য দিয়েছি। কিন্তু সংস্কৃতিকে বাদ দিয়ে এই সিদ্ধিলাভ কি কখনো যথার্থভাবে সম্পূর্ণ হতে পারে?

সংস্কৃতি সমগ্র মানুষের চিত্তবৃত্তিকে গভীরতর স্তর থেকে সফল করতে থাকে। তার প্রভাবে মানুষ অন্তর থেকে স্বতই সর্বাঙ্গীন সার্থকতা লাভ করে। তার প্রভাবে নিষ্কাম জ্ঞানার্জনের অনুরাগ এবং নিঃস্বার্থ কর্মানুষ্ঠানের উৎসাহ স্বাভাবিক হয়ে ওঠে। যথার্থ সংস্কৃতি জড়ভাবে প্রথাপালনের চেয়ে অকৃত্রিম সৌজন্যকে বড়ো মূল্য দিয়ে থাকে। মানুষের সঙ্গে ব্যবহারে কাজ উদ্ধার করবার উপযোগী বিনয়কৌশল তার অনুশাসন নয়; সংস্কৃতিবান্ মানুষ নিজের ক্ষতি করতে পারে, কিন্তু নিজেকে হেয় করতে পারে না। সে আড়ম্বর পূর্বক নিজেকে প্রচার করতে বা স্বার্থপরভাবে সবাইকে ঠেলে নিজেকে অগ্রসর করতে লজ্জা বোধ করে। যা-কিছু ইতর বা কপট তার গ্লানি তাকে বেদনা দেয়। শিল্পে সাহিত্যে মানুষের ইতিহাসে যা-কিছু

শ্রেষ্ঠ তার সঙ্গে আন্তরিক পরিচয় থাকাতে সকল প্রকার শ্রেষ্ঠতাকে সম্মান করতে সে আনন্দ পায়। সে বিচার করতে পারে, ক্ষমা করতে পারে, মতবিরোধের বাধা ভেদ ক'রেও যেখানে যেটুকু ভালো আছে সে তা দেখতে পায়, অন্যের সফলতাকে ঈর্ষা করাকে সে নিজের লাঘব বলেই জানে।

সমগ্র মনুষ্যত্বের স্বকীয় আদর্শ প্রত্যেক বড়ো সমাজেই আছে। সেই আদর্শ কেবল পাঠাগারে নয়, পরিবারের মধ্যেও। আমাদের দেশে বর্তমান দুর্গতির দিনে সেই আদর্শ দুর্বল হয়ে গেছে, তার শোচনীয় দৃষ্টান্ত প্রতিদিন দেখতে পাই। তাই বীভৎস কুৎসা আমাদের দেশে আয়জনক পণ্যদ্রব্য হয়ে উঠেছে। তারস্বরে নিন্দা বিস্তার করে বাতাসকে বিষাক্ত করার অপরাধকে আমরা গ্রাহ্যই করি নে; একটু উপলক্ষ্য ঘটবা-মাত্র এই বীভৎসতাকে উদ্ভাবিত করার ও প্রশ্রয় দেবার লোক দলে দলে ভিড় করে আসে, ইতর হিংস্রতায় সমস্ত দেশ মারীগ্রস্ত হয়ে ওঠে। তীক্ষ্ণ মেধার গুণে আমরা পড়া মুখস্থ করি, বি. এ. এম. এ. পাস করি, কিন্তু আত্মলাঘবকারী পরস্পরের সৌভাগ্যবিদ্বেষী

নিন্দালোলুপ যে চরিত্রদৈন্য শুভকর্মে পরস্পর মিলিত হবার পথে পথে সচেষ্টভাবে কাঁটার বীজ বপন করে চলেছে, সকল প্রকার সদনুষ্ঠানকে জীর্ণ বিদীর্ণ করে দেবার জন্যে মহোল্লাসে উঠে পড়ে লেগেছে, সে কেবল সংস্কৃতির অভাবে মনুষ্যত্বের আদর্শ ক্ষুণ্ণ হয়েছে বলেই সম্ভব হল। সকল কর্মানুষ্ঠানে উৎসাহ-পূর্বক নিজেদের অকৃতার্থ করে আজ বাঙালি সমস্ত পৃথিবীর কাছে অশ্রদ্ধেয় হয়ে উঠল। শিশুকাল থেকে এই ইতরতার বিষবীজ শিকার ভিতর দিয়ে উন্মূলিত করা আমাদের বিদ্যালয়ের সর্বপ্রধান লক্ষ্য হোক, এই আমি একান্ত মনে কামনা করি। এর একমাত্র উপায় হচ্ছে পরীক্ষা-পাসের জন্যে পড়া মুখস্থ করা নয়, মানুষের ইতিহাসে যা-কিছু ভালো তার সঙ্গে আনন্দ-ময় পরিচয়সাধন করিয়ে তার প্রতি শ্রদ্ধা অনুভব করবার সুযোগ সর্বদা ঘটিয়ে দেওয়া। একদা আশ্রমে আমার কবিসহযোগী সতীশ রায় এই কাজ করতেন এবং তার-একজন সহযোগী ছিলেন অজিত চক্রবর্তী। তেমন শিক্ষক নি:সন্দেহ এখনও আমাদের মধ্যে আছেন, কিন্তু রক্তপিপাসু পরীক্ষাদানবের কাছে শিশুদের মন বলি দিতে তাঁদের এত

অত্যন্ত ব্যস্ত থাকতে হয় যে শিক্ষার উপরের তলায় ওঠবার সময় থাকে না ।

আমেরিকান লেখক সংস্কৃতির এই ফলশ্রুতি বর্ণনা করেছেন ; তিনি বলেন , সংস্কৃতির প্রভাবে চিত্তের সেই ঔদার্য ঘটে যাতে ক'রে অন্তঃকরণে শান্তি আসে , আপনার প্রতি শ্রদ্ধা আসে এবং মনে মৈত্রী – তাদের সঞ্চার হয়ে জীবনের প্রত্যেক অবস্থাকেই কল্যাণময় করে ।

একদিন দেখেছিলেম , শান্তিনিকেতনের পথে গোরুর গাড়ির চাকা কাদায় বসে গিয়েছিল , আমাদের ছাত্রা সকলে মিলে ঠেলে গাড়ি উদ্ধার করে দিলে । সেদিন কোনো অভ্যাগত আশ্রমে যখন উপস্থিত হলেন তাঁর মোট বয়ে আনবার কুলি ছিল না , আমাদের কোনো তরুণ ছাত্র অসংকোচে তাঁর বোঝা পিঠে করে নিয়ে যথাস্থানে এনে পৌঁছিয়ে দিয়েছিল । অপরিচিত অতিথিমাত্রের সেবা ও আনুকূল্য তারা কর্তব্য বলে জ্ঞান করত । সেদিন তারা আশ্রমের পথ নির্মাণ করেছে , গর্ত বুজিয়ে দিয়েছে । এ – সমস্তই তাদের সতর্ক ও বলিষ্ঠ সৌজন্যের অঙ্গ ছিল , বইয়ের পাতা অতিক্রম করে তাদের শিক্ষার মধ্যে সংস্কৃতি

প্রবেশ করেছিল। সেই-সব ছেলেদের প্রত্যেককে তখন আমি জানতেম; তার পরে অনেক দিন তাদের অনেককে দেখি নি। আশা করি, তারা নিশ্পাবিলাসী নয়, পরশ্রীকাতর নয়; কর্মকে সাহায্য করতে তারা তৎপর এবং ভালোকে তারা ঠিকমত যাচাই করতে জানে।

(রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিক্ষা' হইতে প্রবন্ধটি গৃহীত)

Notes

ভয় করত না	was not afraid
উদ্ধার করে দিলে	rescued, recovered
সংস্কৃতি অভাবে	due to the lack of culture
মিলিত হবার পথে	on the way of getting together
উপরের তলায়	upper story
উঠে পড়ে লেগেছে	has set in all earnest
স্খলিত হয়ে পড়েছে	has been detached
সম্পূর্ণ হতে পারে	can (it) be complete?
সফল করতে থাকে	makes [it] fruitful
মনে করতে হবে	has to be considered
তাকে বেদনা দেয়	pains him
চরিত্রকে বলিষ্ঠ কর্মিষ্ঠ করায়	in building active and strong character
কর্ম চলছে	work is being done
আলোচনা করেছেন	has discussed
কথা আছে	it is said
স্মরণ করিয়ে রেখেছিলুম	I kept (them) reminded

স্বীকার করে না	(lit.) does not admit; does not bow down
আমরা বলে থাকি	(we) describe, (we) say
বলা যায়	it can be said
জুটে গেলে	are procured; if you get
এই কথা সত্য করে বলা	to say this truly (honestly)
এ কথা ভুললে চলবে না	we cannot forget it
সেই হাট গেছে ভেঙে	that system has broken down
স্থান দেওয়া চাই	place has to be given
লজ্জা করত না	was not ashamed of
চলেছিল বাইসিক্‌ল চড়ে	was riding a bicycle
কাত হয়ে পড়েছে	has fallen apart, has broken down, is completely wrecked
কী নিয়ে	with what
কমাতে চাই নে	do not want to reduce
এত কাল ধরে	for so long, for such a long time
শক্তস্য ভূষণং ক্ষমা	Forgiveness is the ornament of the strong.

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মী	Only enterprising men get Laksmi. Laksmi is the goddess of wealth. To get Laksmi connotes to get wealth.
আমাদের শিক্ষালয়ে নবীন প্রাণের মধ্যে অক্লান্ত উদ্যোগিতার হাওয়া বয়েছে যদি দেখতে পাই, তা হলেই বুঝব, দেশে লক্ষ্মীর আমন্ত্রণ সফল হতে চলল	(lit.) If I see that the air of enthusiasm is blowing through the young mind in our school, then I will understand that the invitation of Laksmi is going to be a success in our country. If I can notice enthusiasm in the young people in our school, then I shall infer we will have material prosperity in our country.
কাঁটার বীজ বপন করে চলেছে	(lit.) is planting the seeds of thorn; is planting the seeds of discord
পরীক্ষাদানবের কাছে শিশুদের মন বলি দিতে তাঁদের এত অত্যন্ত ব্যস্ত থাকতে হয় যে শিক্ষার উপরের তলায় উঠবার সময় থাকে না	(lit.) They have to remain too busy in sacrificing the mind of the children to the demon of examination to get time to go up to the higher story of education.
কাদায় বসে গিয়েছিল	was stuck in the mud

GLOSSARY

অকর্মণ্যতা	worthlessness
অকিঞ্চনতা	poverty insufficiency
অকৃতার্থ	disappointed unsuccessful
অকৃত্রিম	not-artificial genuine
অক্লান্ত	untiring
অক্ষত	unblemished intact unhurt
অক্ষম	incapable
অক্ষাংশ লাইন	latitudinal line
অক্ষুণ্ণ	intact unaffected unimpaired
অক্ষুণ্ণ রাখা	to keep intact to keep unaffected
অখণ্ড	total complete whole undivided integral
অগ্রগতি	progress

অগ্রগামী	the advanced one
অগ্রসর করা	to advance
অগ্রাহ্য	neglect reject overlook
অগ্রাহ্য করা	to dismiss to reject to look down upon to neglect
অঙ্কুর	origin
অঙ্কুরিত হওয়া	to sprout
অঙ্কুর প্রাপ্ত হওয়া	to originate
অঙ্গ	part body parts of the body
অঙ্গাঙ্গী	intimate co-ordinate
অঙ্গাঙ্গীভাবে	in a coordinated way
অঙ্গী	one who has a body chief
অঙ্গীভূত	included
অঙ্গে	in the parts of the body
অচল	unusable un-reparable broken immobile inanimate

অচিরে	in no time soon
অজ্ঞতা	ignorance
অজ্ঞতাপ্রসূত	born of ignorance
অজ্ঞান	ignorance
অজ্ঞানাবস্থায়	in a state of ignorance
অটুট	intact
অতএব	so, therefore hence
অতি	very
অতিকায়	huge
অতিক্রম করা	to cross
অতিথি	guest
অতিপ্রাকৃতত্ব	supernaturalism
অতিশয়	extremely
অতীত	past
অতীত কাল	past
অত্যধিক	very much too much great large

অত্যন্ত	great much very too
অত্যাচার	torture oppression injustice
অত্যাচারিত হওয়া	to be oppressed
অত্যাচারী	oppressive one who tortures
অত্যাবশ্যক	very essential
অত্যুচ্চ	very high
অথচ	yet
অথবা	or
অদৃষ্ট	fate destiny
অদৃষ্টবাদ	fatalism
অদ্য	today
অদ্বৈত	unique who has no second
অদ্বৈত – সাধকমণ্ডলী	worshippers of one God
অদ্ভুত	extra-ordinary wonderful

অধর্ম	irreligious act(s)
অধিক	much large
অধিক	moreover
অধিকার	rights possession authority
অধিকার থাকা	to have rights
অধিকারী	a title of a Hindu) (lil)-owner one who possesses
অধিকারী হওয়া	to be an owner
অধিকাংশ	most
অধিবাসীরা	inhabitants
অধীন	under the jurisdiction under the rule subject
অধীনস্থ	subordinate
অধীনে	under the supervision of
অধ্যবসায়	perseverance persistence
অধ্যুষিত	inhabited

অধ্যাপক	professor
অধ্যায়	chapter
অধ্যায়গুলি	chapters
অনন্ত	eternal endless
অনন্তকাল	eternity (lit) endless time
অনাত্ম	impersonal
অনার্য	Non-Aryan
অনিচ্ছায়	unwillingly
অনিত্য	mortal temporary
অনিশ্চয়তা	uncertainty
অনুকরণ করা	to imitate
অনুচর	follower
অনুজ্ঞা	order injunction
অনুন্নত	undeveloped
অনুপ্রাণিত করা	to inspire

অনুবর্তী হইয়া থাকা	(lit) to be in the following of to follow to be a follower
অনুবর্তী হওয়া	to follow
অনুমতি	permission
অনুমান	supposedly it is guessed
অনুমান করা	to infer to guess to imagine
অনুমান হয়	it is inferred it appears
অনুযায়ী	conforming to according to
অনুরাগ	devotion love
অনুরাগিনী	devoted (fem) a female devotee
অনুরাগী	one who is devoted
অনুশাসন	instruction
অনুশীলিত	cultivated
অনুষ্ঠান	rites function ceremony
অনুষ্ঠিত হওয়া	to be performed

অনুসন্ধান	findings enquiry search
অনুসন্ধান করা	to investigate
অনুসন্ধানকারীরা	investigators commissioners
অনুসরণ করা	to follow to emulate
অনুসারী	following follower
অনুসারে	according to
অনেক	many very great
অনেককে	many persons
অনেকক্ষণ	a long time
অনেকটা	much a good part to a great extent
অনেকে	many
অনেকের	of many
অনেকদিন	many days
অঞ্চল	region

অন্ত	end
অন্তত	at least at any rate
অন্তর	heart soul
অন্তরায়	hindrance obstacle
অন্তরালে	behind
অন্তর্গত	included within
অন্তর্গত থাকা	to be included
অন্তর্দৃষ্টি	insight
অন্তর্হিত হওয়া	to disappear
অন্তঃকরণ	heart mind
অন্তঃসলিলা	subterranean [river]
অনাভাবে	in need of subsistence (or food)
অন্বেষণ করা	to look for
অন্বেষণ	search
অন্য	other

অন্য কোন	any other
অন্য কোনও	any other
অন্যতম	(is) one of them
অন্যত্র	elsewhere
অন্যদিকে	on the other hand (side)
অন্যরূপ	different something else
অন্যান্য	other
অন্যায়	injustice
অপভ্রংশ	improper language derived language
অপমান	dishonor
অপর	other another
অপরদিকে	on the other side on the other hand
অপরাধ	offence fault
অপরাপর	other
অপরিচিত	unacquainted unknown

অপরিস্ফুট	indistinct
অপরূপ	wonderful
অপর্যাপ্ত	abundant
অপহরণ	abduction
অপূর্ব্ব	unseen unprecedented remarkable wonderful extraordinary
অপূর্ব্বশ্রী	remarkable vigor
অপেক্ষা	compared to in comparison with than
অপেক্ষা	waiting
অপেক্ষা করা	to wait
অপেক্ষাকৃত	comparatively
অপ্রকৃতিস্থ	unbalanced
অপ্রচলিত হইয়াছিল	became extinct became non-prevalent
অবকাশ	scope
অবজ্ঞা করা	to neglect
অবতার	incarnation

অবতারলীলা	play of the gods
অবনী	Abani, name of a village
অবরুদ্ধ	is shut up is confined is besieged
অবরুদ্ধ হওয়া	to be closed to be obstructed
অবলম্বন	means resort holding
অবলম্বন করা	to adopt to take hold of to take up to hold
অবশিষ্ট	remaining
অবশিষ্টাংশ	the remaining part
অবশেষে	at last
অবশ্য	of course
অবশ্যম্ভাবী	inevitable
অবসর	occasion scope leisure
অবসান	end cessation

অবস্থা	situation condition state
অবস্থাবিশেষে	according to condition
অবস্থিত থাকা	to be situated
অবিচার	injustice
অবিদ্যা	absence of learning illusion ignorance
অবিবাহিতা	unmarried
অভাগিনী	unfortunate (fem)
অভাব	need want
অভাবগুলি	needs
অভিজাতেরা	the aristocracy
অভিজ্ঞতা	experience
অভিনয় করা	to play to act to pretend
অভিব্যক্তি	expression exposition manifestation
অভিভাবক	guardian

অভিভূত করা	to overwhelm to overthrow
অভিশপ্ত	cursed
অভেদ	similarity identity
অভেদ – অবস্থায়	in a state of unity
অভেদ আত্মজ্ঞান	knowledge of self based on the basic unity of the universe
অভেদজ্ঞান	sense of unity
অভ্যন্তর	interior
অভ্যন্তরে	within
অভ্যাগত	guest
অভ্যাস	habit
অভ্যাস করা	to learn to practice
অভ্যুত্থান	rise
অভ্যুদয়	beginning emergence rise
অভ্যুদয় হওয়া	to appear
অমনি	then and there

অমরাবতী	Amarabati, name of a district in C.P.
অমূল্য	priceless
অমৃত	immortal
অম্লান	cheerful not pale
অম্লান বদনে	unhesitatingly
অরণ্য	forest
অরবিন্দ	Sri Aravindo Ghosh (1872-1950) Indian revolutionary, philosopher
অর্জন করা	to earn
অর্থ	meaning implication
অর্থ	money finance
অর্থনীতি	economic system economics
অর্থনীতিক	economic
অর্থনৈতিক	economic
অর্থব্যয় করা	to spend money to incur expenditure
অর্থহীন	meaningless without a purpose

অর্থাৎ	that is this means
অর্থে	on account of for on behalf of à la as it is in ...
অর্দ্ধ - গোলামিত্ব	semi-serfdom
অর্দ্ধেক	half
অর্দ্ধেকের উপর	more than half
অর্দ্ধেকের কম	less than half
অলকানন্দা	Alakananda, a tributary of the Ganges
অলীক	unreal
অল্প	little short
অল্পদিন	few days
অল্পবয়স্ক	young
অল্পায়ু	short-lived with a short life
অশ্রদ্ধেয়	disreputable
অষ্ট্রি	Austric
অষ্ট্রিক	Austric

অষ্ট্রেলিয়া	Australia
অসম্মান	dishonor
অসমতা	inequality
অসম্ভব	impossible
অসহযোগ	non cooperation (the movement of not cooperating with the government of British India--initiated by Mahatma Gandhi)
অসংকোচে	without hesitation unhesitatingly
অসংখ্য	numerous innumerable
অসাধ্য	impossible
অস্তিত্ব	existence
অস্থায়ী	temporary
অস্থায়ীভাবে	as temporary temporarily
অস্থি	bone
অস্থি মজ্জা	marrow of the bones
অস্থি মজ্জাগত	(lit) [was] in the marrow of the bones [was] the basis

অস্থি মজ্জায়	in the marrow of the bones
অস্থি মজ্জায় প্রবেশ করিয়াছে	has deeply imbibed (lit) has entered into the marrow of the bones
অস্বীকার করা	to deny
অহঙ্কার	pride
অহঙ্কার করা	to pride
অহং	self
অহং জ্ঞান	self-knowledge selfish motive
অহংজ্ঞানমূলক	having an origin in selfish motive (lit) having an origin in self knowledge
অহংবুদ্ধি	self-knowledge
অহিন্দু	non-Hindu
অংশ	parts
অংশবিশেষ	particular section
অংশাংশী	part by part
অংশী	partner

আইন	law system custom rule
আইন – আকবরী	AIN-AKBARI, a book about the legal and administrative system under Akbar, the Mughal emperor the legal system under Akbar
আইন – বিভাগ	law-department
আইন – বিভাগীয়	belonging to the law department
আইন বিষয়ে	matters concerning law
আইন – ব্যবসায়ী	lawyer advocate
আইন – সম্বন্ধীয়	pertaining to law
আউলিয়া	saint
আওয়াজ	(lit) sound voice
আংশিকভাবে	partly
আকবর	Akbar, the great Mughal emperor
আকর	repository
আকর্ষণ	attraction temptation
আকাঙ্ক্ষা	wish desire

আকার	form appearance shape size
আকাশ	sky air
আকৃষ্ট হওয়া	to be attracted
আক্রমণ	attack
আগন্তুক	incidental adventitious stranger new-comer
আগমন	coming
আগমনে	due to the coming
আগুয়ান হওয়া	to proceed to go forward
আগে	first before
আগেকার	former
আগ্রা	Agra, name of a city in India
আঘাত	blow
আঘাত করা	to strike a blow
আচরণ	behavior

আচরিত	practiced followed
আচার	practice rule of conduct
আচ্ছন্ন করা	to overwhelm
আচ্ছা	well
আচ্ছাদন	covering
আচ্ছাদন করা	to cover
আছে	there are there is has
আজ	today, now
আজও	even today
আজকাল	at present now nowadays
আজমীর	Azmeer
আজিমগড়	Azimgarh, name of a place in India
আজ্ঞাবহতা	obedience
আট	eight
আটকান	to stop

আটকাইল	stopped
আড়ম্বর	pomp and grandeur
আড়ম্বর পূর্বক	with pomp and grandeur
আতঙ্ক	panic
আতঙ্ক উপস্থিত হওয়া	to be panicked
আতঙ্ক হওয়া	to be panicked
আত্ম	self
আত্মবিকাশ	self-development self-manifestation
আত্মবিশ্বাস	self-confidence self-reliance
আত্মরক্ষা	self-preservation self-protection
আত্মরক্ষা করা	to protect oneself
আত্মলাঘবকারী	self-humiliating
আত্মশক্তি	inherent moral strength (of one's own)
আত্মসংযম	self control
আত্মসাৎ করা	to bring under one's own control
আত্মস্থ	self-composed normal

আত্মস্থ হওয়া	to be self-possessed to be free of other (undersirable and self-destructive) influences
আত্মস্থ করা	to include (in oneself)
আত্মা	soul spirit self
আত্মাবমাননা	self-disgrace disgrace of the soul
আত্মোৎসর্গ	to sacrifice oneself
আদর	(lit) affection, care value esteem, honor
আদর করা	to honor to hold in affection
আদর্শ	ideal prototype specimen mirror
আদর্শভূত	(lit) included in the ideal exemplary
আদর্শরূপে	as the ideal
আদায়	the collection the income
আদায় করা	to collect
আদালত	court

আদি	**first, original**
আদিগুরু	**forerunner**
আদিতে	**in the beginning**
আদিম	**original**
আদৌ	**not at all**
আধার	**repository** **reservoir**
আধিপত্য	**supremacy** **authority**
আধুনিক	**modern**
আধ্যাত্মিক	**spiritual**
আনন্দ	**pleasure** **delight**
আনন্দ উপভোগ করা	**to enjoy** **to have a good time**
আনন্দ হওয়া	**to be glad**
আনন্দচিত্তে	**gladly,** **with joy** **(lit) in cheerful heart**
আনন্দময়	**joyous** **joyful**

আনন্দলাভ করা	to get pleasure
আনন্দে	with delight
আনয়ন করিত	used to being
আনা	to bring
আনিতে পারা	to be able to bring
আনিতে হয়	has to bring
আনুকূল্য	help
আনুষঙ্গিক	accompanying
আন্তরিক	sincere
আন্দোলন	movement
আপত্তি করা	to object
আপন	own native
আপনাকে	himself
আপনাদিগকে	themselves
আপনাদের	of their own
আপনার	own
আপনারা	you (honorific pl.)

আপনিই	naturally
আপোস করিয়া লওয়া	to make (a) compromise
আফ্রিকা	Africa
আবদ্ধ	bound connected related tied
আবদ্ধ থাকা	to be tied to be limited
আবদ্ধ হওয়া	to be bound
আবদ্ধাবস্থা	tied condition
আবর্জনা	rubbish (lit) useless thing [rituals, practices]
আবশ্যক	necessary
আবশ্যক হওয়া	to be necessary
আবহাওয়া	environment atmosphere
আবহতত্ত্ব	(lit) meteorology weather
আবার	again
আবাল	children
আবাল – বৃদ্ধ – বনিতা	(lit) children, old women i.e. one and all

আবিষ্কার	discovery exploration invention
আবিষ্কার করা	to discover invent etc.
আবিষ্ট করা	to absorb
আবুল ফজল	Abul Fazal (1551-1602), scholar, historian, and courtier
আভাস	hint
আমদানী করা	to import to bring
আমদানী – রপ্তানী	import and export
আমদানী হওয়া	to be imported to be brought
আমন্ত্রণ	invitation
আমরা	we
আমল গুজার	administrative officer
আমলাতন্ত্র	bureaucracy
আমলে	during the reign
আমাকে	me
আমাদের	our

আমার	my
আমি	I
আমীর	nobleman
আমেরিকা	America U.S.A.
আমেরিকান	American
আয়	income produce
আয়জনক	(lit) income-earning salable paying
আয়তন	extent dimension volume
আয়ু	life
আর	and moreover else
আর একটি	another one more
আর কোনও না	no one
আরও	more
আরম্ভ	beginning

আরম্ভ করা	to begin
আরম্ভ করিয়া	beginning
আরম্ভ হওয়া	to begin
আরশি	mirror
আরাধনা	worship
আরাধনা করা	to worship
আরো	more
আর্থিক	financial economic
আর্য্য	Aryan master lord
আর্য – অনার্য	Aryan, non-Aryan
আর্য – ভাষা	Aryan language
আর্য – ভাষী	one who speaks Aryan language
আর্যত্ব	status of an Aryan
আর্যবংশীয়	born of the Aryan race

আর্যসমাজ	the Aryan society
আর্য্যাবর্ত্ত	land of the Aryans
আর্য্যাবর্ত্তভূমি	land of the Aryans
আর্য্যাবর্ত্তভূমিতে	in the Land of the Aryans, which lies between the Himalayas and the Vindhya mountains, i.e., Northern India
আর্যীকরণ	Aryanization
আল – বহরেণ	the two seas
আলবান	Alban, a place in Punjab
আলমোড়া	Almorah, name of a district
আলিঙ্গন করা	to embrace
আলোক – পাত	(lit) throwing of light enlightenment
আলোচনা	discussion
আলোচনা করা	to discuss
আলোচিত হওয়া	to be discussed
আলোড়ন	stirring, agitation
আশা	hope
আশীর্ব্বাদ	blessings

আশীর্ব্বাদ করা	to bless
আশ্চর্য্য	wonderful amazing astonishing
আশ্চর্য্যান্বিত হওয়া	to be surprised
আশ্বাস	assurance consolation encouragement
আশ্বাস দেওয়া	to console to encourage
আশ্রম	(lit) hermitage Author is referring to the school he established at Santiniketan. This has its roots in the orders of life in Hindu philosophy.
আশ্রম	stage of Hindu life
আশ্রয়	refuge resort
আশ্রয় করা	to take resort to to take refuge
আসন্ন	near
আসন্ন – মৃত্যু	about to die
আসবাব	appliances
আসবাবপত্র	furniture external decoration

আসবাবপত্রাদি	furniture
আসলে	in reality
আসাম	Asam, a province in India
আসিয়া উপনীত হওয়া	to arrive
আসিয়া উপস্থিত হওয়া	to come to appear
আসিয়া জুটা	to assemble
আসিয়া থাকে	(lit) come are brought
আসিয়া পড়া	to come
আসিয়া পৌঁছা	to reach
আস্পর্দ্ধা	audacity
আহার্য্য	food
ই	
ইউরোপীয়	European
ইকনমিকস্	economics
ইচ্ছা	(n.) wish will
ইচ্ছা থাকা	(lit) to have the will to will

ইচ্ছাশক্তি	willpower
ইচ্ছাশক্তি বলে	by means of willpower with willpower
ইট	brick
ইতর	mean base vulgar
ইতরতা	meanness vulgarity
ইতিপূর্বে	formerly before this
ইতিমধ্যে	in the meantime
ইতিহাস	history
ইতিহাসপ্রসিদ্ধ	well known in history famous
ইত্যাদি	etcetera
ইদানীন্তন	recent immediate
ইঞ্জিন্যার	engineer
ইন্দ্রিয়	sense organ
ইন্দ্রিয়মন	sense and mind
ইষ্টানিষ্ট	good and bad

ইস্লাম	Islam
ইস্লাম – প্রচার	spread of Islam
ইস্লামীয়	Muslim pertaining to Islam pertaining to the people who profess faith in Islam Islamic
ইস্কুল	school
ইহকাল	this world
ইহলোক	this world
ইহা	this
ইহাই	only this exactly this
ইহাতে	at this in it
ইহাদের	of them their them they
ইহার	for it of it
ইহারা	they
ইংরাজ	the English

ইংরেজ	English
ইংরেজি	the English language
ইংরেজিতে	in English
ঈ	
ঈর্ষা করা	to be jealous
উ	
উক্ত	said aforementioned
উচিত	proper right should
উচ্চ	lofty high
উচ্চতম	highest
উচ্চপদ	highly placed
উচ্ছেদ করা	to eject
উচ্ছলা	overflowing
উচ্ছৃঙ্খলা	lack of orderliness disorderliness
উট	camel
উঠে পড়ে লাগা	to set in earnest

উড়াইয়া দেওয়া	to dismiss (as nothing) (lit) to let it fly away with the wind
উৎকর্ষ	improvement
উৎকর্ষ – সাধন	improvement
উৎকোচ	bribe
উৎকোচ গ্রহণ করা	to accept bribe
উৎপত্তি	origin
উৎপত্তি হওয়া	to originate
উৎপন্ন হওয়া	to be produced
উৎপাত	oppression
উৎপাত করা	to create trouble
উৎপাদন	production
উৎপাদন করা	to produce
উৎপাদনশীল	productive
উৎপীড়ন	torture
উৎসাহ	zeal
উৎসাহপূর্বক	eagerly
উৎসুক	eager desirous

উত্তর	north
উত্তর – পশ্চিম	northwest
উত্তর – পশ্চিমাঞ্চল	northwest region
উদগ্রীব	eager
উদগ্রীব হওয়া	to be eager
উদ্বিগ্ন হওয়া	to be purturbed
উদ্ভূত	sprung arose
উদয় হওয়া	to rise to appear
উদার	noble
উদারতর	nobler
উদাসীন	indifferent
উদ্দেশে	to
উদ্দেশ্য	motto purpose aim mission goal
উদ্ধার করা	to rescue to recover
উদ্ধৃত করা	to quote

উদ্ভব হওয়া	to be developed to be invented
উদ্ভাবিত করা	to originate to generate
উদ্ভাসিত হওয়া	to be enlightened
উদ্ভূত হওয়া	to arise to spring up
উদ্যোগিতা	enthusiasm enterprise
উন্মূলিত করা	to pluck out
উন্নতি	improvement advancement progress prosperity development
উন্নতি বিধান	development
উন্নতি – বিধান	provision for improvement provision for advancement
উন্নতি – বিধান করা	to provide for the improvement to improve
উন্নতি লাভ করা	to improve
উন্নতি হওয়া	to be developed to prosper to progress

উন্মত্তপ্রায়	frantic almost madto madden
উন্মত্তপ্রায় করা	to madden to make (them) mad
উন্মত্তপ্রায় করিয়া তোলা	to make them almost mad (in excitement)
উপকরণ	apparatus paraphernalia
উপকরণবান	(lit) flooded with paraphernalia materially-oriented
উপকার	benefit good
উপত্যকা	valley
উপদেশ দেওয়া	to advise
উপদেষ্টা	advisors
উপনিবিষ্ট	newly settled
উপনিবেশ	settlement
উপনীত হওয়া	to arrive
উপযোগী	suitable useful befitting
উপর	on upon up

উপরে	above
উপরের দিকে	upwards
উপরোক্ত	abovementioned
উপলক্ষ্য	occasion pretext
উপলব্ধি	understanding
উপলব্ধি করা	to realize to feel
উপলব্ধি হওয়া	to have the understanding
উপস্থিত	present
উপস্থিত করা	to make present, to introduce to present
উপস্থিত কালে	at present
উপস্থিত হওয়া	to come to appear
উপাখ্যান	story
উপায়	way means
উপাসক	worshipper

উপেক্ষা করা	to overlook to neglect
উপেক্ষিত	neglected
উভয়	both
উভয়ে	both
উম্বংগুয়াডা	Umbonguada, name of a village
উঁরাও	Urao, a branch of Non-Aryans in India
উর্দু	Urdu
উলঙ্গ	unclad
উল্লঙ্ঘন করা	to cross to overstep
উল্লেখ আছে	there is mention
উল্লেখ করা	to mention
উহা	those that
ঊ	
ঊনবিংশ	nineteenth
১৯২১ , উনিশ শ' একুশ	1921
১৯ , উনিশ	nineteen 19

ঋ	
ঋগ্বেদ	one of the four Vedas
ঋজু	straight
ঋতু	season
এ	
এ	this
এই	this
এইজন্য	because of this for this
এইজন্যই	for this very reason
এইরূপ	such
এইসব	these
এক	one certain single first unity
এক এবং বহু	one and many unity and diversity
একই	same
এককথায়	in one word summarily in short

একজন	one
একটি ,	a one
একটা	one
একটু	a little a while
একতা	unity
একতাসূত্রে আবদ্ধ হওয়া	to be united
একতাসূত্র	bond of unity
একদিকে	on one hand (side)
একদিন	once one day once upon a time
একপ্রকার	in a way almost
একবার	once for once
একেবারে	totally entirely
একমাত্র	only
একরূপ	in a way almost
একশত	one hundred

১২০ , একশত বিশ	120 one hundred and twenty
একসঙ্গে	together
একস্থান	one place
একান্ত মনে	earnestly
একান্ন	fifty-one
একেবারে	altogether
এক্ষণে	now
এখন	now
এখনও	even now still
এখানকার	of this place
এখানে সেখানে	here and there at certain places
এগুলি	these
এত	so so much such
